হে ব্রজজনার্ত্তিনাশন, বীর, নিজজনগর্ব্বখর্ব্বকরহাস্যযুক্ত সখে, আমরা তোমার কিঙ্করী, আমাদিগকে আশ্রয় দাও; আমরা স্ত্রীজাতি, অতএব আমাদিগকে প্রথমে তোমার মনোহর মুখকমল দর্শন করাও ॥ ৬ ॥

প্রণত প্রাণিমাত্রের পাপনাশন, তৃণচর গবাদি পশুকুলের অনুগত, সৌভাগ্যলক্ষ্মীর নিকেতন, কালিয়নাগের ফণায় অর্পিত

মধুরয়া গিরা বল্গুবাক্যয়া
বুধমনোজ্ঞয়া পুষ্করেক্ষণ।
বিধিকরীরিমা বীর মুহ্যতী-
রধরসীধুনাপ্যায়য়স্ব নঃ ॥ ৮ ॥
তব কথামৃতং তপ্তজীবনং
কবিভিরীড়িতং কল্মষাপহম্।

হে পুষ্করেক্ষণ, তবৈব মধুরয়া গিরা, বল্গূনি বাক্যানি যস্যাং তয়া, বুধানাং মনোজ্ঞয়া হৃদ্যয়া গম্ভীরয়া ইত্যর্থঃ, মুহ্যতীরিমা নঃ বিধিকরীঃ কিঙ্করীঃ অধরসীধুনা আপ্যায়য়স্ব সংজীবয়েতি ॥ ৮ ॥

কিঞ্চ অস্মাকং ত্বদ্বিরহে প্রাপ্তমেব মরণং, কিন্তু ত্বৎকথামৃতং পায়য়ন্তিঃ সুকৃতিভি র্রক্ষিতং ইত্যাহুঃ, তবেতি। কথৈবামৃতং, তত্র হেতুঃ, তপ্তজীবনং। প্রসিদ্ধামৃতাদুৎকর্ষমাহুঃ, কবিভির্ব্রহ্মবিদ্ভিরপীড়িতং স্তুতং, দেবভোগ্যং অমৃতঞ্চ তৈস্তুচ্ছীকৃতং। কিঞ্চ কল্মষাপহং কামকর্ম্মনিরসনং, তত্ত্বমৃতং নৈবম্ভূতং। কিঞ্চ শ্রবণমঙ্গলং শ্রবণমাত্রেণ মঙ্গলপ্রদং, তত্ত্বনুষ্ঠানাপেক্ষং। কিঞ্চ শ্রীমৎ সুশান্তং, তত্তু মাদকং। এবম্ভূতং ত্বৎকথামৃতং আততং যথা ভবতি তথা ভুবি যে গৃণন্তি নিরূপয়ন্তি তে জনা ভূরিদা বহুদাতরঃ, জীবিতং দদতীত্যর্থঃ। যদ্বা;—এবম্ভূতং ত্বৎকথামৃতং যে ভুবি গৃণন্তি, তে ভূরিদাঃ, পূর্ব্বজন্মসু বহুদত্তবন্তঃ সুকৃ-

তোমার চরণকমল আমাদিগের স্তনসমূহে অর্পণ করিয়া আমাদিগের হৃদ্গত কামতাপকে ছেদন করিয়া ফেল ॥ ৭ ॥

হে পদ্মপলাশলোচন, বীর, মধুর বুধজনমনোহর মনোহরপদাবলিসমন্বিত তদীয় বাক্য দ্বারা বিমোহিত এই দাসীদিগকে অধরামৃত দ্বারা সংজীবিত কর ॥ ৮ ॥

তাপিত জনের জীবনস্বরূপ জ্ঞানিগণ কর্ত্তৃক স্তুত পাপনাশন শ্রবণমঙ্গল শ্রীযুক্ত তোমার কথামৃত এই ভূমণ্ডলে যাঁহারা

শ্রবণমঙ্গলং শ্রীমদাততং
ভুবি গৃণন্তি যে ভূরিদা জনাঃ ॥ ৯ ॥
প্রহসিতং প্রিয় প্রেমবীক্ষিতং
বিহরণঞ্চ তে ধ্যানমঙ্গলম্।
রহসি সংবিদো যা হৃদিস্পৃশঃ
কুহক নো মনঃ ক্ষোভয়ন্তি হি ॥ ১০ ॥
চলসি যদ্ব্রজাচ্চারয়ন্ পশূন্
নলিনসুন্দরং নাথ তে পদম্।
শিলতৃণাঙ্কুরৈঃ সীদতীতি নঃ
কলিলতাং মনঃ কান্ত গচ্ছতি ॥ ১১ ॥

তিনঃ ইত্যর্থঃ। এতদুক্তং ভবতি, যে কেবলং কথামৃতং গৃণন্তি নিরূপয়ন্তি তেঽপি তাবদতিধন্যাঃ, কিং পুনর্যে ত্বাং পশ্যন্তি, অতঃ প্রার্থয়ামহে, ত্বয়া দৃশ্যতামিতি ॥ ৯ ॥

নন্থ তর্হি মৎকথাশ্রবণেনৈব নিবৃত্তা ভবত, কিং মদ্দর্শনেন, ত্বদ্বিলাসক্ষুভিতচিত্তা বয়ং তত্রাপি শান্তিং ন বিন্দাম ইত্যাহুঃ, প্রহসিতমিতি। হে প্রিয়, কুহক কপট, সংবিদঃ সঙ্কেত-নর্ম্মাণি ॥ ১০ ॥

কিঞ্চ ত্বয়ি বয়মতিপ্রেমার্দ্রচিত্তাঃ, ত্বং পুনরস্মাসু কেন হেতুনা কপটমাচরসীত্যাহুঃ, শ্লোকদ্বয়েন। হে নাথ, কান্ত,

---

বিস্তৃতভাবে কীর্ত্তন করেন, নিশ্চয় তাঁহারা জন্মান্তরে বহুল দান অর্থাৎ পুণ্য করিয়াছিলেন ॥ ৯ ॥

হে প্রিয়, হে কপটাচারিন্, তোমার সুন্দর হাস্য সপ্রেম নিরীক্ষণ স্মরণমঙ্গল বিহার এবং হৃদয়স্পর্শী সঙ্কেতনর্ম্ম সকল আমাদিগের মন ক্ষোভিত করিতেছে ॥ ১০ ॥

হে নাথ, কান্ত, তুমি যখন পশুসমূহ চরাইতে চরাইতে ব্রজ হইতে চলিয়া যাও, তখন কমলসদৃশ সুকোমল তোমার

দিনপরিক্ষয়ে নীলকুন্তলৈ-
র্বনরুহাননং বিভ্রদাবৃতম্।
ঘনরজস্বলং দর্শয়ন্ মুহু-
র্মনসি নঃ স্মরং বীর যচ্ছসি ॥ ১২ ॥
প্রণতকামদং পদ্মজার্চ্চিতং
ধরণিমণ্ডনং ধ্যেয়মাপদি।
চরণপঙ্কজং শন্তমঞ্চ তে
রমণ নঃ স্তনেষর্পয়াধিহন্ ॥ ১৩ ॥

যৎ যদা ব্রজাৎ চলসি পশূংশ্চারয়ন্, তদা নলিনবৎ সুন্দরং কোমলং তে পদং শিলৈঃ কুশৈঃ তৃণৈরঙ্কুরৈশ্চ সীদতি ক্লিশ্যে-দিতি নো মনঃ কলিলতাং অস্বাস্থ্যং গচ্ছতি প্রাপ্নোতি ॥ ১১ ॥

এবম্ভূতাস্বদ্দুঃখশঙ্কিতচিত্তা বয়ং, ত্বন্তু দিনপরিক্ষয়ে সায়ং-কালে নীলকুন্তলৈরাবৃতং ঘনরজস্বলং গোরজশ্ছুরিতং বনরুহা-ননং অলিমালাকুলপরাগচ্ছুরিতপদ্মতুল্যমাননং বিভ্রৎ, তচ্চ মুহু-র্মুহুর্দর্শয়ন্, নো মনসি, কেবলং স্মরং যচ্ছসি অর্পয়সি, ন তু সঙ্গং দদাসীতি কপট ইতি ভাবঃ ॥ ১২ ॥

অতোঽধুনা কপটং বিহায় এবং কুর্ব্বিতি প্রার্থয়ন্তে, শ্লোক-দ্বয়েন। প্রণতকামদমিতি। হে আধিহন্, হে রমণ, পদ্মজা-র্চ্চিতং পদ্মজেনার্চ্চিতং, আপদি ধ্যেয়ং ধ্যানমাত্রেণাপন্নিবর্ত্তকং,

---

চরণযুগল শস্যকণা তৃণ ও অঙ্কুরসমূহ দ্বারা ক্লেশ পায় ভাবিয়া আমাদিগের মন অতিশয় অসুস্থ হয় ॥ ১১ ॥

হে বীর, তুমি সায়ংকালে সুনীলকুন্তলাবৃত গোধনখুরোত্থিত ধূলি দ্বারা ধূসরিত বদনকমল ধারণ পূর্ব্বক উহা আমাদিগকে মুহুর্মুহু দর্শন করাইয়া আমাদিগের মনোমধ্যে কাম জন্মাইয়া দাও ॥ ১২ ॥

হে রমণ, মনঃপীড়োপশমন, প্রণতজনের কামদ ব্রহ্মা কর্ত্তৃক অর্চ্চিত ধরণীর ভূষণ আপৎকালে চিন্তনীয় ও স্মরণমাত্র

সুরতবর্দ্ধনং শোকনাশনং
স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্ ।
ইতররাগবিস্মারণং নৃণাং ।
বিতর বীর নস্তেঽধরামৃতম্ ॥ ১৪ ॥
অটতি যদ্ভবানহ্নি কাননং
ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতাম্ ।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে
জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাম্ ॥ ১৫ ॥

শন্তমঞ্চ সেবাসময়েঽপি সুখতমং, তব চরণপঙ্কজং, কামতাপশান্তয়ে নঃ স্তনেষর্পয়েতি ॥ ১৩ ॥

অপিচ, হে বীর, তে অধরামৃতং নো বিতর দেহি, স্বরিতেন নাদিতেন বেণুনা সুষ্ঠু চুম্বিতং ইতি নাদামৃতবাসিতমিতি ভাবঃ। ইতররাগবিস্মারণং নৃণাং ইতরেষু সার্ব্বভৌমাদিসুখেষু রাগমিচ্ছাং বিস্মারয়তি বিলোপয়তীতি তথা তৎ ॥ ১৪ ॥

কিঞ্চ ক্ষণমপি ত্বদ্দর্শনে দুঃখং, দর্শনে চ সুখং দৃষ্ট্বা, সর্ব্বসঙ্গপরিত্যাগেন যত্নত ইব বয়ং ত্বামুপাগতাঃ, ত্বন্তু কথমস্মান্ ত্যক্তুমুৎসহসে, ইতি সকরুণমূচুঃ, অটতীতি দ্বয়েন। তৎ যদা ভবান্ কাননং বৃন্দাবনং প্রতি অটতি গচ্ছতি তদা ত্বামপশ্যতাং প্রাণিনাং ত্রুটি ক্ষণার্দ্ধমপি যুগায়তে যুগবদ্ভবতি, এবমদর্শনে

আপদনিবারণ তোমার চরণকমল আমাদিগের স্তনসমূহে স্থাপন কর ॥ ১৩ ॥

হে বীর, সম্ভোগসুখবর্দ্ধনশীল শোকনাশন বাদিতবেণু কর্ত্তৃক সম্যক্ চুম্বিত মনুষ্যদিগের বিষয়ান্তররাগের বিস্মারক তোমার অধরামৃত আমাদিগকে বিতরণ কর ॥ ১৪ ॥

তুমি যখন দিবাভাগে বনে বনে ভ্রমণ কর, তখন তোমার অদর্শনে প্রাণীদিগের সম্বন্ধে ক্ষণার্দ্ধও এক একটি যুগের ন্যায় প্রতীয়মান হয়। কুটিলকুন্তলশোভিত তোমার শ্রীমুখ সন্দর্শন-

পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবা-
নতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতা।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ
কিতব যোষিতঃ কস্ত্যজেন্নিশি ॥ ১৬ ॥
রহসি সংবিদং হৃচ্ছয়োদয়ং
প্রহসিতাননং প্রেমবীক্ষণম্।

দুঃখমুক্তং। পুনশ্চ কথঞ্চিদ্দিনান্তে তব শ্রীমুখং উৎ উচ্চৈর্ব্বীক্ষমাণানাং তেষাং দৃশাং পক্ষকৃৎ ব্রহ্মা জড়ো মন্দ এব, নিমিষমাত্রমপ্যন্তরমসহমিতি দর্শনে সুখমুক্তং ॥ ১৫ ॥

তস্মাৎ হে অচ্যুত, পতীন্, সুতান্, অন্বয়ান্ তৎসম্বন্ধিন, ভ্রাতৄন্, বান্ধবাংশ্চাতিবিলঙ্ঘ্য তব সমীপমাগতা বয়ং, কথম্ভূতস্য, গতিবিদঃ অস্মদাগমনং জানতঃ, গীতগতি র্বা জানতঃ, গতিবিদো বয়মিতি বা, তবোদ্গীতেন, উচ্চৈর্গীতেন মোহিতাঃ, হে কিতব শঠ, এবম্ভূতা যোষিতঃ নিশি স্বয়মাগতাস্ত্বামৃতে কস্ত্যজেৎ, ন কোঽপীত্যর্থঃ ॥ ১৬ ॥

অতস্ত্বয়া ত্যক্তানামস্মাকং প্রাক্তনত্বদ্দর্শননিদানহৃদ্রোগস্য ত্বৎসঙ্গত্যৈব চিকিৎসাং কুর্ব্বিত্যাহ দ্বয়েন, রহসীতি। প্রিয়ো

কারী ব্যক্তিদিগের নেত্রে যিনি পক্ষ রচনা করিয়াছেন সেই ব্রহ্মা নিশ্চয়ই জড় ॥ ১৫ ॥

হে অচ্যুত, তুমি আমাদিগের আগমনের কারণ বিদিত আছ। আমরা তোমার বেণুগীতে মোহিত হইয়া পতি পুত্র সম্বন্ধী ভ্রাতা ও বান্ধব সকলের অনাদর পূর্ব্বক তোমার সমীপে আগমন করিয়াছি। হে শঠ, স্ত্রীসকলকে কে রাত্রিকালে ত্যাগ করিয়া থাকে? ॥ ১৬ ॥

তোমার নির্জ্জন প্রদেশের সাঙ্কেত্যচেষ্টিত এবং কামোদগমের কারণীভূত সহাস্যবদন সপ্রেম নিরীক্ষণ ও লক্ষ্মীর নিকেতন

বৃহদুরঃ শ্রিয়ো বীক্ষ্য ধাম তে
মুহুরতিস্পৃহা মুহ্যতে মনঃ ॥ ১৭ ॥
ব্রজবনৌকসাং ব্যক্তিরঙ্গ তে
বৃজিনহন্ত্র্যলং বিশ্বমঙ্গলম্।
ত্যজ মনাক্ চ নস্ত্বৎস্পৃহাত্মনাং
স্বজনহৃদ্রুজাং যন্নিসূদনম্ ॥ ১৮ ॥
যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু
ভীতাঃ শনৈঃ প্রিয় দধীমহি কর্কশেষু।

ধাম তে বৃহদ্বিশালং উরশ্চ বীক্ষ্য, অতিস্পৃহা ভবতি, তয়াচ মুহুর্মুহুর্মনো মুহ্যতি ॥ ১৭ ॥

তব চ ব্যক্তিরভিব্যক্তি র্ব্রজবনৌকসাং সর্ব্বেষাং অবিশেষেণ বৃজিন-হন্ত্রী দুঃখনিরসনী। বিশ্বমঙ্গলং সর্ব্বমঙ্গলরূপাচ। অতস্ত্বৎ স্পৃহাত্মনাং ত্বৎস্পৃহাক্রান্তমনসাং নঃ মনাক্ ঈষৎ কিমপি ত্যজ মুঞ্চ, কার্পণ্যমকুর্ব্বন্ দেহীত্যর্থঃ। কিং তৎ, স্বজনহৃদ্রোগাণাং যদতিগোপ্যং নিসূদনং নিবর্ত্তকমৌষধং, তৎ ত্বমেব বেৎসীতি গূঢ়াভিপ্রায়ঃ ॥ ১৮ ॥

অতিপ্রেমধর্ষিতা রুদত্য আহুঃ, যদিতি। হে প্রিয়, যত্তে

তব প্রশস্ত বক্ষঃস্থল সন্দর্শন করিয়া তৎসম্বন্ধিনী অতিশয় স্পৃহা জন্মিতেছে এবং মন বারংবার মোহিত হইতেছে ॥ ১৭ ॥

হে কৃষ্ণ, তোমার অবতার ব্রজবাসিজনের ও বনবাসী মুনিদিগের দুঃখনিবারক ও বিশ্বের অতিশয় মঙ্গলকারক, অতএব তৎসম্বন্ধ লাভ বিষয়ে আকৃষ্টচিত্ত এই গোপীদিগকে তোমার নিজজন জানিয়া ইহাদিগের হৃদ্রোগের বিনাশন যে তৎসম্বন্ধরূপ ঔষধ তাহা অন্ততঃ অত্যল্প পরিমাণেও প্রদান কর ॥ ১৮ ॥

হে প্রিয়, তোমার যে সুকুমার চরণকমল আমাদিগের

তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিংস্বিৎ
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ ॥ ১৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রাসক্রীড়ায়াং গোপিকা-
গীতমেকত্রিংশোঽধ্যায়ঃ।
শ্রীশ্রীরাসপঞ্চাধ্যায়ে তৃতীয়োঽধ্যায়ঃ।

তব সুকুমারং পদাব্জং কঠিনেষু কুচেষু সম্মর্দ্দনশঙ্কিতাঃ শনৈঃ শনৈর্দধীমহি ধারয়েম বয়ং, তেনাটবীমটসি গচ্ছসি। নয়সীতি পাঠে, পশূন্ বা, কাঞ্চিদন্যাং বা, আত্মানমেব বা, নয়সি প্রাপয়সি। তৎ ততঃ, তৎপদাম্বুজং বা, কূর্পাদিভিঃ সূক্ষ্মপাষাণাদিভিঃ কিংস্বিন্ন ব্যথতে, কথং নু নাম ন ব্যথতে ইতি। ভবানেব আয়ুর্জীবনং যাসাং নো ধীর্ভ্রমতি মুহ্যতি ইতি ॥ ১৯ ॥

ইতি তৃতীয়োঽধ্যায়ঃ।

কঠিন স্তনসমূহে সম্মর্দ্দনাশঙ্কায় সভয়ে ধীরে ধীরে স্থাপন করিয়া থাকি, তুমি সেই চরণ দ্বারা বনমধ্যে বিচরণ করিতেছ এবং তাহাতে উহা সূক্ষ্ম পাষাণাদি দ্বারা ব্যথিত হইতেছে ভাবিয়া আমাদিগের চিত্ত অতিশয় ব্যাকুল হইতেছে, কারণ তুমিই আমাদিগের জীবন ॥ ১৯ ॥

তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থোঽধ্যায়ঃ।

শ্রীশুক উবাচ।

ইতি গোপ্যঃ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যশ্চ চিত্রধা।
রুরুদুঃ সুস্বরং রাজন্ কৃষ্ণদর্শনলালসাঃ ॥ ১ ॥
তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ ॥ ২ ॥
তং বিলোক্যাগতং প্রেষ্ঠং প্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ।
উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতম্ ॥ ৩ ॥

দ্বাত্রিংশে বিরহালাপবিক্লিন্নহৃদয়ো হরিঃ। তত্রাবির্ভূয় গোপীস্তাঃ সান্ত্বয়ামাস মানয়ন্। স্বপ্রেমামৃতকল্লোলবিহ্বলীকৃতচেতসঃ। সদর্শিন্ নন্দয়ন্ গোপীরুদ্ভূতো নন্দনন্দনঃ॥ ইতি এবং প্রভৃতি, চিত্রধা অনেকধা, সুস্বরং উচ্চৈঃ, কৃষ্ণদর্শনে লালসা অতিস্পৃহা যাসাং তাঃ ॥ ১ ॥

সাক্ষান্মন্মথমন্মথঃ জগন্মোহনস্যাপি কামস্য মনস্থাত্তু তঃ কামঃ, সাক্ষাত্তস্যাপি মোহক ইত্যর্থঃ ॥ ২ ॥

তন্বঃ করচরণাদয়ঃ ॥ ৩ ॥

শুকদেব কহিলেন ;—হে রাজন্, কৃষ্ণদর্শনলালসা গোপী সকল উক্তপ্রকারে বহুবিধ গান ও প্রলাপ সহকারে সুস্বরে রোদন করিতে লাগিলেন ॥ ১ ॥

সেই রোদনপরায়ণা গোপীগণের মধ্যে সহাস্যবদনকমল পীতাম্বরপরিহিত প্রসূনমালালঙ্কৃত সাক্ষাৎ মদনমোহন শ্রীকৃষ্ণ আবির্ভূত হইলেন ॥ ২ ॥

কাচিৎ করাম্বুজং শৌরের্জগৃহেঽঞ্জলিনা মুদা।
কাচিদ্দধার তদ্বাহুমংসে চন্দনরূষিতম্ ॥ ৪ ॥
কাচিদঞ্জলিনাঽগৃহ্লাত্তন্বী তাম্বূলচর্ব্বিতম্।
একা তদঙ্ঘ্রিকমলং সন্তপ্তা স্তনয়োর্ন্যধাৎ ॥ ৫ ॥
একা ভ্রূকুটিমাবধ্য প্রেমসংরম্ভবিহ্বলা।
ঘ্নতীবৈক্ষৎ কটাক্ষেপৈর্সন্দষ্টদশনচ্ছদা ॥ ৬ ॥
অপরাঽনিমিষদ্দৃগ্‌ভ্যাং জুষাণা তন্মুখাম্বুজম্।
আপীতমপি নাতৃপ্যৎ সন্তস্তচ্চরণং যথা ॥ ৭ ॥

অঞ্জলিনা সংহতহস্তদ্বয়েন ॥ ৪—৫ ॥
ভ্রূকুটিমাবধ্য ভ্রুবং কুটীলীকৃত্য, প্রেমসংরম্ভেণ প্রণয়কোপাবেশেন বিহ্বলা বিবশা, নির্দ্দষ্টাধরৌষ্ঠা। কটাঃ কটাক্ষাস্তৈর্যে আক্ষেপাঃ পরিভবাস্তৈস্তাড়য়ন্তীবৈক্ষত ॥ ৬ ॥
অনিমিষন্তীভ্যাং দৃগ্‌ভ্যাং আপীতমপি সম্যক্ দৃষ্টমপি পুনঃ পুনঃ জুষাণা নাতৃপ্যৎ ॥ ৭ ॥

আগত প্রাণকে দর্শন করিয়া হস্তপদাদি শরীরাবয়ব সমূহের ন্যায় প্রিয়তম শ্রীকৃষ্ণকে আগত দর্শন করিয়া প্রীতিপ্রফুল্ল-নয়ন গোপী সকল যুগপৎ উত্থিত হইলেন ॥ ৩ ॥
কোন গোপী হর্ষভরে অঞ্জলি দ্বারা শ্রীকৃষ্ণের করপদ্ম গ্রহণ করিলেন। কেহ বা চন্দনলিপ্ত তদীয় বাহু নিজ স্কন্ধে ধারণ করিলেন ॥ ৪ ॥
কোন গোপী অঞ্জলি দ্বারা তদীয় তাম্বূলচর্ব্বিত গ্রহণ করিলেন। কেহ বা তদ্বিরহে সন্তপ্ত হইয়া তদীয় চরণকমল নিজ স্তনদ্বয়ে স্থাপন করিলেন ॥ ৫ ॥
প্রণয়কোপাবেশে বিহ্বলচিত্তা অতএব অধরোষ্ঠদংশনপরায়ণা কোন গোপী ভ্রূযুগল কুটিল করিয়া কটাক্ষসম্পাত দ্বারা যেন তাড়ন করিতে করিতেই চাহিয়া রহিলেন ॥ ৬ ॥

তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদিকৃত্য নিমীল্য চ।
পুলকাঙ্গ্যুপগুহ্যাস্তে যোগীবানন্দসংপ্লুতা ॥ ৮ ॥
সর্ব্বাস্তাঃ কেশবালোকপরমোৎসবনির্বৃতাঃ।
জহুর্বিরহজং তাপং প্রাজ্ঞং প্রাপ্য যথা জনাঃ ॥ ৯ ॥
তাভির্বিধূতশোকাভির্ভগবানচ্যুতো বৃতঃ।
ব্যরোচতাধিকং তাত পুরুষঃ শক্তিভির্যথা ॥ ১০ ॥

হৃদিকৃত্য হৃদয়ং নীত্বেত্যর্থঃ ॥ ৮ ॥

প্রাজ্ঞং ঈশ্বরং প্রাপ্য যথা মুমুক্ষবো জনাঃ। যদ্বা ;—প্রাজ্ঞং ব্রহ্মজ্ঞং প্রাপ্য যথা সংসারিণঃ। যদ্বা ;—প্রাজ্ঞং সৌষুপ্তং প্রাপ্য যথা বিশ্বতৈজসাবস্থাঃ জীবাঃ ॥ ৯ ॥

পুরুষঃ পরমাত্মা শক্তিভিঃ সত্ত্বাদিভি র্যথা ॥ যদ্বা ;—উপাসকঃ পুরুষো জ্ঞানবলবীর্য্যাদিভিঃ। যদ্বা ;—পুরুষোঽনুশয়ী প্রকৃত্যাদ্যুপাধিভির্বৃতো যথা বিরোচতে তদ্বৎ ॥ ১০ ॥

তদীয় চরণ পুনঃ পুনঃ সেবা করিয়া যেমন সাধু সকল তৃপ্ত হয়েন না, তদ্রূপ অনিমিষনয়নে সম্যক্ পান করিয়াও তন্মুখপদ্ম সেবাকারিণী অপর কোন গোপী তৃপ্তিলাভ করিতে পারিলেন না ॥ ৭ ॥

কোন গোপী নেত্ররন্ধ্রপথে শ্রীকৃষ্ণকে হৃদয়ে স্থাপন ও আলিঙ্গনপূর্ব্বক নেত্রদ্বয় নিমীলন করিয়া যোগীর ন্যায় রোমাঞ্চিতাঙ্গী ও আনন্দব্যাপ্তা হইলেন ॥ ৮ ॥

ঈশ্বরকে প্রাপ্ত হইয়া মুমুক্ষু ব্যক্তিসকলের ন্যায় অথবা ব্রহ্মজ্ঞ ব্যক্তিকে প্রাপ্ত হইয়া সংসারী ব্যক্তিসকলের ন্যায় কিম্বা সুষুপ্তিসাক্ষী প্রাজ্ঞ পুরুষকে প্রাপ্ত হইয়া বিশ্বাবস্থ ও তৈজসাবস্থ জীবসকলের ন্যায় শ্রীকৃষ্ণসন্দর্শনজনিত পরমানন্দ নির্বৃত গোপী সকল বিরহজনিত সন্তাপ নিবারণ করিলেন ॥ ৯ ॥

হে তাত, শক্তিবর্গ দ্বারা পরিবৃত পুরুষের ন্যায় বিধুতশোকা

তাঃ সমাদায় কালিন্দ্যা নির্ব্বিশ্য পুলিনং বিভুঃ।
বিকসৎকুন্দমন্দারসুরভ্যনিলষট্‌পদম্‌ ॥ ১১ ॥
শরচ্চন্দ্রাংশুসন্দোহধ্বস্তদোষাতমঃ শিবম্‌।
কৃষ্ণায়া হস্ততরলাচিতকোমলবালুকম্‌ ॥ ১২ ॥
তদ্দর্শনাহ্লাদবিধূতহৃদ্রুজো
মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ।

বিকসৎকুন্দমন্দারৈঃ সুরভি র্যোঽনিলঃ তস্মাৎ ষট্‌পদা যস্মিন্‌ ॥ ১১ ॥

শরচ্চন্দ্রাংশূনাং সন্দোহৈঃ সমূহৈ র্ধ্বস্তং দোষাতমঃ রাত্রিগতং তমো যস্মিন্‌ তৎ, অতঃ শিবং সুখকরং, কালিন্দ্যাঃ হস্তরূপৈস্তরলৈস্তরঙ্গৈরাচিতাঃ আস্তৃতাঃ কোমলবালুকা যস্মিন্‌ তৎ, এবম্ভূতং পুলিনং তাঃ সমাদায় নির্ব্বিশ্য, তত্র তাভি র্বৃতোঽধিকং ব্যরোচত ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ১২ ॥

তাশ্চ মনোরথানামন্তং যযুঃ পূর্ণকামা বভূবুঃ শ্রুতয়ো যথেত্যয়মর্থঃ ;—যথা কর্ম্মকাণ্ডে শ্রুতয়ঃ পরমেশ্বরমপশ্যন্ত্যস্তত্তৎকামানুবন্ধৈরপূর্ণা ইব ভবন্তি, জ্ঞানকাণ্ডে তু পরমেশ্বরং দৃষ্ট্বা তদাহ্লাদপূর্ণাঃ কামানুবন্ধং জহতি তদ্বৎ ইতি। আপ্তকামা অপি প্রেয়া

গোপী সকলে পরিবৃত হইয়া ভগবান্‌ শ্রীকৃষ্ণ সমধিক শোভা ধারণ করিলেন ॥ ১০ ॥

বিভু শ্রীকৃষ্ণ সেই গোপী সকলকে লইয়া কুন্দ ও মন্দার প্রভৃতি পুষ্প সকলের সৌরভবাহী বায়ুবশে সমাকৃষ্ট ভ্রমরনিকরে সমলঙ্কৃত, শরৎকালীন চন্দ্রকিরণে বিদূরিতনৈশতিমির, সুখকর ও তরঙ্গাস্তৃতকোমলবালুকাব্যাপ্ত যমুনাপুলিনে প্রবেশ পূর্ব্বক অধিকতর শোভা ধারণ করিলেন ॥ ১১—১২ ॥

শ্রীকৃষ্ণসন্দর্শনজনিত আনন্দে হৃদ্গতপীড়ারহিত গোপী সকল শ্রুতিসমূহের ন্যায় পূর্ণমনোরথ হইলেন। এবং তাঁহারা

স্বৈরুত্তরীয়ৈঃ কুচকুঙ্কুমাচিতৈ-
রচীক্ৢপন্নাসনমাত্মবন্ধবে ॥ ১৩ ॥
তত্রোপবিষ্টো ভগবান্ স ঈশ্বরো
যোগেশ্বরান্তর্হৃদি কল্পিতাসনঃ।
চকাশ গোপীপরিষদ্গতোঽর্চ্চিত-
স্ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং বপুর্দধৎ ॥ ১৪ ॥
সভাজয়িত্বা তমনঙ্গদীপনং
সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা।
সংস্পর্শনেনাঙ্ককৃতাঙ্ঘ্রিহস্তয়োঃ
সংস্তুত্য ঈষৎ কুপিতা বভাষিরে ॥ ১৫ ॥

তমন্তর্জ্জামিত্যাহ, স্বৈরিতি। অচীক্ৢপন্ রচয়ামাসুঃ, আত্মবন্ধবে অন্তর্যামিনে ॥ ১৩ ॥

গোপীসভাগতস্তাভিঃ অর্চ্চিতঃ সম্মানিতঃ সন্ চকাশ শুশুভে, ত্রৈলোক্যে যা লক্ষ্মীঃ শোভা তস্যাঃ একমেব পদং স্থানং তৎ বপুর্দধৎ দর্শয়ন্ ॥ ১৪ ॥

সহাসলীলেক্ষণেন বিভ্রমো বিলাসো যস্যাং তয়া ভ্রুবা উপলক্ষিতাঃ। স স্পর্শনেন সংমর্দ্দনেন ॥ ১৫ ॥

কুচকুঙ্কুমলিপ্ত নিজ নিজ উত্তরীয় বসন দ্বারা আত্মবন্ধু শ্রীকৃষ্ণের আসন রচনা করিয়া দিলেন ॥ ১৩ ॥

যোগেশ্বরদিগের হৃদয়মধ্যে কল্পিতাসন সর্ব্বনিয়ন্তা সর্বৈশ্বর্য্যসমন্বিত ত্রৈলোক্যসৌন্দর্য্যের একাধারস্বরূপ শ্রীমূর্ত্তিধর শ্রীকৃষ্ণ সেই আসনে উপবেশন পূর্ব্বক গোপীমণ্ডলে পরিবৃত ও তাঁহাদিগের কর্ত্তৃক অর্চ্চিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥ ১৪ ॥

অন্তর্দ্ধান হেতু ঈষৎ কুপিতা গোপীসকল সহাস্যলীলাবলোকনবিলসিত ভ্রূযুগল দ্বারা অনঙ্গবর্দ্ধন শ্রীকৃষ্ণকে অনুরঞ্জিত

শ্রীগোপ্য উচুঃ।

ভজতোঽনু ভজন্ত্যেকে এক এতদ্ বিপর্য্যয়ম্।
নোভয়াংশ্চ ভজন্ত্যন্যে এতন্নো ব্রূহি সাধু ভোঃ॥১৬

শ্রীভগবানুবাচ।

মথো ভজন্তি যে সখ্যঃ স্বার্থৈকান্তোদ্যমা হি তে।
ন তত্র সৌহৃদং ধর্ম্মঃ স্বার্থার্থং তদ্ধি নান্যথা॥ ১৭॥

তত্র ভগবতোঽকৃতজ্ঞতাং তদ্বচনেনৈবোপাপাদয়িতুকামা গূঢ়াভিপ্রায়া লোকবৃত্তান্তমিব পৃচ্ছতি, ভজত ইতি। ভজতঃ প্রাণিনঃ অনু অনন্তরং, কেচিদ্ভজনানুসারেণ ভজন্তি, কেচিদেতদ্বিপর্য্যয়ং যথা ভবতি তথা, তদ্ভজনানপেক্ষং অভজতোঽপি ভজন্তি, অন্যে তু নোভয়ানিতি॥ ১৬॥

বিদিতাভিপ্রায় উত্তরমাহ, মিথ ইতি। হে সখ্যঃ। উপকারপ্রত্যুপকারতয়া যে মিথো ভজন্তি, তে মিত্রং ন ভজন্তি, কিন্তু আত্মানমেবেতি। কুতঃ?—হি যস্মাৎ স্বার্থ এবৈকান্ত উদ্যমো যেষাং তে। তত্র চ ন সৌহৃদং, অতো ন সুখং ন চ ধর্ম্মঃ, দৃষ্টোদ্দেশাদ্গোমহিষ্যাদিভজনবদিত্যর্থঃ॥ ১৭॥

করিয়া আপন উরুদ্বয়ের উপর তদীয় হস্ত পদ স্থাপন ও তত্তৎস্পর্শে স্পর্শসুখ অনুভব পূর্ব্বক উক্ত হস্তপদাদির প্রশংসানন্তর বলিতে লাগিলেন॥ ১৫॥

গোপীগণ বলিলেন;—হে কৃষ্ণ, কোন কোন লোক ভজনকারী ব্যক্তি সকলকেই অনুভজন করিয়া থাকেন; কেহ কেহ উহার বিপরীত আচরণ অর্থাৎ অভজনকারী ব্যক্তিদিগকেও ভজন করিয়া থাকেন; আবার কেহ কেহ বা উভয়কেই অর্থাৎ ভজনকারী ও অভজনকারী উভয়কেই ভজন করেন না; অতএব ভজনকারীর গুণ দোষ ও ফল প্রভৃতি সমস্ত সম্যক্প্রকারে আমাদিগের নিকট বল॥ ১৬॥

ভজন্ত্যভজতো যে বৈ করুণাঃ পিতরৌ যথা।
ধর্ম্মো নিরপবাদোঽত্র সৌহৃদঞ্চ সুমধ্যমাঃ ॥ ১৮ ॥
ভজতোঽপি ন বৈ কেচিদ্ভজন্ত্যভজতঃ কুতঃ।
আত্মারামা হ্যাপ্তকামা অকৃতজ্ঞা গুরুদ্রুহঃ ॥ ১৯ ॥

যে তু অভজতো ভজন্তি, তে দ্বিবিধাঃ, করুণাঃ স্নিগ্ধাশ্চ তত্র তু যথাক্রমং ধর্ম্মকামৌ ভবত ইত্যাহ, ভজন্ত্যভজত ইতি ॥ ১৮ ॥

তৃতীয়প্রশ্নোত্তরং ভজতোঽপীতি। অয়মর্থঃ, তে চতুর্ব্বিধা, একে আত্মারামাঃ অপরাগ্দৃশঃ, কেচিদাপ্তকামা বিষয়দর্শনেঽপি পূর্ণকামত্বেন ভোগেচ্ছারহিতাঃ, অন্যে অকৃতজ্ঞা মূঢাঃ, অন্যে চ গুরুদ্রুহঃ অতিকঠিনাঃ, "স পিতা যস্তু পোষকঃ" ইতি ন্যায়াদুপকর্ত্তা গুরুতুল্যঃ তস্মৈ দ্রুহ্যন্তীতি তথা তে ॥ ১৯ ॥

শ্রীভগবান্ বলিলেন ;—হে সখী সকল, যে সকল লোক পরস্পরের উপকারার্থ পরস্পর ভজন করিয়া থাকে, তাহারা যেহেতু নিজের প্রয়োজন সিদ্ধির নিমিত্তই সচেষ্টিত থাকে, তন্নিমিত্ত তাহাদিগের সেই ভজন স্বার্থের নিমিত্তই, পরার্থের নিমিত্ত নহে ; অতএব ঐ ভজনে ভজনের ফল যে প্রেম বা ধর্ম্ম, তাহা উৎপন্ন হইতে পারে না ॥ ১৭ ॥

যাহারা পিতা মাতার ন্যায় অভজনকারী ব্যক্তি সকলকে ভজন করে, তাহারা কৃপালু। হে সুমধ্যমাগণ, এই নিরপেক্ষ ভজনে অবাধিত ধর্ম্ম ও প্রেম উৎপন্ন হইয়া থাকে। দয়ার্দ্রচিত্ত ব্যক্তির ধর্ম্মোৎপত্তি ও স্নেহার্দ্রচিত্ত ব্যক্তির প্রেমোৎপত্তি অবশ্যম্ভাবিনী ॥ ১৮ ॥

আবার কেহ কেহ ভজনকারী ব্যক্তিদিগকেও ভজন করে না। তাহারা যে অভজনকারীকে ভজন করে না, তাহা বলা বাহুল্য। ঐ শ্রেণীর লোক আবার চারি প্রকার দেখা যায় ; যথা—প্রথম, আত্মারামগণ অর্থাৎ বাহ্যদৃষ্টিরহিত ব্যক্তি

নাহন্তু সখ্যো ভজতোঽপি জন্তূন্
ভজাম্যমীষামনুবৃত্তিবৃত্তয়ে।
যথাঽধনো লব্ধধনে বিনষ্টে
তচ্চিন্তয়ান্যন্নিভৃতো ন বেদ ॥ ২০ ॥
এবং মদর্থোজ্ঝিতলোকবেদ-
স্বানাং হি বো ময্যনুবৃত্তয়েঽবলাঃ।

অত্র চরমকোটিগত্বমাত্মানং মত্বা, অক্ষিনিকোচৈঃ পরস্পরং গূঢ়স্মিতমুখীস্তা দৃষ্ট্বাহ, নাহন্ত্বিতি ॥ হে সখ্যঃ! অহং তেষাং মধ্যে ন কোঽপি, কিন্তু পরমকারুণিকঃ পরমসুহৃচ্চ, কথং, অমীষাং ভজতাং অনুবৃত্তিবৃত্তয়ে নিরন্তরধ্যানপ্রবৃত্ত্যর্থং তান্ অভজামি। এতৎ সদৃষ্টান্তমাহ, যথেতি। তস্য ধনস্যৈব চিন্তয়া নিভৃতঃ পূর্ণো ব্যাপ্ত ইতি যাবৎ, অন্যৎ ক্ষুৎপিপাসাদ্যপি ন বেদ ॥ ২০ ॥

এবং মদর্থোজ্ঝিতলোকবেদস্বানাং মদর্থমুজ্ঝিতা লোকাঃ যুক্তাযুক্তাপ্রতীক্ষণাৎ, বেদাশ্চ ধর্ম্মাধর্ম্মাপ্রতীক্ষণাৎ, স্বা জ্ঞাতয়শ্চ স্নেহত্যাগাৎ, যাভিস্তাসাং বো যুষ্মাকং, পরোক্ষং অদর্শনং যথা

সকল; দ্বিতীয়, আপ্তকামগণ অর্থাৎ বিষয়দৃষ্টি সত্ত্বেও পূর্ণকামত্ব প্রযুক্ত পরভজনে প্রবৃত্তিরহিত ব্যক্তি সকল; তৃতীয়, অকৃতজ্ঞগণ অর্থাৎ পরকৃত উপকারের অনুসন্ধানরহিত ব্যক্তি সকল; চতুর্থ, গুরুদ্রোহিগণ অর্থাৎ প্রত্যুপকারের পরিবর্ত্তে উপকারী ব্যক্তির প্রতি দ্রোহকারী ব্যক্তিসকল ॥ ১৯ ॥

হে সখীসকল, আমি কিন্তু ধ্যানের অবিচ্ছেদার্থ ভজনকারী ব্যক্তি সকলকেও ভজন করি না। নির্ধন ব্যক্তি যেমন কদাচিৎ লব্ধধনের বিনাশে তচ্চিন্তায় ব্যাপৃত হইয়া অন্য কিছুই জানে না, তদ্রূপ আমার ভক্তও কদাচিৎ আমাকে প্রত্যক্ষ করিয়া পুনশ্চ আমার অন্তর্ধানে মচ্চিন্তায় ব্যাপৃত হইয়া দেহাদি অপর কিছুরই অনুসন্ধানে প্রবৃত্ত হয় না ॥ ২০ ॥

ময়া পরোক্ষং ভজতা তিরোহিতং
মাঽসূয়িতুং মার্হথ তৎ প্রিয়ং প্রিয়াঃ ॥ ২১ ॥
ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং
স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ।
যা মাঽভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ
সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা ॥ ২২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রাসক্রীড়ায়াং ভগবদ্দর্শনং নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।
ইতি শ্রীশ্রীরাসপঞ্চাধ্যায়ে চতুর্থোঽধ্যায়ঃ।

ভবৃত্তি তথা ভজতা যুষ্মৎপ্রেমালাপান্ শৃণ্বতৈব তিরোহিতং অন্তর্দ্ধানেন স্থিতং, তত্তস্মাৎ হে অবলাঃ, হে প্রিয়াঃ, মা মাং, অসূয়িতুং দোষারোপণেন দ্রষ্টুং, যূয়ং মার্হথ ন যোগ্যাঃ স্থঃ ॥২১॥
আস্তামিদং, পরমার্থস্তু শৃণুতেত্যাহ, নেতি ॥ নিরবদ্যসংযুজাং নিরবদ্যা সংযুক্ সংযোগো যাসাং তাসাং বঃ, বিবুধানাং আয়ুষাপি চিরকালেনাপি, স্বীয়ং সাধুকৃত্যং প্রত্যুপকারকৃত্যং কর্ত্তুং ন পারয়ে ন শক্নোমি। কথম্ভূতানাং ?—যা ভবত্যো দুর্জ্জরা যা গেহশৃঙ্খলাস্তাঃ সংবৃশ্চ্য নিঃশেষং ছিত্বা মা মাং অভজন্ তাসাং,

---

হে প্রিয় অবলা সকল, এইপ্রকার মন্নিমিত্ত লোকধর্ম্ম বেদধর্ম্ম ও আত্মীয়গণের পরিত্যাগকারিণী তোমাদিগের আমাতে ধ্যানপ্রবৃত্তির জন্য পরোক্ষভাবে উপকার করিবার অভিলাষে আমি অন্তর্ধান করিয়াছিলাম। অতএব তোমরা আমাকে তোমাদিগের প্রিয় জানিয়া আমার প্রতি দোষদর্শন করিতে পার না ॥ ২১ ॥

নিরুপাধিভজনপরায়ণা তোমাদিগের স্বীয় অসাধারণ সাধুকৃত্য আমি সুচিরকালেও সাধন করিতে পারিব না। তোমরা দুর্জর গৃহশৃঙ্খল নিঃশেষে ছেদন করিয়া আমার ভজন করি-

মচ্চিত্তন্তু বহুষু প্রেমযুক্ততয়া নৈবমেকনিষ্ঠং, তস্মাৎ বো যুষ্মাকমেব সাধুনা সাধুকৃত্যেন, তৎ যুষ্মৎসাধুকৃত্যং প্রতিযাতু প্রতিকৃতং ভবতু, যুষ্মৎসৌশীল্যেনৈব সমানৃণ্যং, ন তু মৎপ্রত্যুপকারেণেত্যর্থঃ ॥ ২২ ॥

ইতি চতুর্থোঽধ্যায়ঃ।

আছ। অতএব তোমাদিগের ঐ নিজ সাধুকৃত্যই ঐ সাধুকর্ম্মের প্রতিকার সাধন করুক। আমি তদ্বিষয়ে তোমাদিগের নিকট ঋণী রহিলাম জানিও ॥ ২২ ॥

চতুর্থ অধ্যায় সমাপ্ত

পঞ্চমোঽধ্যায়ঃ ।

শ্রীবাদরায়ণিরুবাচ ।

ইত্থং ভগবতো গোপ্যঃ শ্রুত্বা বাচঃ সুপেশলাঃ ।
জহুর্বিরহজং তাপং তদঙ্গোপচিতাশিষঃ ॥ ১ ॥
তত্রারভত গোবিন্দো রাসক্রীড়ামনুব্রতৈঃ ।
স্ত্রীরত্নৈরন্বিতঃ প্রীতৈরন্যোন্যাবদ্ধবাহুভিঃ ॥ ২ ॥
রাসোৎসবঃ সংপ্রবৃত্তো গোপীমণ্ডলমণ্ডিতঃ ।
যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ ।
প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্বনিকটং স্ত্রিয়ঃ ॥ ৩ ॥

– ত্রয়স্ত্রিংশে ততো গোপীমণ্ডলীমধ্যগো হরিঃ । প্রিয়াস্তা রময়ামাস হ্লাদিনীবনকেলিভিঃ ॥ তত্তদা অঙ্গ হে রাজন্ ! যদ্বা ;—তস্য ভগবতোঽঙ্গেন বপুষা করচরণাদ্যবয়বৈর্বা উপচিতাঃ সমৃদ্ধাঃ আশিষো যাসাং তাঃ ॥ ১ ॥

রাসক্রীড়াং, রাসো নাম বহুনর্ত্তকীযুক্তো নৃত্যবিশেষঃ, তাং ক্রীড়াং । অন্যোন্যমাবদ্ধাঃ সংগ্রথিতা বাহবো যৈস্তৈঃ সহ ॥ ২ ॥

শুকদেব কহিলেন ;—শ্রীভগবানের এইরূপ মনোহর বাক্যসমূহ শ্রবণানন্তর তদীয় অঙ্গস্পর্শে পূর্ণমনোরথ গোপীসকল বিরহজনিত সন্তাপ পরিত্যাগ করিলেন ॥ ১ ॥

প্রীত পরস্পর বদ্ধবাহু অনুব্রত স্ত্রীজাতিভূষণ গোপীগণের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণ ঐ যমুনাপুলিনে রাসক্রীড়া আরম্ভ করিলেন ॥ ২ ॥

যং মন্যেরন্নভস্তাবদ্বিমানশতসঙ্কুলম্ ।
দিবৌকসাং সদারাণামত্যৌৎসুক্যভৃতাত্মনাম্ ॥ ৪ ॥
ততো দুন্দুভয়ো নেদুর্নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ ।
জগুর্গন্ধর্ব্বপতয়ঃ সস্ত্রীকাস্তদ্যশোঽমলম্ ॥ ৫ ॥
বলয়ানাং নূপুরাণাং কিঙ্কিণীনাঞ্চ যোষিতাম্ ।
সপ্রিয়াণামভূচ্ছব্দস্তুমুলো রাসমণ্ডলে ॥ ৬ ॥

তৎসাহিত্যমভিনয়েন দর্শয়তি, রাসোৎসব ইতি অক্ষর-চতুষ্টয়াধিকেন সার্দ্ধেন। তাসাং মণ্ডলরূপেণাবস্থিতানাং দ্বয়োর্দ্বয়োর্মধ্যে প্রবিষ্টেন তেনৈব কণ্ঠে গৃহীতানামুভয়তঃ সমালিঙ্গিতানাং, কথম্ভূতেন, যং সর্ব্বাঃ স্ত্রিয়ঃ স্বস্বনিকটং মামেবাশ্লিষ্টবানিতি মন্যেরন্ তেন, এতদর্থং দ্বয়োর্দ্বয়োর্মধ্যে প্রবিষ্টেনেত্যর্থঃ। নন্বেকস্য কথং তথা প্রবেশঃ, সর্ব্বসন্নিহিতে বা কুতঃ স্বৈকনিষ্ঠত্বমাননস্তাসামিত্যত উক্তং যোগেশ্বরেণেতি অচিন্ত্যশক্তিনেত্যর্থঃ ॥ ৩ ॥ ৪ ॥

তাবৎ তৎক্ষণমেব অত্যৌৎসুক্যব্যাপ্তমনসাং দেবানাং সস্ত্রীকাণাং বিমানশতৈঃ সঙ্কীর্ণং নভো বভূব ॥ ৫ ॥

সপ্রিয়াণাং শ্রীকৃষ্ণসহিতানাং, তুমুলঃ সঙ্কীর্ণঃ ॥ ৬ ॥

মণ্ডলরূপে অবস্থিত দুই দুই গোপীর মধ্যে একৈকরূপে প্রবিষ্ট, অতএব সকল গোপীই যাঁহাকে নিজের নিকটস্থ মনে করিতেছিলেন, সেই যোগেশ্বর শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সমালিঙ্গিত গোপীদিগের মণ্ডলসমূহে সুশোভিত রাসোৎসব আরব্ধ হইল। তৎক্ষণাৎ আকাশ দর্শনোৎসুক্য হেতু অতিশয় ব্যাকুলচিত্ত সস্ত্রীক দেবগণের শত শত বিমানে পরিব্যাপ্ত হইয়া গেল ॥ ৩ ॥ ৪ ॥

অনন্তর দুন্দুভি সকল নাদিত হইতে লাগিল; পুষ্পবৃষ্টি পতিত হইতে লাগিল; এবং প্রধান গন্ধর্ব্ব সকল শ্রীকৃষ্ণের অমল যশ গান করিতে লাগিল ॥ ৫ ॥

[৬]

তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ।
মধ্যে মণীনাং হৈমানাং মহামারকতো যথা ॥ ৭ ॥
পাদন্যাসৈর্ভুজবিধুতিভিঃ সস্মিতৈর্ভ্রূবিলাসৈ-
র্ভজ্যন্মধ্যৈশ্চলকুচপটৈঃ কুণ্ডলৈর্গণ্ডলোলৈঃ।
স্বিদ্যন্মুখ্যঃ কবররসনাগ্রন্থয়ঃ কৃষ্ণবধ্বো
গায়ন্ত্যস্তং তড়িত ইব তা মেঘচক্রে বিরেজুঃ ॥ ৮ ॥

মহামারকতো নীলমণিরিব হৈমানাঞ্চ মণীনাং মধ্যে মধ্যে তাভিঃ, স্বর্ণবর্ণাভিরাশ্লিষ্টাভিঃ শুশুভে, গোপীদৃষ্ট্যভিপ্রায়েণ বা বিনৈব মধ্যপদাবৃত্তিমেকবচনং ॥ ৭ ॥

স যথা তাভিঃ শুশুভে, তথা তা অপি তেন বিরেজুরিত্যাহ, পাদন্যাসৈরিতি। ভুজবিধুতিভিঃ করচালনৈঃ, ভজ্যমানৈর্মধ্যৈঃ, চলদ্ভিঃ কুচৈঃ পটৈশ্চ, গণ্ডলোলৈর্গণ্ডেষু লোলৈশ্চঞ্চলৈঃ। স্বিদ্যন্মুখ্যঃ স্বিদ্যন্তি স্বেদমুদ্গিরন্তি মুখানি যাসাং তাঃ, কবরেষু রসনাসু চ গ্রন্থয়ো দৃঢ়া যাসাং তাঃ, যদ্বা তেষু তাসু চ অগ্রন্থয়ঃ শিথিলগ্রন্থয়ঃ ইত্যর্থঃ। তত্র নানামূর্তিঃ শ্রীকৃষ্ণো মেঘচক্রমিব, তাস্তু বহুবিধাস্তড়িত ইব, স্বেদস্তু আসার ইব, গীতং গর্জ্জিতমিবেতি যথাসম্ভবমূহ্যং ॥ ৮ ॥

রাসমণ্ডলে শ্রীকৃষ্ণের সহিত বিহারকারিণী গোপীদিগের বলয় নূপুর ও কিঙ্কিণীসমূহের তুমুল শব্দ উত্থিত হইল ॥ ৬ ॥

সুবর্ণ দ্বারা রচিত দুইটি দুইটি মণির মধ্যে এক একটি ইন্দ্রনীল মণির ন্যায় দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ ঐ রাসমণ্ডলমধ্যে গোপীমণ্ডলে পরিবৃত হইয়া অতিশয় শোভা পাইতে লাগিলেন ॥ ৭ ॥

পাদবিক্ষেপ করচালন সহাস্য ভ্রূবিলাস আভুগ্ন কটিদেশ কম্পিত স্তন ও বসন এবং গণ্ডদেশে দোদুল্যমান কুণ্ডলসমূহ দ্বারা উপলক্ষিত, স্বেদযুক্তবদনমণ্ডলবিশিষ্ট, কবরী ও রসনাতে গ্রন্থি-

উচ্চৈর্জগুর্নৃত্যমানা রক্তকণ্ঠ্যো রতিপ্রিয়াঃ।
কৃষ্ণাভিমর্ষমুদিতা যদ্গীতেনেদমাবৃতম্ ॥ ৯ ॥
কাচিৎ সমং মুকুন্দেন স্বরজাতীরমিশ্রিতাঃ।
উন্নিন্যে পূজিতা তেন প্রীয়তা সাধু সাধ্বিতি।
তদেব ধ্রুবমুন্নিন্যে তস্যৈ মানঞ্চ বহ্বদাৎ ॥ ১০ ॥
কাচিদ্রাসপরিশ্রান্তা পার্শ্বস্থস্য গদাভৃতঃ।
জগ্রাহ বাহুনা স্কন্ধং শ্লথদ্ বলয়মল্লিকা ॥ ১১ ॥

নৃত্যমানা নৃত্যন্ত্যঃ, রক্তকণ্ঠ্যঃ নানারাগৈরনুরঞ্জিতকণ্ঠ্যঃ, কৃষ্ণস্যাভিমর্ষেণ সংস্পর্শেন মুদিতা হর্ষিতা, ইদং বিশ্বং ॥ ৯ ॥

মুকুন্দেন সমং স্বরজাতীঃ ষড়্জাদিস্বরালাপগতীঃ। অমিশ্রিতাঃ শ্রীকৃষ্ণোন্নীতাভিরসঙ্কীর্ণাঃ, প্রীয়তা প্রীয়মাণেন, পূজিতা সম্মানিতা। তৎ ষড়্জাদ্যুন্নয়নমেব ধ্রুবং ধ্রুবাখ্যং তালবিশেষং কৃত্বা উন্নিন্যে উন্নীতবতী ॥ ১০ ॥

এবং নৃত্যগীতাদিনা শ্রীকৃষ্ণসম্মানিতানাং তাসাং অতিপ্রীতি-

যুক্ত এবং শ্রীকৃষ্ণগুণগানোন্মত্ত শ্রীকৃষ্ণবধূ গোপীসকল মেঘচক্রে সৌদামিনী সমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৮ ॥

যাঁহাদিগের গীত দ্বারা এই বিশ্ব আবৃত হইয়াছে, নৃত্যপরায়ণা অনুরঞ্জিতকণ্ঠী রতিপ্রিয়া শ্রীকৃষ্ণসংস্পর্শে আনন্দিতা সেই গোপীসকল উচ্চস্বরে গান করিতে লাগিলেন ॥ ৯ ॥

কোন গোপী শ্রীকৃষ্ণের সহিত অমিশ্রিত স্বরসমূহ কেবল রাগময় করিয়া উন্নয়ন করিলেন। তখন শ্রীকৃষ্ণ প্রীত হইয়া "সাধু সাধু" বাক্যে তাঁহার সম্মাননা করিতে লাগিলেন। তদ্দর্শনে অন্য কোন গোপী উক্ত স্বরসমূহের রাগময় উন্নয়নকেই ধ্রুবাখ্য তালবিশেষ দ্বারা সংযুক্ত করিয়া উন্নয়ন করিলেন। তখন শ্রীকৃষ্ণও এই শেষোক্ত গোপীকে পূর্ব্বোক্ত গোপী হইতে অধিকতর সম্মান-প্রদান করিতে লাগিলেন ॥ ১০॥

তত্রৈকাংসগতং বাহুং কৃষ্ণস্যোৎপলসৌরভম্।
চন্দনালিপ্তমাঘ্রায় হৃষ্টরোমা চুচুম্ব হ॥ ১২॥
কস্যাশ্চিন্নাট্যবিক্ষিপ্তকুণ্ডলত্বিষমণ্ডিতম্।
গণ্ডং গণ্ডে সংদধত্যাঃ প্রাদাত্তাম্বূলচর্ব্বিতম্॥ ১৩॥
নৃত্যতী গায়তী কাচিৎ কূজন্নূপুরমেখলা।
পার্শ্বস্থাঽচ্যুতহস্তাব্জং শ্রান্তাঽধাৎ স্তনয়োঃ শিবম্॥ ১৪
গোপ্যো লব্ধ্বাঽচ্যুতং কান্তং শ্রিয় একান্তবল্লভম্।
গৃহীতকণ্ঠ্যস্তদ্দোর্ভ্যাং গায়ন্ত্যস্তং বিজহ্রিরে॥ ১৫॥

বিলসিতং বৃত্তমাহ, কাচিদিতি। শ্লথয়ন্তি বলয়ানি মল্লিকাশ্চ যস্যাঃ সা॥ ১১॥

উৎপলস্য সৌরভমিব সৌরভং যস্য তং বাহুং॥ ১২॥

নাট্যেন নৃত্যেন বিক্ষিপ্তয়োশ্চঞ্চলয়োঃ কুণ্ডলয়োস্ত্বিষেণ ত্বিষা মণ্ডিতং গণ্ডং কপোলং, তথাভূতে স্বগণ্ডে সংদধত্যাঃ সংযোজয়ন্ত্যাঃ॥ ১৩॥

কূজন্তী নূপুরে মেখলা চ যস্যাঃ সা॥ ১৪॥

হস্তদ্বয় হইতে শিথিলবলয়া ও মস্তক হইতে স্খলিতমল্লিকা রাসপরিশ্রান্তা পার্শ্বস্থা কোন গোপী নিজ বাহু দ্বারা শ্রীকৃষ্ণের স্কন্ধদেশ আশ্রয় করিলেন॥ ১১॥

তাঁহাদিগের মধ্যে কোন এক গোপী স্কন্ধনিহিত চন্দনলিপ্ত উৎপলসৌরভ শ্রীকৃষ্ণের বাহু আঘ্রাণ পূর্ব্বক রোমাঞ্চিত হইয়া উহাই চুম্বন করিলেন॥ ১২॥

নৃত্য বশতঃ চঞ্চল কুণ্ডলযুগলের কান্তি দ্বারা শোভমান নিজ গণ্ড শ্রীকৃষ্ণের গণ্ডদেশে সংযোগকারিণী কোন গোপীকে শ্রীকৃষ্ণ তাম্বূলচর্ব্বিত প্রদান করিলেন॥ ১৩॥

নৃত্যকারিণী গানপরায়ণা শব্দিতনূপুরমেখলাশালিনী কোন গোপী পরিশ্রান্ত হইয়া সুখকর পার্শ্বস্থ শ্রীকৃষ্ণের করকমল নিজ স্তনযুগলে ধারণ করিলেন॥ ১৪॥

কর্ণোৎপলালকবিটঙ্ককপোলঘর্ম্ম-
বক্ত্রশ্রিয়ো বলয়নূপুরঘোষবাদ্যৈঃ।
গোপ্যঃ সমং ভগবতা ননৃতুঃ স্বকেশ-
স্রস্তস্রজো ভ্রমরগায়করাসগোষ্ঠ্যাম্ ॥ ১৬ ॥
এবং পরিষ্বঙ্গকরাভিমর্ষ-
স্নিগ্ধেক্ষণোদ্দামবিলাসহাসৈঃ।

এবমন্ত্যা অপি গোপ্যো যথাযথং নানাবিভ্রমৈর্ব্বিজহ্রুরিত্যাহ, গোপ্য ইতি ॥ ১৫ ॥

তত্র বাদকেষু গায়কেষু চ সন্ত্রীকেষু গন্ধর্ব্বকিন্নরাদিষু স্বগাবেশেন মুহুঃস্বয়ং নৃত্যৎসু চ অন্যামেব বাদ্যাদিসম্পত্তিং দর্শয়ন্ রাস সম্ভ্রমমাহ, কর্ণোৎপলেতি। কর্ণোৎপলৈশ্চ অলকবিটঙ্কৈরলঙ্কৃতৈঃ কপোলৈশ্চ ঘর্ম্মৈশ্চ বক্ত্রেষু শ্রীঃ শোভা যাসাং তাঃ। ঘোষাঃ কিঙ্কিণ্যঃ, বলয়নূপুরঘোষৈর্ব্বাদ্যৈর্ব্বাদিত্রৈঃ। স্বকেশেভ্যঃ স্রস্তাঃ স্রজো যাসাং তাঃ। এতেন তালগতিসন্তুষ্টাঃ কেশাঃ স্বশিরঃকম্পং প্রাদেষু পুষ্পবৃষ্টিমিবাকুর্ব্বন্ ইত্যুৎপ্রেক্ষিতং। ভগবতা সহ ননৃতুঃ, ক্ব, ভ্রমরা এব গায়কা যস্যাং তস্যাং রাস-সভায়াং ॥ ১৬ ॥

যথা গোপ্যো নানাবিভ্রমৈর্ভগবতা সহ বিজহ্রুঃ, এবং ভগবানপি স্ববিলাসৈস্তাভিঃ সহ রেমে ইত্যাহ, এবমিতি। তদ্বিলা-

---

কমলার একান্তবল্লভ শ্রীকৃষ্ণকে কান্তরূপে লাভ করিয়া তদীয় ভুজযুগল দ্বারা গৃহীতকণ্ঠী গোপীসকল তাঁহারই যশোগান পুরঃসর যথেষ্ট বিহার করিতে লাগিলেন ॥ ১৫ ॥

কর্ণোৎপল অলকালঙ্কৃত কপোল, ও স্বেদবিন্দু দ্বারা শোভিতবদন এবং বলয় নূপুর ও বাদ্যের ধ্বনি হেতুক আনন্দভরে কেশ হইতে স্খলিতমালা গোপীসকল গানকারী অলিকুলের মধুর ঝঙ্কারে পরিপূরিত সেই রাসসভায় শ্রীভগবানের সহিত পুনঃপুনঃ নৃত্য করিতে লাগিলেন ॥ ১৬ ॥

রেমে রমেশো ব্রজসুন্দরীভি-
র্যথার্ভকঃ স্বপ্রতিবিম্ববিভ্রমঃ ॥ ১৭ ॥
তদঙ্গসঙ্গপ্রমুদাকুলেন্দ্রিয়াঃ
কেশান্ দুকূলং কুচপট্টিকাং বা।
নাঞ্জঃ প্রতিব্যোঢ়ুমলং ব্রজস্ত্রিয়ো
বিস্রস্তমাল্যাভরণাঃ কুরূদ্বহ ॥ ১৮ ॥
কৃষ্ণবিক্রীড়িতং বীক্ষ্য মুমুহুঃ খেচরস্ত্রিয়ঃ।
কামার্দ্দিতাঃ শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবৎ ॥ ১৯

সানভিভূতস্যৈব রতৌ দৃষ্টান্তঃ,যথার্ভক ইতি। স্বপ্রতিবিম্বৈ র্বিভ্রমঃ ক্রীড়া যস্য স ইব। অনেনৈতদ্দর্শিতং স্বীয়মেব সর্ব্বকলাকৌশলং সৌগন্ধ্যলাবণ্যমাধুর্য্যাদি চ তাসু সঞ্চার্য্য তাভিঃ সহ রেমে, যথার্ভকঃ স্বপ্রতিবিম্বৈরিতি ॥ ১৭ ॥

তাস্তু ভগবদ্বিলাসৈরাকুলা বভূবুরিত্যাহ, তদঙ্গেতি। তস্যাঙ্গসঙ্গেন প্রকৃষ্টা মুৎ প্রীতিস্তয়া আকুলানি অবশানি ইন্দ্রিয়াণি যাসাং তাঃ, বিশ্লথবন্ধনান্ কেশাদীন্ অঞ্জসা প্রতিব্যোঢ়ুং যথাপূর্ব্বং ধর্ত্তুং নালং ন সমর্থা বভূবুঃ। বিস্রস্তা মালা আভরণানি চ যাসাং তাঃ ॥ ১৮ ॥

ন কেবলং তা এব আকুলেন্দ্রিয়াঃ, কিন্তু দেব্যোঽপীত্যাহ,

এইরূপে রমাপতি শ্রীকৃষ্ণ স্বীয় প্রতিবিম্বের সহিত ক্রীড়াপরায়ণ বালকের ন্যায় আলিঙ্গন করস্পর্শ সানুরাগ নিরীক্ষণ চুম্বনাদি উদ্দাম বিলাস ও হাস্য সহকারে গোপীগণের সহিত রমণ করিতে লাগিলেন ॥ ১৭ ॥

হে কুরুশ্রেষ্ঠ, তদীয় অঙ্গসঙ্গজনিত উৎকৃষ্ট আনন্দে অবশেন্দ্রিয় স্খলিতমাল্যাভরণ গোপীসকল কেশ বস্ত্র বা কঞ্চুলিকা অনুসন্ধান পূর্ব্বক পূর্ব্ববৎ ধারণ করিয়া থাকিতে সমর্থ হইলেন না ॥ ১৮ ॥

কৃত্বা তাবন্তমাত্মানং যাবতীর্গোপযোষিতঃ।
রেমে ভগবাংস্তাভিরাত্মারামোঽপি লীলয়া॥ ২০॥
তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ।
প্রামৃজৎ করুণঃ প্রেম্ণা শন্তমেনাঙ্গ পাণিনা॥ ২১॥
গোপ্যঃ স্ফুরৎপুরটকুণ্ডলকুন্তলত্বিড়্-
গণ্ডশ্রিয়া সুধিতহাসনিরীক্ষণেন।

কৃষ্ণবিক্রীড়িতমিতি। কিঞ্চ শশাঙ্কশ্চেত্যনেনৈতৎ সূচিতং, শশাঙ্কেন বিস্মিতেন গতৌ বিস্মৃতায়াং ততঃ প্রাক্তনাঃ সর্ব্বেঽপি গ্রহাস্তত্র তত্রৈব তস্থুঃ, ততশ্চাতিদীর্ঘাসু রাত্রিষু যথাসুখং বিজহ্রুরিতি॥ ১৯॥

কিঞ্চ কৃত্বেতি। অয়ং ভাবঃ "কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি। নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ।" ইতি শ্লোকেন প্রত্যেকং তাভিঃ প্রার্থনাৎ ভগবতাপি "যতোঽবলা ব্রজং" ইত্যাদিনা তথৈব প্রতিশ্রুতত্বাত্তাবন্তমাত্মানং কৃত্বা তাভী রেমে ইতি। যাবতীঃ যাবত্যঃ॥ ২০॥

কৃপাতিশয়মাহ, তাসামিতি॥ ২১॥

ততোঽতিহৃষ্টানাং গোপীনাং চরিতমাহ, গোপ্য ইতি। স্ফুরতাং সুবর্ণকুণ্ডলানাং কুন্তলানাঞ্চ ত্বিষা গণ্ডেষু যা শ্রীস্তয়া

শ্রীকৃষ্ণের এই রাসক্রীড়া সন্দর্শন করিয়া কামপীড়িত দেবীসকলও মুগ্ধ হইয়া পড়িলেন এবং তারাগণ সহিত শশধরও বিস্মিত হইলেন॥ ১৯॥

যতগুলি গোপী, লীলাসহকারে তাবৎসংখ্যক প্রকাশমূর্ত্তি পরিগ্রহ করিয়া, ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং আত্মারাম হইয়াও, ঐ গোপীদিগের সহিত পৃথক্ পৃথক্ রমণ করিয়াছিলেন॥ ২০॥

হে রাজন্, করুণাময় ভগবান্ রতিবিহার হেতু শ্রান্ত গোপীদিগের ঘর্ম্মাক্ত বদন নিজ নিরতিশয় সুখকর করকমল দ্বারা প্রেমসহকারে মার্জ্জন করিয়া দিলেন॥ ২১॥

মানং দধত্য ঋষভস্য জগুঃ কৃতানি
পুণ্যানি তৎকররুহস্পর্শপ্রমোদাঃ ॥ ২২ ॥
তাভির্যুতঃ শ্রমমপোহিতুমঙ্গসঙ্গ-
ঘৃষ্টস্রজঃ স কুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ।
গন্ধর্ব্বপালিভিরনুদ্রুত আবিশদ্ বাঃ
শ্রান্তো গজীভিরিভরাড়িব ভিন্নসেতুঃ ॥ ২৩ ॥
সোঽম্ভস্যলং যুবতিভিঃ পরিষিচ্যমানঃ
প্রেম্ণেক্ষিতঃ প্রহসতীভিরিতস্ততোঽঙ্গ।

সুধিতেন অমৃতায়িতেন হাসসহিতেন নিরীক্ষণেন চ ঋষভস্য পত্যুঃ শ্রীকৃষ্ণস্য, মানং দধত্যঃ পূজাং কুর্ব্বত্যঃ, তৎকর্ম্মাণি জগুঃ। তস্য কররুহৈর্নখৈঃ স্পর্শেন প্রমোদোয়াসাং তাঃ ॥ ২২ ॥

অথ জলকেলিমাহ, তাভিরিতি। তাসামঙ্গসঙ্গেন ঘৃষ্টাঃ সংমর্দ্দিতা যা স্রক্ তস্যাঃ, অতস্তাসাং কুচকুঙ্কুমেন রঞ্জিতায়াঃ সম্বন্ধিভির্গন্ধর্ব্বপালিভির্গন্ধর্ব্বপাঃ গন্ধর্ব্বপতয় ইব গায়ন্তো যেঽলয়স্তৈরনুদ্রুতঃ অনুগতশ্চ স শ্রীকৃষ্ণঃ বাঃ উদকং আবিশৎ। ভিন্নসেতুর্বিদারিতবপ্রঃ। স্বয়ং চাতিক্রান্তলোকবেদমর্য্যাদঃ ॥ ২৩ ॥

তদীয় অঙ্গুলি সকলের স্পর্শে আনন্দিত গোপীসকল উজ্জ্বল সুবর্ণকুণ্ডলের ও চূর্ণকুন্তলের কান্তি দ্বারা সুশোভিতগণ্ডস্থল এবং অমৃততুল্য সহাস নিরীক্ষণ দ্বারা কান্ত শ্রীকৃষ্ণের সম্মাননা করিতে করিতে তাঁহারই কর্ম্ম সকল গান করিতে লাগিলেন ॥ ২২ ॥

অঙ্গসঙ্গ দ্বারা সম্মর্দ্দিত অতএব কুচকুঙ্কুমরঞ্জিত পুষ্পমালা সম্বন্ধীয় ও গন্ধর্ব্বপতিদিগের ন্যায় গানকারী ভ্রমরসমূহ কর্ত্তৃক অনুগত বিহারশ্রান্ত গোপীমণ্ডলপরিবৃত শ্রীকৃষ্ণ শ্রমাপনোদনার্থ ভিন্নসেতু করিণীপরিবৃত গজরাজের ন্যায় জলমধ্যে প্রবেশ করিলেন ॥ ২৩ ॥

বৈমানিকৈঃ কুসুমবর্ষিভিরীড্যমানো
রেমে স্বয়ং স্বরতিরত্র গজেন্দ্রলীলঃ ॥ ২৪ ॥
ততশ্চ কৃষ্ণোপবনে জলস্থল-
প্রসূনগন্ধানিলজুষ্টদিক্‌তটে ।
চচার ভৃঙ্গপ্রমদাগণাবৃতো
যথা মদচ্যুদ্দ্বিরদঃ করেণুভিঃ ॥ ২৫ ॥
এবং শশাঙ্কাংশুবিরাজিতা নিশাঃ
স সত্যকামোঽনুরতাবলাগণঃ ।

স্বরতিরাত্মারামোঽপি তত্র গোপীমণ্ডলেঽম্ভসি বা ॥ ২৪ ॥

স্থলজলক্রীড়ে দর্শিতে, বনক্রীড়াং দর্শয়তি, ততশ্চেতি । যমুনায়া উপবনে, জলস্থলপ্রসূনানাং গন্ধো যস্মিন্ তেনানিলেন জুষ্টানি দিশাং তটানি অন্তা যস্মিন্ । যদ্বা,—দিশশ্চ তটং স্থলঞ্চ যস্মিন্ তস্মিন্ বনে । ভৃঙ্গাণাং প্রমদানাঞ্চ গণৈরাবৃতঃ ॥ ২৫ ॥

রাসক্রীড়ানিগমনং, এবমিতি । স শ্রীকৃষ্ণঃ সত্যসঙ্কল্পঃ অনুরাগিস্ত্রীকদম্বঃ এবং সর্ব্বা নিশাঃ সেবিতবান্, শরৎকাব্যকথারসাশ্রয়াঃ শরদি ভবাঃ কাব্যেষু কথ্যমানা যে রসাস্তেষামাশ্রয়ভূতা

হে রাজন্, হাস্যপরায়ণা যুবতিবৃন্দ কর্ত্তৃক চতুর্দ্দিক হইতে অতিশয় সিচ্যমান ও প্রেমসহকারে বিলোকিত এবং কুসুমবর্ষণকারী বিমানস্থ দেবগণ কর্ত্তৃক স্তূয়মান ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং আত্মারাম হইয়াও গজেন্দ্র সদৃশ লীলা প্রকাশ পূর্ব্বক ঐ জলমধ্যে বিহার করিতে লাগিলেন ॥ ২৪ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ জলজ ও স্থলজ কুসুমসমূহের গন্ধবাহী অনিল দ্বারা ব্যাপ্তদিগন্তর যমুনার উপবনে ভ্রমরনিকর ও প্রমদাগণে পরিবৃত হইয়া করিণীপরিবৃত মদস্রাবী মাতঙ্গের ন্যায় বিচরণ করিতে লাগিলেন ॥ ২৫ ॥

সত্যসঙ্কল্প ভগবান্ শ্রীকৃষ্ণ সুরতসম্বন্ধি ভাবহাবাদি আত্মাতে

সিষেব আত্মন্যবরুদ্ধসৌরতঃ
সর্ব্বাঃ শরৎকাব্যকথারসাশ্রয়াঃ ॥ ২৬ ॥

শ্রীপরীক্ষিদুবাচ ।

সংস্থাপনায় ধর্ম্মস্য প্রশমায়েতরস্য চ ।
অবতীর্ণো হি ভগবানংশেন জগদীশ্বরঃ ॥ ২৭ ॥
স কথং ধর্ম্মসেতূনাং বক্তা কর্ত্তাভিরক্ষিতা ।
প্রতীপমাচরদ্ ব্রহ্মন্ পরদারাভিমর্ষণম্ ॥ ২৮ ॥
আপ্তকামো যদুপতিঃ কৃতবান্ বৈ জুগুপ্সিতম্ ।
কিমভিপ্রায় এতং নঃ সংশয়ং ছিন্ধি সুব্রত ॥২৯ ॥

নিশাঃ । যদ্বা ;—নিশা ইতি দ্বিতীয়া অত্যন্তসংযোগে, শৃঙ্গার-রসাশ্রয়াঃ শরদি প্রসিদ্ধাঃ কাব্যেষু যাঃ কথাস্তাঃ সিষেব ইতি । এবমপ্যাত্মন্যেব অবরুদ্ধঃ সৌরতঃ চরমধাতুঃ ন তু স্খলিতো যস্যেতি কামজয়োক্তিঃ ॥ ২৬ ॥

প্রতীপং প্রতিকূলং অধর্ম্মমিত্যর্থঃ । আচরৎ কৃতবান্ । ন চেদমধর্ম্মমাত্রং কলঞ্জভক্ষণাদিবৎ কিন্তু মহাসাহসমিত্যাহ, পরদারাভিমর্ষণমিতি ॥ ২৮ ॥

আপ্তকামস্য ন্যায়মধর্ম্ম ইতি চেত্তর্হি কামাভাবান্নিন্দিতং কেনাভিপ্রায়েণ কৃতবানিতি পৃচ্ছতি, আপ্তকাম ইতি ॥ ২৯ ॥

অবরোধ পূর্ব্বক প্রীতিযুক্ত অবলাগণের সহিত উক্তপ্রকারে কাব্যে কথ্যমান শরৎকালীন রসসকলের আশ্রয়ভূত ও চন্দ্র-কিরণে সমুজ্জ্বল রাত্রি সকল উপভোগ করিয়াছিলেন ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ কহিলেন ;—ধর্ম্মের সংস্থাপন ও অধর্ম্মের নিরসনের নিমিত্তই জগদীশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ নিজ অংশের সহিত এই ধরাধামে অবতীর্ণ হয়েন ॥ ২৭ ॥

হে ব্রহ্মন্, ধর্ম্মসেতু সকলের বক্তা কর্ত্তা ও অভিরক্ষিতা সেই ভগবান্ শ্রীকৃষ্ণ কেন পরস্ত্রীসম্ভোগরূপ প্রতিকূল আচরণ করিলেন ॥ ২৮ ॥

শ্রীশুক উবাচ।

ধর্ম্মব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম্।
তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা॥ ৩০॥
নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ।
বিনশ্যত্যাচরন্ মৌঢ্যাদ্ যথাঽরুদ্রোঽব্ধিজং বিষম্॥ ৩১
ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরিতং ক্বচিৎ।
তেষাং যৎ স্ববচোযুক্তং বুদ্ধিমাংস্তত্তদাচরেৎ॥ ৩২॥

পরমেশ্বরে কৈমুত্যন্যায়েন পরিহর্ত্তুং সামান্যতো মহতাং বৃত্তিমাহ, ধর্ম্মব্যতিক্রম ইতি। সাহসঞ্চ দৃষ্টং প্রজাপতীন্দ্রসোমবিশ্বামিত্রাদিনাং, তচ্চ তেষাং তেজস্বিনাং দোষায় ন ভবতীতি॥ ৩০॥

তর্হি "যদ্যদাচরতি শ্রেষ্ঠঃ" ইতি ন্যায়েনান্যোঽপি কুর্য্যাদিত্যাশঙ্ক্যাহ নৈতদিতি। অনীশ্বরো দেহাদিপরতন্ত্রঃ। যথা রুদ্রব্যতিরিক্তো বিষমাচরন্ ভক্ষয়ন্॥ ৩১॥

হে সুব্রত, আপ্তকাম যদুপতি শ্রীকৃষ্ণ কোন্ অভিপ্রায়ে এই পরস্ত্রীসম্ভোগরূপ নিন্দিত কর্ম্ম করিয়াছিলেন, আমাদিগের এই সংশয় ছেদন করুন॥ ২৯॥

শুকদেব কহিলেন;—কর্ম্মাদিপারতন্ত্র্যরহিত ঈশ্বরদিগের সময়ে সময়ে ধর্ম্মমর্য্যাদার উল্লঙ্ঘন ও সহসা প্রবৃত্তিরূপ কর্ম্ম সকল দৃষ্ট হয় বটে, কিন্তু জ্ঞানাদিশক্তিতে তেজীয়ান্ সেই সকল পুরুষের সেই সকল কর্ম্ম সর্ব্বভুক বহ্নির সর্ব্বভোজনের ন্যায় দোষের নিমিত্ত হয় না॥ ৩০॥

কর্ম্মপরবশ ব্যক্তি সকল এই শাস্ত্রবিরুদ্ধ কর্ম্ম মনেও আচরণ করিবে না; যেহেতু রুদ্র ব্যতিরেকে অন্য কেহ সমুদ্রমন্থনোত্থ গরল ভক্ষণে যেরূপ বিনাশ প্রাপ্ত হয়, তদ্রূপ মূঢ়তাবশতঃ শাস্ত্রবিরুদ্ধ আচরণে অসমর্থ ব্যক্তির বিনাশই ঘটিয়া থাকে॥ ৩১॥

কুশলাচরিতৈরেষামিহ চার্থো ন বিদ্যতে।
বিপর্য্যয়েণ বানর্থো নিরহঙ্কারিণাং প্রভো ॥ ৩৩ ॥
কিমুতাখিলসত্ত্বানাং তির্য্যঙ্মর্ত্ত্যদিবৌকসাম্।
ঈশিতুশ্চেশিতব্যানাং কুশলাকুশলান্বয়ঃ ॥ ৩৪ ॥
যৎপাদপঙ্কজপরাগনিষেবতৃপ্তা
যোগপ্রভাববিধুতাখিলকর্ম্মবন্ধাঃ।

কথং তর্হি সদাচারস্য প্রামাণ্যমত আহ, ঈশ্বরাণামিতি। তেষাং বচঃ সত্যং, অতস্তদুক্তমাচরেদেব; আচরিতন্তু ক্বচিৎ সত্যং, অতঃ স্ববচোযুক্তং তেষাং বচসাং যদ্ যদ্ যুক্তং অবিরুদ্ধং তত্তদেবাচরেৎ ॥ ৩২ ॥

ননু তর্হি তেঽপি কিমেবং সাহসমাচরন্তি তত্রাহ, কুশলেতি। প্রারব্ধকর্ম্মক্ষপণমাত্রং তেষাং কৃত্যং, নান্যদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

প্রস্তুতমাহ, কিমুতেতি। কুশলাকুশলান্বয়ো ন বিদ্যত ইতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

এতদেব স্ফুটীকরোতি। যস্য পাদপঙ্কজপরাগস্য নিষেবেণ

ঈশ্বরদিগের আজ্ঞারূপ বাক্যই প্রমাণ। তাঁহাদিগের আচরণ কোথাও কোথাও প্রমাণ হইয়া থাকে। অতএব বুদ্ধিমান্ ব্যক্তি তাঁহাদিগের উপদেশাত্মক স্বীয় বচনের অবিরুদ্ধ আজ্ঞারূপ বাক্যই পালন করিবেন ॥ ৩২ ॥

হে প্রভো, নিরহঙ্কার ঈশ্বরদিগের জনসংগ্রহার্থ ধর্ম্মানুষ্ঠান দ্বারা ইহলোকে বা পরলোকে সুখরূপ ফল নাই। আবার পরমেশ্বরের ইচ্ছায় বা প্রারব্ধবশে অধর্ম্মানুষ্ঠান দ্বারাও দুঃখরূপ অনর্থও ঘটে না ॥ ৩৩ ॥

যদি নিয়ম্য নিরহঙ্কার জীবগণেরই পুণ্যপাপসম্বন্ধ না থাকে, তবে তির্য্যক্ মনুষ্য ও দেবতারূপে অবস্থিত অখিল প্রাণীর নিয়ন্তা পরমেশ্বর শ্রীকৃষ্ণের যে পাপ-পুণ্য-সম্বন্ধ নাই, তাহা বলিতে হয় না ॥ ৩৪ ॥

স্বৈরং চরন্তি মুনয়োঽপি ন নহ্যমানা-
স্তস্যেচ্ছয়াত্তবপুষঃ কুত এব বন্ধঃ ॥ ৩৫ ॥
গোপীনাং তৎপতীনাঞ্চ সর্ব্বেষামেব দেহিনাম্।
যোঽন্তশ্চরতি সোঽধ্যক্ষ এব ক্রীড়নদেহভাক্ ॥৩৬
অনুগ্রহায় ভক্তানাং মানুষং দেহমাশ্রিতঃ।
ভজতে তাদৃশীঃ ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেৎ॥৩৭

নিষেবণেন তৃপ্তাঃ। যদ্বা ;—যস্য পাদপঙ্কজপরাগাণাং নিষেবা যেষাং তে তথা, তে চ তৃপ্তাশ্চেতি, ভক্তা ইত্যর্থঃ। তথা জ্ঞানিনশ্চ ন নহ্যমানা বন্ধনমপ্রাপ্তবন্তঃ ॥ ৩৫ ॥

পরদারত্বং গোপীনামঙ্গীকৃত্য পরিহৃতং। ইদানীং ভগবতঃ সর্ব্বান্তর্যামিণঃ পরদারসেবা নাম ন কাচিদিত্যাহ,গোপীনামিতি। যোঽন্তশ্চরতি অধ্যক্ষো বুদ্ধ্যাদিসাক্ষী স এব ক্রীড়নেন দেহভাক্ ন তস্মদাদিতুল্যঃ, যেন দোষঃ স্যাদিতি ভাবঃ॥ ৩৬ ॥

নন্বেবঞ্চেৎ আপ্তকামস্য নিন্দিতে কুতঃপ্রবৃত্তিরিত্যত আহ, অনুগ্রহায়েতি। শৃঙ্গাররসাকৃষ্টচেতসোঽতিবহির্ম্মুখানপি স্বপরান্ কর্ত্তুমিতি ভাবঃ ॥ ৩৭ ॥

যাঁহারা পাদপদ্মের পরাগ সেবা দ্বারা নিবৃত্তবিষয়াভিলাষ এবং যোগপ্রভাবে নিবৃত্তসমস্তকর্ম্মবন্ধন মুনিগণও বদ্ধ না হইয়া মুক্তভাবে যথেচ্ছ বিচরণ করিয়া থাকেন, ইচ্ছানুসারে স্বীকৃত দেহ সেই পরমেশ্বর শ্রীকৃষ্ণের কেন বন্ধন হইবে ? ॥ ৩৫ ॥

যিনি গোপীদিগের এবং তৎপতিদিগের ও সমস্ত প্রাণীর অন্তরে নিয়ন্তৃরূপে অবস্থিত, সেই সর্ব্বাধ্যক্ষ শ্রীকৃষ্ণ লীলার্থই দেহধারণ করিয়াছেন, অতএব গোপীদিগের বা শ্রীকৃষ্ণের পক্ষে সামান্য দৃষ্টিতেও কোন দোষেরই সম্ভাবনা দেখা যায় না ॥ ৩৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ আপ্তকাম হইয়াও ভক্তবর্গের প্রতি অনুগ্রহ প্রকাশের নিমিত্তই মনুষ্যশরীর ধারণ পূর্ব্বক বিবিধ লীলা

নাসূয়ন খলু কৃষ্ণায় মোহিতাস্তস্য মায়য়া।
মন্যমানাঃ স্বপার্শ্বস্থান্ স্বান্ স্বান্ দারান্ ব্রজৌকসঃ॥৩৮
ব্রহ্মরাত্র উপাবৃত্তে বাসুদেবানুমোদিতাঃ।
অনিচ্ছন্ত্যো যযুর্গোপ্যঃ স্বগৃহান্ ভগবৎপ্রিয়াঃ॥৩৯
বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ
শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।

নন্বন্যেঽপি ভিন্নাচারাঃ স্বচেষ্টিতৈর্মেবমেবেতি বদন্তি তত্রাহ, নাসূয়ন্নিতি। এবম্ভূতৈশ্বর্য্যাভাবে তথা কুর্ব্বন্তঃ পাপা জ্ঞেয়া ইতি ভাবঃ॥ ৩৮॥

ব্রহ্মরাত্রে ব্রাহ্মে মুহূর্ত্তে উপাবৃত্তে প্রাপ্তে॥ ৩৯॥

ভগবতঃ কামবিজয়রূপরাসক্রীড়াশ্রবণাদেঃ কামবিজয়মেব ফলমাহ বিক্রীড়িতমিতি। অচিরেণ ধীরঃ সন্ হৃদ্রোগং কামং

বিস্তার করিয়া থাকেন। ঐ সকল লীলাও আবার বহির্দৃষ্টিতে নিন্দনীয়রূপে প্রতিভাত হইলেও উহাদিগের শ্রবণে, মুক্ত ও মুমুক্ষুর কথা দূরে থাকুক, বহির্মুখ বিষয়ী পর্যন্ত সকলকেই ভগবৎপরায়ণ করিয়া দেয়॥ ৩৭॥

শ্রীকৃষ্ণের মায়া দ্বারা মোহিতচিত্ততাবশতঃ নিজ নিজ স্ত্রীদিগকে নিজ নিজ সমীপেই অবস্থিত জানিয়া ব্রজবাসী গোপ সকলই যখন শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করেন নাই, তখন উক্ত লীলা শ্রবণে বহির্মুখ ব্যক্তিদিগেরও ভগবৎপরতা অবশ্যম্ভাবিনী॥ ৩৮॥

সে যাহা হউক, এইরূপ বিহারে নিশাবসানে ব্রাহ্ম মুহূর্ত্ত উপস্থিত হইলে, শ্রীকৃষ্ণকর্ত্তৃক অনুমোদিতা ভগবৎপ্রিয়া গোপী সকল ইচ্ছা না থাকিলেও নিজ নিজ গৃহে প্রতিগমন করিলেন॥ ৩৯॥

ব্রজবধূবর্গের সহিত শ্রীকৃষ্ণের এই যে লীলা এবং তাঁহার

ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং
হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রাসক্রীড়ায়াং নাম
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।
শ্রীশ্রীরাসপঞ্চাধ্যায়ে পঞ্চমোঽধ্যায়ঃ।

আশু অপহিনোতি পরিত্যজতীতি। সেয়ং শ্রীপরমানন্দমেদি-শ্রীধরনির্ম্মিতা। শ্রীভাগবতভাবার্থদীপিকা দশমাশ্রয়া ॥ ৪০ ॥

ইতি দশমে ত্রয়স্ত্রিংশঃ।

অপরাপর লীলা যে ব্যক্তি শ্রদ্ধা সহকারে শ্রবণ বা কীর্ত্তন করেন, তিনি তাঁহাতে পরমোৎকৃষ্টা ভক্তি লাভ করিয়া অচিরেই ধৈর্য্যান্বিত হইয়া হৃদ্গত কামরোগ আশু উন্মূলন করিয়া থাকেন ॥ ৪০ ॥

পঞ্চম অধ্যায় সমাপ্ত।

পরিশিষ্ট।

ঊনত্রিংশ অধ্যায়।

১ম শ্লোক। মূলে "বাদরায়ণিরুবাচ" এই পাঠ ধরা হইয়াছে। উহার অনুবাদ "বাদরায়ণি বলিলেন"। বক্ষ্যমাণ রাসপ্রসঙ্গ মহামহিমান্বিত। তাদৃশ প্রসঙ্গের বলে বাদরায়ণি শব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ এইরূপ ;—বদর শব্দের অর্থ, বদরী-বৃক্ষ ; বদর শব্দের উত্তর ষ্ণ প্রত্যয় করিয়া নিষ্পন্ন বাদর শব্দের অর্থ, বদরীবৃক্ষমণ্ডিত বদরিকাশ্রম নামক প্রসিদ্ধ তপোবন ; বাদর যাঁহার অয়ন অর্থাৎ আশ্রয়, তিনি বাদরায়ণ ; অতএব বাদরায়ণ শব্দের অর্থ, বাদর তপোবনে তপোনুষ্ঠান-রত শ্রীবেদব্যাস ; শ্রীকৃষ্ণের উপাসনাই তাঁহার তপস্যা ; কারণ, সর্ব্বজ্ঞ শ্রীবেদব্যাসের তাদৃশ পরমোত্তম তপস্যার অনুষ্ঠানই উচিত ; বাদরায়ণ শব্দের উত্তর অপত্যার্থে ঞি প্রত্যয় করিয়া নিষ্পন্ন বাদরায়ণি শব্দের অর্থ, বাদরায়ণের তাদৃশী তপস্যার ফলরূপ পুত্র শ্রীশুকদেব। শব্দব্যুৎপত্তি দ্বারা শ্রীশুকদেবের সর্ব্বজ্ঞত্ব ও শ্রীভগবৎপ্রেমরসময়ত্বাদি অধিকরূপে স্ফুরিত হইলেও, বাদরায়ণি-শব্দ-নির্দ্দেশের মাহাত্ম্যপর্য্যবসান এই শ্রীরাসলীলাতেই দৃষ্ট হয় ; কারণ, বাদরায়ণিই এই মহামহিমান্বিত রাসপ্রসঙ্গের উপযুক্ত বক্তা। অতএব বক্তার ন্যায় ভক্তি-পরায়ণ হইয়া, এই রাসপ্রসঙ্গ শ্রবণ করা উচিত, ইহাই বাদরায়ণি শব্দ নির্দ্দেশের অভিপ্রায়।

কোন কোন পুস্তকে "বাদরায়ণিরুবাচ" এই পাঠের পরি-

বর্ত্তে "শুক উবাচ" এই প্রকার পাঠও দেখা যায়। উহার অনুবাদ "শুকদেব বলিলেন"। বক্ষ্যমাণ রাসপ্রসঙ্গ পরমোজ্জ্বল-রসাত্মক। উজ্জ্বল রসে মধুর ও কোমল পদাবলিই প্রযোজ্য। শুকপক্ষীর ন্যায় স্বভাবতঃ মধুর ও কোমল পদাবলির প্রয়োগ বিষয়ে নিপুণ শ্রীশুকদেবই এই পরমোজ্জ্বলরসাত্মক রাস-প্রসঙ্গের উপযুক্ত বক্তা। অতএব বক্তার ন্যায় উজ্জ্বলরসে আবিষ্টচিত্ত হইয়া, এই রাসপ্রসঙ্গ শ্রবণ করা উচিত, ইহাই শুকপদ প্রয়োগের অভিপ্রায়।

বিষয় ও বিষয়ীর পরস্পর-সম্বন্ধ-কৃত বৃত্তিস্ফুরণই লীলা। আশ্রয়তত্ত্বকে বিষয়ী বলা যায় এবং আশ্রিততত্ত্বকে বিষয় বলা যায়। আশ্রয়তত্ত্ব শ্রীভগবান্ বিষয়ী এবং আশ্রিততত্ত্ব তদীয়-শক্তিবর্গ বিষয়। শক্তি ও শক্তিমানের পরস্পর ভেদ নাই; অতএব শক্তিমান্ বিষয়ী শ্রীভগবান্ ও তদীয় শক্তিবর্গ বিষ-য়ের পরস্পর ভেদ নাই। বিষয়ী শ্রীভগবান্ এক—অদ্বিতীয়; বিষয় বা শক্তিবর্গ বিষয়ী শ্রীভগবানেরই লীলাসামর্থ্য, তাঁহা হইতে অভিন্ন। শ্রীভগবানের লীলা প্রধানতঃ ত্রিবিধা; নিত্য-লীলা, সৃষ্টিলীলা ও সংসারলীলা। নিত্যধামের নিত্যক্রিয়ার নাম নিত্যলীলা, বিশ্বোৎপাদন ক্রিয়ার নাম সৃষ্টিলীলা এবং জন্মাদি-মোক্ষান্ত ক্রিয়ার নাম সংসারলীলা। তন্মধ্যে সংসারলীলা-সামর্থ্যের নাম জীবশক্তি, সৃষ্টিলীলাসামর্থ্যের নাম মায়াশক্তি ও নিত্যলীলাসামর্থ্যের নাম স্বরূপশক্তি। উক্ত ত্রিবিধশক্তিরই আবার শক্তিরূপ ও অধিষ্ঠাতৃরূপ নামক দুইটি দুইটি রূপ আছে। তন্মধ্যে শক্তিরূপটি শ্রীভগবানের স্বরূপেরই অন্তর্গত এবং অধিষ্ঠাতৃরূপটি ভিন্নাকারে প্রকাশিত। স্বরূপশক্তির শক্তিরূপটি শ্রীভগবানের শ্রীমূর্ত্তির অন্তর্গত এবং অধিষ্ঠাতৃরূপটি নিত্যলীলার পরিকর সকল। মায়াশক্তির শক্তিরূপটি শ্রীভগ-

বানের আবির্ভাববিশেষের বা অন্তর্যামী পরমাত্মার অন্তর্গত এবং অধিষ্ঠাতৃরূপটি মহামায়া। জীবশক্তির শক্তিরূপটি শ্রীভগবানের অপর আবির্ভাবের বা সত্তামাত্র ব্রহ্মের অন্তর্গত এবং অধিষ্ঠাতৃরূপটি জীবসমষ্টি।

নিত্যলীলায় আশ্রয়তত্ত্ব শ্রীভগবানের এবং তদীয় শক্তিরূপ ও শক্ত্যধিষ্ঠাতৃরূপ দ্বিবিধ বিষয়তত্ত্বের পরস্পর-সম্বন্ধ-কৃত বৃত্তিস্ফুরণ স্বভাবতঃ সিদ্ধ হয়। ঐ নিত্যলীলা আবার যাহাতে রসতা বা আস্বাদ-যোগ্যতা প্রাপ্ত হয়, তাহাকেই রাসলীলা বলা যায়। এই লক্ষণটি কিন্তু রাসলীলার সামান্য লক্ষণ। নিত্যলীলা যাহাতে আস্বাদ-যোগ্যতার পরাকাষ্ঠা লাভ করে, তাহাই রাসলীলার বিশেষ লক্ষণ। পারিভাষিক অর্থে রাসলীলা শব্দ দ্বারা নৃত্যবিশেষ বোধিত হয়।—"নর্ত্তকীভিরনেকাভির্মণ্ডলে বিচরিষ্ণুভিঃ। যত্রৈকো নৃত্যতি নটস্তদ্বৈ হল্লিশকং বিদুঃ॥ তদেবেদং তালবন্ধগতিভেদেন ভূয়সা। রাসঃ স্যাৎ স নাকেঽপি বর্ত্ততে কিং পুনর্ভুবি॥"—মণ্ডলচারিণী অনেক নর্ত্তকীর সহিত একমাত্র নটের যে নৃত্য, তাহার নাম হল্লিশক॥ ঐ হল্লিশক নামক নৃত্য যদি আবার নানাপ্রকার তালবন্ধ ও গতিভেদে সম্পাদিত হয়, তবে তাহাকে রাস বলা যায়। তাদৃশ রাস স্বর্গেও দৃষ্ট হয় না, ভূতলের ত কথাই নাই।

বিষয়তত্ত্ব ও আশ্রয়তত্ত্বের স্বাভাবিক বৃত্তিস্ফুরণরূপ নিত্যলীলায় দুইটি উদ্দেশ্যের সিদ্ধি দেখা যায়। একটি উদ্দেশ্য সাধক জীবের আকর্ষণ, দ্বিতীয় উদ্দেশ্য নিত্যসিদ্ধ পরিকরবর্গের মনোরথ পরিপূরণ। সাধক জীব জ্ঞানী ও ভক্ত ভেদে দ্বিবিধ। তন্মধ্যে জ্ঞানীর প্রেম না থাকায় আকর্ষণ সম্ভব হয় না, ভক্তের প্রেম থাকায় উহা সম্ভব হয়। সংসা-

রের মিথ্যাত্ব বোধ ও তজ্জনিত দৃঢ়তর বৈরাগ্য দ্বারা জ্ঞানীর জ্ঞান মোক্ষফল উৎপাদন করিয়াই নিরস্ত হইয়া থাকে। ভক্তের ভক্তি সংসারের সত্যত্ববোধ ও তজ্জনিত নাতিসক্তি ও নাতিবিরক্তি দ্বারা প্রেমাবির্ভাবের সাহায্য করে। জ্ঞানীর দৃষ্টিতে সংসার মিথ্যা, সুতরাং তাঁহার সংসারে অত্যন্ত বিরক্তি অবশ্যম্ভাবিনী, ভক্তের দৃষ্টিতে সংসার মিথ্যা নহে, কিন্তু সংসারদশায় উহার স্বরূপ সর্ব্বতোভাবে অভিব্যক্ত হয় না বলিয়া মায়াময়, সুতরাং তাঁহার সংসারে অতিশয় বৈরাগ্য অসম্ভব। ভক্তের সংসারে অতিশয় বৈরাগ্য অসম্ভব হইলেও উহাতে অত্যন্ত আসক্তিও থাকে না; কারণ, তিনি ঐ সংসারকে নিত্য ভগবৎসংসারের অনিত্য ছায়া রূপেই দেখিয়া থাকেন। ভগবৎসংসারে লক্ষ্যবিশিষ্ট ভক্তের ইহসংসারের আকর্ষণ বা প্রেম ক্রমশঃ নির্ম্মল হইয়া ভগবৎসংসারের আকর্ষণে বা প্রেমে পর্য্যবসিত হইয়া থাকে। ঐহিক প্রেম অনিত্য দেহদৈহিক সম্বন্ধে-সম্বদ্ধ থাকায় মলিন এবং ভগবৎসংসারের প্রেম অনিত্য দেহদৈহিক সম্বন্ধ বর্জ্জিত হওয়ায় নির্ম্মল। ছায়ারূপ মায়িক মলিন প্রেম বিম্বরূপ অমায়িক বিশুদ্ধ প্রেমকে ত্যাগ করিয়া থাকিতে পারে না; ছায়া বা প্রতিবিম্ব বিম্ব ব্যতিরেকে থাকিতে পারে না। মায়িক প্রেম গৌণমুখ্য ভেদে দ্বিবিধ দেখা যায়; অমায়িক প্রেমও গৌণমুখ্য ভেদে দুই প্রকার শ্রবণ করা যায়। মায়িক মুখ্যপ্রেম শান্তাদিভেদে পঞ্চবিধ দেখা যায়; অমায়িক মুখ্য প্রেমও শান্তাদি ভেদে পঞ্চপ্রকার শুনা যায়। মায়িক কান্তা প্রেমই সকল প্রেমের সার, কারণ, উহা অধিকগুণবিশিষ্ট বলিয়া অধিকতর স্বাদু; অমায়িক কান্তাপ্রেমও তদ্রূপই। মায়িক কান্তাপ্রেমের পরকীয়াত্ব ঘৃণিত হয়;

অমায়িক কান্তাপ্রেমের পরকীয়াত্ব ঘৃণিত হয় না, পরন্তু পূজিতই হইয়া থাকে। পরকীয়ভাবে রসের উল্লাস হেতু, ভগবৎসংসারে ব্রজদেবীগণের প্রেমই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত হয়। বস্তুতঃ ব্রজদেবীগণের প্রেম সীমান্তপ্রাপ্ত—উচ্চতম অবস্থায় অবস্থিত। মধুরা রতি উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হইয়া পরিপাকে প্রেম, স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ও ভাব পর্য্যন্ত অবস্থা প্রাপ্ত হয়। তন্মধ্যে কেবল ব্রজদেবীগণের ভাবই মহাভাব আখ্যা প্রাপ্ত হয়, অন্যের ভাব তাহা প্রাপ্ত হয় না। ভাবের পরাকাষ্ঠাই মহাভাব। ঐ মহাভাব কেবল ব্রজদেবী-নিষ্ঠ, কেবল ব্রজদেবীগণেই দৃষ্ট হইয়া থাকে। শ্রীভগবান্ প্রেমিক সাধক ভক্তগণের আকর্ষণ ও প্রেমিক সিদ্ধ ভক্ত-গণের মনোরথ পরিপূরণের নিমিত্তই সমস্ত লীলা করিয়া থাকেন, এবং ঐ সকল লীলাও তাঁহার সচ্চিদানন্দময়ী বৃত্তির স্ফুরণমাত্র, অতএব সর্ব্বাতিশয়-প্রেমবতী ব্রজদেবীগণের মনোরথ পরিপূরণই যে শ্রীভগবানের রাসলীলার মুখ্যতর প্রয়োজন এবং তাঁহাদের মনোরথ পরিপূরণই যে তাঁহার সর্ব্বোৎকৃষ্ট স্বরূপানন্দ, তাহা বলা বাহুল্য। এই দুইটি বিষয় প্রচার করিবার নিমিত্তই ভগবান্ বেদব্যাস পঞ্চেন্দ্রিয় তুল্য ভক্তজনপ্রিয় পঞ্চ অধ্যায় দ্বারা ব্রজদেবীগণের সহিত শ্রীভগ-বানের রাসক্রীড়া বর্ণন করিতেছেন; কারণ, "সাক্ষান্মন্মথ-মন্মথঃ"—শ্রীভগবান্ কন্দর্পেরও মোহনকারী, "ত্রৈলোক্য-লক্ষ্ম্যেকপদং বপুর্দধৎ"—তিনি ত্রৈলোক্যের নিখিল সৌন্দর্য্যের অদ্বিতীয় আধারস্বরূপ শরীর ধারণ করিলেন, "গোপ্যস্তপঃ কিমচরন্"—গোপীগণ কি তপস্যাই করিয়াছেন, যে তাঁহারা নেত্র দ্বারা শ্রীভগবানের অনুপম, লাবণ্যসারভূত রূপ পান করিতেন, ইত্যাদি শ্লোকের অর্থ পর্য্যালোচনা করিলে, দেখা

যায় যে, যাহা সমস্ত আত্মারামগণেরও দুর্লভ, সেই শ্রীভগবানের রূপ, গন্ধ, স্পর্শ ও শব্দ, একমাত্র ব্রজদেবীগণই বিশেষরূপে অনুভব করিয়াছেন, এবং সেই শ্রীভগবানের অধরামৃতরূপ রস, যাহা সর্ব্বপ্রকারে অন্যত্র অসম্ভব, তাহাও একমাত্র শ্রীগোপীগণই পান করিয়াছেন, এইহেতু, কান্তা প্রেমের বিস্তার শ্রীগোপীগণেই সুসিদ্ধ হয়, অতএব তাঁহারাই উক্ত রাসক্রীড়ার যোগ্য পাত্র।

ইতিপূর্ব্বে ঐ শ্রীগোপীগণের ও শ্রীভগবানের যে নবরাগ বিশেষরূপে বর্ণিত হইয়াছে, এবং পরেও যাহা বিশেষরূপে বর্ণিত হইবে, তাহা স্মরণ পূর্ব্বক, অতিবিশেষরূপে বর্ণনা করিবার নিমিত্ত, তদুভয়ের নবসঙ্গম স্মরণ করিয়া বলিতেছেন,—"ভগবানপি" ইতি। মূলোক্ত "ভগবানপি" শব্দের অনুবাদ, ভগবানও, অপি শব্দ দ্বারা শ্রীগোপীদিগের পূর্ব্ববর্ণিত নবরাগ স্মরণ করাইতেছেন, এবং সম্পূর্ণ বাক্য দ্বারা বক্ষ্যমাণ সঙ্গমের নবত্ব বুঝাইতেছেন।

শ্রীগোপীগণ বস্ত্রহরণের সময় হইতে পূর্ব্বরাগ-স্বভাব সমুত্থ-চিত্তচাঞ্চল্য বশতঃ রমণের নিমিত্ত মানস করিয়াছিলেন; কিন্তু শ্রীভগবান্ জাতানুরাগ হইয়াও, ধৈর্য্য হেতু মিলনের পক্ষে প্রয়োজনীয় আগ্রহাদির উৎপাদনোপযোগী কালবিশেষের প্রতীক্ষা করিতেছিলেন, রমণাভিলাষ উত্থিত হইতে দেন নাই। তিনি সম্প্রতি অষ্টবর্ষেই আবির্ভূত নিজের মধ্য-কৈশোর বয়স, এবং উক্ত বয়সের সময় প্রাপ্ত সর্ব্বসুখ-প্রদত্ব, সর্ব্বমঙ্গলময়ত্ব ও প্রকটিতবেণুশিক্ষাদিবিশেষত্ব হেতু, অপরাপর রাত্রি সকল হইতে বিলক্ষণ, বস্ত্রহরণসময়ে কুমারীগণের নিকট প্রতিজ্ঞাত রাত্রি সকল সমাগত দেখিয়া ঐ রাত্রির পূর্ণিমারাত্রিত্ব বিধায় তদাগমনারম্ভে পূর্ব্বানু-

রাগের দীপ্ততা হেতু ধৈর্য্যচ্যুত হইয়া, রমণার্থ মানস করি-লেন। ইহাই সম্পূর্ণ বাক্যের তাৎপর্য্য।

উক্ত বাক্যের শ্লেষার্থ দ্বারা, "আত্মারামাশ্চ মুনয়ঃ"—শ্রীভগবানের এমনই গুণ যে, আত্মারাম মুনিগণও তাঁহাতে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন, ইত্যাদি বাক্যের ন্যায়, ইহাই বুঝাইতেছে, যে, শ্রীভগবান্ সর্ব্বার্থপরিপূর্ণ হইয়াও, ঐ সকল রাত্রিকে দর্শন করিয়া, অর্থাৎ উদ্দীপনরূপে অনুভব করিয়া, রমণার্থ মানস করিলেন। আবার তদ্দ্বারা, শ্রীভগবান্ সর্ব্বার্থপরিপূর্ণ হইয়াও, যাঁহাদিগের সহিত রমণার্থ মানস করিলেন, তাঁহারাও যে বিশেষপ্রেমমহিমান্বিত, তাহা বলা বাহুল্য, এইরূপ কৈমুত্যও প্রদর্শিত হইল। এই নিমিত্তই, যাঁহাতে সমস্ত গুণ ব্যক্ত হয়, সেই কৈশোর বয়সও মানিত হইলেন। শ্রীবিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে;—

"সোঽপি কৈশোরকবয়ো মানয়ন্ মধুসূদনঃ।
রেমে তাভিরমেয়াত্মা ক্ষপাসু ক্ষপিতাহিতঃ॥"

অমঙ্গলবিনাশী, অমেয়াত্মা ভগবান্ মধুসূদন কৈশোর বয়সের সম্মান করিয়া রাত্রিসমূহে গোপীগণের সহিত রমণ করিয়াছিলেন।

শ্রীহরিবংশেও উক্ত হইয়াছে;—

"যুবতীর্গোপকন্যাশ্চ রাত্রৌ সংকাল্য কালবিৎ।
কৈশোরকং মানয়ানঃ সহ তাভির্মুমোদ হ॥"

কালবিৎ ভগবান্ শ্রীকৃষ্ণ কৈশোরবয়সের সম্মান পূর্ব্বক রাত্রিতে যুবতী গোপকন্যাদিগকে একস্থানে সমবেত করিয়া, তাঁহাদিগের সহিত রমণ করিয়াছিলেন।

পঞ্চবর্ষ পর্য্যন্ত বয়সের নাম কৌমার, দশ বর্ষ পর্য্যন্ত বয়সের নাম পৌগণ্ড, পঞ্চদশবর্ষ পর্য্যন্ত বয়সের নাম কৈশোর, ইহার

পর যে বয়স তাহাই যৌবন। তন্মধ্যে কৈশোর আবার আদ্য-কৈশোর, মধ্যকৈশোর ও শেষকৈশোর ভেদে তিনপ্রকার। মধ্যকৈশোরে উরুদ্বয়, বাহুদ্বয়, ও বক্ষঃস্থলের শোভা এবং মূর্ত্তির মধুরিমা প্রকাশ পাইয়া থাকে। শ্রীভগবান্ স্বীয় মধ্যকৈশোরেই পূর্ব্বপ্রতিশ্রুত রাত্রি সকলের সমাগম দর্শনে, অনুরাগের উদ্দীপন বশতঃ, ধৈর্য্যচ্যুত হইয়া, আলম্বনরূপা গোপীদিগের সহিত রমণার্থ মানস করিলেন।

যাহাতে ও যাহা দ্বারা রত্যাদি আস্বাদিত হয়, তাহার নাম নাম বিভাব। ঐ বিভাব উদ্দীপন ও আলম্বন ভেদে দ্বিবিধ। ভগবান্ আশ্রয়ালম্বন ও ভক্তগণ বিষয়ালম্বন। আর যদ্দ্বারা ভাব উদ্দীপিত হয়, তাহার নাম উদ্দীপন। দেশ, কাল ও গুণাদিকেই উদ্দীপন বলা যায়। ফলতঃ, যাহাকে অবলম্বন করিয়া রসের উদ্গম হয়, তাহাই আলম্বন, এবং যাহারা সেই আলম্বনকে স্মরণ করাইয়াই ভাবের উদ্দীপন করে, তাহা-দিগেরই নাম উদ্দীপন। বক্ষ্যমাণ রাসপ্রসঙ্গে রাত্রি প্রভৃতি উদ্দীপন ; আলম্বন শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ ও তদীয় ভক্ত গোপীগণ।

মূলে "চক্রে"—করিলেন, এই আত্মনেপদী কৃ ধাতু দ্বারা ক্রিয়ার নির্দ্দেশ করা হইয়াছে। ক্রিয়ার ফল কর্ত্তার হউক, এই অভিপ্রায়েই আত্মনেপদ প্রয়োগের বিধান দেখা যায়। অতএব এই রাসরমণ যে কেবল ভক্তগণেরই সুখার্থ, তাহা নহে ; পরন্তু শ্রীভগবানের নিজসুখও অভিপ্রেত হইয়াছে।

মূলে "তাঃ"—সেই শব্দের প্রয়োগ দ্বারা উক্ত কালটি শ্রীভগবানেরও চমৎকারকর এই প্রকার কালবৈশিষ্ট্য ব্যক্ত করিয়া, "শরদোৎফুল্লমল্লিকাঃ"—শরৎকালহেতু প্রফুল্লমল্লিকা-ন্বিত, এই বিশেষণ প্রয়োগ দ্বারা, তৎসম্বলিত শ্রীবৃন্দাবন-সৌন্দর্য্যও প্রদর্শন করিতেছেন ; কারণ, শরৎকালে মল্লিকা

প্রস্ফুটিত হয় না, অতএব তদুভয়ের পরস্পর সংযোগ অপ্রসিদ্ধ। তদুভয়ের পরস্পর সংযোগ অপ্রসিদ্ধ হইলেও, অসাধারণ কালের গুণে মল্লিকা পুষ্প প্রস্ফুটিত হইয়া সেই সকল রাত্রিতে শ্রীবৃন্দাবনের বিশেষ শোভা সম্পাদন করিতেছিল, ইহাই উক্ত বিশেষণের তাৎপর্য্য। এতদ্দ্বারা শরতের ও মল্লিকা পুষ্প সমূহের অপূর্ব্বত্ব ব্যঞ্জিত হইতেছে। মল্লিকা পুষ্প উপলক্ষণ মাত্র, মল্লিকাদি পুষ্পই মল্লিকা শব্দের তাৎপর্য্য।

এইরূপে আলম্বন, কাল ও দেশ প্রভৃতি, সমস্তেরই শ্রীকৃষ্ণের পক্ষে প্রেমময়-পরম-সুখ-প্রদত্ব প্রদর্শিত হইয়াছে। কারণ, শ্রীকৃষ্ণের রাসরমণেচ্ছা, হ্লাদিনীশক্তির বিলাসরূপ যে প্রেমবিশেষ, সেই প্রেমবিশেষময়ী, প্রাকৃত-কামময়ী নহে। অতএব স্বামিপাদ যে, কামবিজয়-খ্যাপনার্থ শ্রীরাসলীলার প্রচার, এই কথা বলিয়াছেন, তাহাও উপযুক্ত হইয়াছে। তিনি স্বয়ংই নিজবাক্যের পোষণার্থ এই রাসপঞ্চাধ্যায়কে নিবৃত্তিপর বলিয়াছেন। ভগবান্ শুকদেবও রাসের শেষে ঐরূপই বলিবেন। প্রেমবিশেষময়ী শ্রীরাসলীলা কোন অংশেই কামক্রীড়া নহে। শ্রীরাসলীলায় কামকর্ম্মক জয়ই—কামকে জয়ই ব্যক্ত হয়, কাম কর্ত্তৃক জয়—কামের জয় প্রকাশ পায় না। অথচ রাসলীলায় পরদার বিনোদ দ্বারা সাধারণতঃ কাম কর্ত্তৃক জয়ই প্রতীত হইয়া থাকে। পরদার বিনোদ ব্যাপারে কামকর্ম্মক জয়—কামকে জয় করা অবশ্য দুর্ঘটঘটনা। দুর্ঘটঘটনার সম্পাদনে দুর্ঘট-ঘটনা-পটীয়সী শক্তির সহায়তা অবশ্যাপেক্ষণীয়া। তন্নিমিত্তই মূলে "যোগমায়ামুপাশ্রিতঃ" এই অংশের প্রয়োগ হইয়াছে।

যোগমায়া শব্দের অর্থ, পরাখ্যা অচিন্ত্যশক্তি, জীবমায়া বা গুণমায়া নহে; কারণ, জীবের স্বরূপাবরিকা জীবমায়া বা

অস্বরূপাবেশজনিকা গুণমায়া দ্বারা রাসলীলারূপ দুর্ঘটঘটন সম্ভব হয় না। পরাখ্যা অচিন্ত্যশক্তি ভিন্ন, যিনি শ্রীভগবানের দৃষ্টিপথে অবস্থান করিতে পারেন না সেই মায়াশক্তি দ্বারা কি কখন উক্ত গুরুতর ব্যাপার সংঘটিত হইতে পারে?

পূর্ব্বাচার্য্যগণ যোগমায়া শব্দের অনেকগুলি অর্থ করিয়াছেন। সকল অর্থই স্বরূপশক্তিপর। ঐ সকল অর্থ যথা—

যোগ—ঐশ্বর্য্য; মায়া—কৃপা; যোগমায়া—ঐশ্বর্য্যযুক্তা কৃপা। শ্রীভগবান্ রাসলীলায় ঐশ্বর্য্যযুক্তা কৃপাকে সহায় করিয়াছিলেন, অর্থাৎ নিজ ঐশ্বর্য্যের সহিত কৃপা বিস্তার করিয়াছিলেন।

যোগ—আত্মারামতা; মায়া—আবরিকা শক্তি; যোগমায়া—আত্মারামতা ও আবরিকা শক্তি অর্থাৎ কপটতা। এই অর্থে "যোগমায়ামুপাশ্রিতঃ" এই অংশের সহিত—"অপি" শব্দের অন্বয় করিতে হইবে। তাহাতে অর্থ হইবে—শ্রীভগবান্ সদা আত্মারামতা বিশিষ্ট ও কপটতা বিশিষ্ট হইয়াও রমণার্থ মানস করিয়াছিলেন। অর্থাৎ রাসক্রীড়ায় আত্মারামতা ও কপটতা উভয়ই গোপন করিয়াছিলেন।

যোগ—সংযোগ; মায়া—বঞ্চনা; যোগমায়া—যোগে সংযোগ বিষয়ে মায়া বঞ্চনা। এই অর্থেও পূর্ব্ববৎ 'অপি' শব্দের অন্বয় করিতে হইবে। তাহাতে অর্থ হইবে—শ্রীভগবান্ রাসক্রীড়ায় সংযোগ বিষয়ে বঞ্চনা করেন নাই।

যুনক্তি নিত্যং বক্ষসি যোগং প্রাপ্নোতি ইতি যোগা, যোগা যা মা লক্ষ্মীঃ সা যোগমা, তস্যাং যোগমায়াম্ উপাশ্রিতঃ, নিত্যং বর্ত্তমানঃ, তয়া সদা সেব্যমানঃ অপি—বক্ষঃস্থলস্থিতা শ্রীলক্ষ্মীদেবী কর্ত্তৃক সদা সেব্যমান হইয়াও রমণার্থ মানস করিয়াছিলেন। তাহাতে অর্থ হইবে—রাসক্রীড়া লক্ষ্মীদেবীর

সাহায্যে সম্পন্ন হয় না; তিনি উহাতে অনধিকারিণী; উহা তাঁহার দুর্লভ।

যোগস্য সংযোগস্য মায়ঃ মানং পর্য্যাপ্তিঃ যস্যাং সা যোগমায়া শ্রীরাধিকা, অথবা যোগস্য সংযোগস্য মা লক্ষ্মীঃ সম্পত্তিঃ যোগমা, তাং যাতি প্রাপ্নোতি যা সা যোগমায়া শ্রীরাধিকা, তাং মনসা উপাশ্রিতঃ—যাঁহাতে সংযোগের পর্য্যাপ্তি বা যিনি সংযোগ-সম্পত্তিশালিনী সেই শ্রীরাধিকাকে আশ্রয় করিয়া।

যোগায় সংযোগায় মায়ঃ শব্দো যস্যাঃ সা যোগমায়া বংশী, তাম্ উপাশ্রিতঃ—সংযোগের নিমিত্ত যাঁহার ধ্বনি, সেই বংশীকে আশ্রয় করিয়া।

"উপাশ্রিতঃ" শব্দের অর্থ, উপ সমীপে আশ্রয় করিয়া এবং উপ আধিক্যে আশ্রয় করিয়া। উক্ত অর্থদ্বয় যথাসম্ভব প্রয়োগ করিতে হইবে।

২ শ্লোক। প্রথম শ্লোকের ব্যাখ্যাতে বলা হইয়াছে, লীলা যাহাতে আস্বাদযোগ্যতার পরাকাষ্ঠা লাভ করে, তাহারই নাম রাসলীলা। লীলামাত্রই রসময়ী, অতএব আস্বাদযোগ্যা; রাসলীলা রসবিশেষময়ী বা পরমরসময়ী, অতএব পরমাস্বাদনীয়া। বিভাব, অনুভাব ও সঞ্চারী বা ব্যভিচারী ভাব দ্বারা ব্যক্তীকৃত স্থায়ী ভাবের নাম রস। কি গৌণ কি মুখ্য প্রত্যেক রসেই এক একটি করিয়া স্থায়ী ভাব আছে। হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপ্সা ও বিস্ময়, এই সাতটি হাস্যাদি সাতটি গৌণরসের স্থায়ী ভাব, এবং শান্তি, দাস্য, সখ্য, বাৎসল্য ও প্রিয়তা, এই পাঁচটি শান্তাদি পাঁচটি মুখ্য রসের স্থায়ী ভাব। যাহা দ্বারা ও যাহাতে স্থায়ী ভাবাদির আস্বাদন করা যায়, তাহার নাম বিভাব। বিভাব দ্বিবিধ;— আলম্বন বিভাব ও উদ্দীপন বিভাব। আলম্বন বিভাব

আবার বিষয় ও আশ্রয় ভেদে দুই প্রকার। শ্রীকৃষ্ণ বিষয়ালম্বন এবং শ্রীকৃষ্ণ-ভক্তগণ আশ্রয়ালম্বন। শ্রীকৃষ্ণের উদ্দেশে রতি উৎসারিত হয় বলিয়া শ্রীকৃষ্ণকে বিষয়ালম্বন বলা হয় এবং ঐ রতি শ্রীকৃষ্ণ-ভক্তগণকে আশ্রয় করিয়া থাকে বলিয়া শ্রীকৃষ্ণ-ভক্তগণকে রতির আশ্রয়ালম্বন বলা হয়। যদ্দ্বারা ভাবের উদ্দীপন হয়, তাহার নাম উদ্দীপন বিভাব। আলম্বন বিভাবের চেষ্টা, রূপ ও ভূষণাদি এবং দেশকালাদি ভাবের উদ্দীপন করে বলিয়াই ঐ সকলকে উদ্দীপন বিভাব বলা যায়। যাহা অন্তরস্থ ভাবকে বাহিরে প্রকাশ করে, তাহার নাম অনুভাব। অনুভাব মিশ্র ও সাত্ত্বিকভেদে দ্বিবিধ। সত্ত্বমাত্রোদ্ভব বা কেবল মানসিক অনুভাবের নাম সাত্ত্বিক অনুভাব এবং কায়বাঙ্মানসিক মিশ্রিত অনুভাবের নাম মিশ্র অনুভাব। নৃত্য, গীত ও হাস্য মিশ্র অনুভাব। স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভেদ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু ও মূর্চ্ছা, এই আটটির নাম সাত্ত্বিক অনুভাব। যে সকল ভাব স্থায়ী ভাবে কখন উন্মগ্ন ও কখন নিমগ্ন হইয়া ঐ ভাবের অভিমুখে সঞ্চরণ করে, তাহাদিগকেই ব্যভিচারী ভাব বা সঞ্চারী ভাব বলা যায়। ব্যভিচারিভাব নির্বেদাদি ভেদে তেত্রিশটি।

রাগরঞ্জিত—অনুরাগ-রঞ্জিত।

এই শ্লোকে উদ্দীপনান্তরের প্রাদুর্ভাব উক্ত হইয়াছে।

৩ শ্লোক। এই শ্লোকে বংশীয় উদ্দীপনত্ব সূচিত হইয়াছে। "জগৌ কলং বামদৃশাং মনোহরম্" এই চরণটির শ্লেষার্থ দ্বারা, ভগবান্ শ্রীকৃষ্ণ বংশীতে স্বস্বরূপভূত পরমাকর্ষক মহামন্মথমন্ত্ররূপ কামবীজ গান করেন, ইহাই ব্যক্ত হয়।

বামদৃক্—দীর্ঘঈকার। দীর্ঘ ঈকারের সহিত কল বলিলেই সঙ্কেতে "ক্লী" বলা হইল। মনঃশব্দে মনের অধিষ্ঠাতা চন্দ্র,

অর্থাৎ তদাকার বিন্দু। বিন্দুকে হরণ করে, অর্থাৎ আকর্ষণ করে যে সে মনোহর। সমুদায়ে চন্দ্রবিন্দু সহিত ঈকার সহিত কল অর্থাৎ ক্লীঁ। বীজমাত্রই নাদযুক্ত ও বেণুনাদই স্বভাবতঃ উক্ত নাদ। অতএব নাদসমেত ক্লীঁ বীজ বা কামবীজ পাওয়া গেল।

৪ শ্লোক। কামোদ্দীপক—শ্রীভগবদ্বিষয়ক প্রেমের উদ্দীপক। গৃহীতমানস—আকৃষ্টচিত্ত। পরস্পর অলক্ষিত গমনোদ্যম—অতিশয় ঔৎসুক্য বশতঃ সখীগণের মধ্যে কেহ কাহারও গমনোদ্যম বিদিত হইতে পারেন নাই।

৫ শ্লোক। পরমোৎকণ্ঠা জন্মিলে, নিজ দেহ-দৈহিকাদি বিষয়েও উপেক্ষা হয়, ইহাই বলিবার নিমিত্ত প্রথমতঃ এই শ্লোকে স্বজাতিকর্ম্মের পরিত্যাগ বলিতেছেন।

৬ শ্লোক। এই শ্লোকে স্ত্রীমাত্রধর্ম্মের পরিত্যাগ উক্ত হইয়াছে।

৭ শ্লোক। এই শ্লোকে বেশভূষার পরিত্যাগ উক্ত হইয়াছে।

৮ শ্লোক। এই শ্লোকে লজ্জাদির পরিত্যাগ উক্ত হইয়াছে।

৯ শ্লোক। "গৃহমধ্যস্থ কোন কোন গোপী" ইত্যাদি—গোপী দ্বিবিধা; নিত্যসিদ্ধা ও সাধনসিদ্ধা। সাধনসিদ্ধা আবার দ্বিবিধা, যৌথিকী ও অযৌথিকী। তন্মধ্যে যৌথিকী আবার দ্বিবিধা; শ্রুতিচরী ও ঋষিচরী। এই ঋষিচরীদিগের মধ্যে যাঁহারা সাধনবশে সিদ্ধ-পূর্ণ-ভাব হইয়াছিলেন, অথচ সিদ্ধদেহ হইতে পারেন নাই, তাঁহারাই যোগমায়া কর্তৃক উপেক্ষিত অতএব পত্যাদি কর্তৃক গৃহমধ্যে রুদ্ধ হইলেন, এইরূপ জানিতে হইবে। শ্রীকৃষ্ণের ভাবনাযুক্ত হইয়া—শ্রীকৃষ্ণ চিন্তনে

সমুৎকণ্ঠিতচিত্ত হইয়া। নিমীলিতনয়নে—মুদ্রিত-নেত্রে, বিষয়ান্তরে অদত্তদৃষ্টিতে। তাঁহাকেই—আত্মাকর্ষক শ্রীকৃষ্ণকেই।

১০ শ্লোক। অশুভ—শ্রীভগবানের সহিত নিত্যসংযোগ প্রাপ্তির পূর্ব্বদশায় দুঃখজনিকা তদ্বিরহস্ফূর্ত্তিরূপ দুরদৃষ্ট। মঙ্গল—তদবস্থাতেই সুখজনিকা প্রাপ্তব্য-তৎসংযোগস্ফূর্ত্তিরূপ শুভাদৃষ্ট। ক্ষয়প্রাপ্ত হইল—শনৈঃ শনৈঃ ভোগ্য শুভ ও অশুভ সকল সম্প্রতি যুগপৎ ভোগ দ্বারা বিনাশ প্রাপ্ত হইল।

১১ শ্লোক। জারবুদ্ধি দ্বারাও—উপপতিভাবময় রমণত্ব-বুদ্ধি দ্বারাও। ব্রজদেবীগণের শ্রীকৃষ্ণের প্রতি অসাধারণ রাগ। ঐ রাগের চরমসীমায় আরোহণ করাইবার নিমিত্ত ব্রজ-দেবীগণের শ্রীকৃষ্ণে জারবুদ্ধি সোপানস্বরূপ হইয়া থাকে। অন্যথা ব্রজদেবীগণের প্রকৃত পতি শ্রীকৃষ্ণে জারবুদ্ধি সম্ভব হয় না। এই নিমিত্তই বলিলেন, পরমাত্মা শ্রীকৃষ্ণের—সর্ব্বাংশি-পরম-স্বরূপত্ব হেতু সকলের স্বাভাবিক পতিরূপ শ্রীকৃষ্ণের। যদুপতি বলিলে যেমন যদুগণের পালকত্ব নিবন্ধন পতিত্ব সিদ্ধ হয়, তদ্রূপ পরমাত্মা শব্দেও সকলের স্বভাবতঃ পতি বুঝায়; কারণ, পরমাত্মা সকলের অংশী ও পরমস্বরূপ, অতএব সকলের পালক বলিয়াও পতি। যেমন পরমাত্মরূপে পালকত্ব নিবন্ধন শ্রীকৃষ্ণের পতিত্ব সিদ্ধ হয়, তদ্রূপ রমণত্ব নিবন্ধনও তাঁহার পতিত্ব সিদ্ধ হয়। যিনি লোক-বেদ-ধর্ম্মের অবিরোধে রহস্যক্রীড়া করেন, তাঁহাকেই রমণ বলা যায়। শ্রীকৃষ্ণ ব্রজদেবীগণের সহিত তাদৃশী রহঃক্রীড়া করিয়াছিলেন বলিয়া রমণ। পতি ভিন্ন আর কেহই রমণ হইতে পারেন না। অতএব শ্রীকৃষ্ণ গোপীদিগের পতি। গোপীগণও তদ্ভাবে আবিষ্ট হইয়া তাঁহার সহিত তাদৃশী ক্রীড়া করিয়াছিলেন। গোপীগণ রমণত্ব

বুদ্ধিতেই শ্রীকৃষ্ণের সহিত সঙ্গত হইয়াছিলেন। যেখানে দাম্পত্য, সেইখানেই রমণত্ব, এইরূপ নিয়ম থাকিলেও, ব্রজদেবীগণের ঔপপত্য স্থলেও রমণত্বের অসম্ভাবনা আশঙ্কিত হইতে পারে না; কারণ, তাঁহাদিগের ঔপপত্য স্বাভাবিক দাম্পত্যের আবরক ভাববিশেষমাত্র। তাঁহাদিগের দাম্পত্যই ঔপপত্যরূপে সোপানীকৃত হইয়া তাঁহাদিগকে ভাবের চরমসীমায় আরোপিত করাইয়া থাকে। এই নিমিত্তই ব্রজসুন্দরীগণের ঔপপত্যকে অন্তর্নিগীর্ণদাম্পত্যোপপত্য বলা হইয়া থাকে। অতএব গোপীদিগের শ্রীকৃষ্ণে জারবুদ্ধিও রমণত্ববুদ্ধিরই নামান্তর বলিতে হইবে। যদি কাহারও আশঙ্কা হয়, রমণত্ববুদ্ধিই জারবুদ্ধি-শব্দ-প্রয়োগের তাৎপর্য্য হইলেও, রমণত্ববুদ্ধিরূপ সভ্য শব্দের প্রয়োগ না করিয়া যখন জারবুদ্ধিরূপ অসভ্য শব্দের প্রয়োগ করা হইয়াছে, তখন গোপীদিগের উক্ত বুদ্ধির হেয়ত্ব নির্দ্দেশেই বক্তার তাৎপর্য্য হউক?—আমরা বলিব ওরূপ আশঙ্কা হইতেই পারে না; কারণ, গোপীগণ যে অনুরাগের বশবর্ত্তিনী হইয়া জারভাবরূপ অতিশয় জুগুপ্সিত লোক-বেদ-ধর্ম্ম-মর্য্যাদার অতিক্রমেও প্রবৃত্ত হইয়াছিলেন, সেই অনুরাগের সূচনা করিয়া, উহারই প্রশস্ততা প্রদর্শিত হইয়াছে। চেষ্টাবিশেষের সমতা বশতঃ যেমন প্রেমকেও কাম বলা হয়, তদ্রূপ চেষ্টাবিশেষের সমতা বশতঃ দাম্পত্যকেও—রমণত্বকেও—জারবুদ্ধি বলা হইয়াছে। ব্রজদেবীগণের জারভাবময়-রমণত্ব-বুদ্ধিও স্বরূপভিন্নসম্ভোগেচ্ছাময়ী বলিয়া অর্থাৎ ব্রজদেবীগণের জারভাবময়ী সম্ভোগেচ্ছা কৃষ্ণসুখৈকতাৎপর্য্যময় প্রেম হইতে ভিন্নাকারে প্রকাশ হয় না বলিয়া, উহা শ্রীকৃষ্ণপ্রেমবিশেষই জানিতে হইবে।

১২ শ্লোক। নির্গুণ ব্রহ্মের উপাসনায় ব্রহ্মস্বরূপমাত্রের আবির্ভাব হইয়া থাকে। ব্রহ্মস্বরূপ শক্তি-শক্তিমত্তা-ভেদ-রহিত; অতএব ব্রহ্মস্বরূপের আবির্ভাবে শক্তি-শক্তিমত্তা-ভেদ-স্ফোরক প্রাকৃতসত্ত্বময় গুণপ্রবাহের উপরতি হওয়াই সম্ভব। কিন্তু শ্রীভগবানের উপাসনায় পরিপূর্ণসর্ব্বশক্তিসমন্বিত শ্রীভগ-বৎস্বরূপের আবির্ভাব হইয়া থাকে; অতএব তাদৃশ শ্রীভগ-বৎস্বরূপের আবির্ভাবে বিষয়ালম্বন শ্রীভগবানের অপ্রাকৃত গুণসমূহের সহিত অবিচ্ছেদ্য বন্ধনে সম্বদ্ধ আশ্রয়ালম্বন ভক্তের প্রেমবৃত্তি অপ্রাকৃত গুণপ্রবাহের বা ধর্ম্ম সকলের উপরতি হওয়া সম্ভব নহে। এই নিমিত্তই রাজা প্রশ্ন করি-লেন, "মুনিবর" ইত্যাদি।

উক্ত শ্লোকটির দুইটি অর্থ; একটি বহির্মুখরীতিক, অপরটি অন্তর্মুখরীতিক। বহির্মুখরীতিক অর্থ-যথা—হে মুনি-বর, শ্রীকৃষ্ণ সকলের অংশী পরমস্বরূপ পতিরূপ পরমাত্মা হইলেও, গোপী সকল কিন্তু তাঁহাকে কেবল উপপতিভাব-ময়ী রমণত্ববুদ্ধিতেই দর্শন করিয়াছিলেন, ব্রহ্মবুদ্ধিতে দর্শন করেন নাই, অতএব গুণাসক্তবুদ্ধি গোপী সকল ব্রহ্ম-বুদ্ধিতে দর্শনের ফল যে গুণপরম্পরার উপরতি, তাহা কিরূপে লাভ করিলেন?

অন্তর্মুখরীতিক অর্থ যথা—

হে মুনিবর, গোপীগণ শ্রীকৃষ্ণকে কেবল কান্ত অর্থাৎ সমু-দায় আশ্চর্য্য গুণপরম্পরা দ্বারা সকলের চিত্তহরণকারী নিরতি-শয় প্রিয় বলিয়াই জানিতেন, ব্রহ্ম বলিয়া জানিতেন না, অতএব ব্রহ্মনিষ্ঠারও ত্যাজকরূপে প্রসিদ্ধ শ্রীভগবানের অপ্রা-কৃত গুণসমূহে সমাসক্তচিত্তা গোপীদিগের গুণপরম্পরার, অর্থাৎ শ্রীভগবানের যে সকল অপ্রাকৃত গুণ লোকের ব্রহ্ম-

নিষ্ঠাকেও ত্যাগ করায়, সেই সকল অপ্রাকৃত গুণের সহিত অবিচ্ছেদ্য বন্ধনে সম্বদ্ধ গোপীদিগের প্রেমবৃত্তি ধর্ম্ম-সমূহের উপরতি হইল কিরূপে ?

উক্ত শ্লোকের অপর একটি শ্লেষার্থও আছে—

গোপী সকল শ্রীকৃষ্ণকে কেবল কান্ত বলিয়াই জানিয়াছিলেন, কিন্তু বৃহৎ ব্রহ্ম বলিয়া বিদিত হয়েন নাই, অত-অতএব সেই গুণাসক্তমতি অর্থাৎ 'ইনি সুন্দর' ইত্যাদি বুদ্ধিযুক্তা গোপীদিগের গুণপরম্পরার অর্থাৎ বিরহভাবময় আবেশের নিবৃত্তি হইল কিরূপে ? গোপীগণ শ্রীকৃষ্ণকে ব্যাপকভাবে না দেখিয়া পরিচ্ছিন্নভাবেই দেখিয়াছিলেন। তাঁহারা শ্রীকৃষ্ণকে পরিচ্ছিন্নভাবে দেখিয়াও ব্যাপকভাবে দর্শনের ফল যে বিরহাভাব তাহা লাভ করিলেন কিরূপে ?— ইহাই উক্ত শ্লোকের সরলার্থ।

১৩ শ্লোক। "শুকদেব কহিলেন" ইত্যাদি। হৃষীকেশ— ইন্দ্রিয়সমূহের নিয়ন্তা। দ্বেষ করিয়াও—প্রতিকূল ভাবেও। অধোক্ষজ—অতীন্দ্রিয়। সিদ্ধি পাইবেন—অনুকূলভাবে সিদ্ধি প্রাপ্ত হইবেন।

উক্ত বাক্যের তাৎপর্য্য এইরূপ ;—অণুচৈতন্য জীব বিভুচৈতন্য ব্রহ্ম হইতে ভিন্ন না হইলেও, জীবের ব্রহ্মত্ব আবৃত বলিয়া তদুপাসনা দ্বারা গুণপরম্পরার নিবৃত্তিরূপ মোক্ষ সিদ্ধ হইতে পারে না ; কিন্তু শ্রীকৃষ্ণের ব্রহ্মত্ব অনাবৃত বলিয়া তদুপাসনা দ্বারা গুণপরম্পরার নিবৃত্তিরূপ মোক্ষ সিদ্ধ হইয়া থাকে। আবার যিনি তাঁহাকে ব্রহ্মরূপে ধ্যান করেন, তাঁহারও মোক্ষ লাভ হয়। তাঁহাকে যে কোনরূপে চিন্তা করিলেই মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে ; কারণ, বস্তুর শক্তি বুদ্ধিকে অপেক্ষা করে না। বিশেষতঃ শিশুপাল যখন প্রতিকূলভাবে চিন্তা

করিয়াই মোক্ষ লাভ করিলেন, তখন গোপীগণ অনুকূলভাবে চিন্তা করিয়া মোক্ষ পাইবেন, বলা বাহুল্য।

১৪ শ্লোক। পরম মঙ্গলের নিমিত্ত—নিখিল সাধনের ফলসিদ্ধির নিমিত্ত। অব্যয়—অক্ষয়। অপ্রমেয়—অপরিচ্ছিন্ন। নির্গুণ—প্রাকৃতগুণরহিত। গুণাত্মা—গুণসমূহের প্রবর্ত্তক; স্বরূপভূতকল্যাণগুণময়। প্রাকট্য—প্রকাশ। এই শ্লোকে বলা হইল, অবতারকালেও শ্রীভগবানের ব্রহ্মত্ব আবৃত হয় না।

১৫ শ্লোক। কাম—কুব্জাদির ন্যায় সর্ব্বদা ভেদিতসম্ভোগেচ্ছাময়, মহিষ্যাদির ন্যায় ক্বচিদ্‌ভেদিতসম্ভোগেচ্ছাময় ও গোপীদিগের ন্যায় প্রেমাভিন্নসম্ভোগেচ্ছাময় অভিলাষবিশেষ। ক্রোধ—শিশুপালাদির ন্যায় দ্বেষ। ভয়—কংসাদির ন্যায় পরাজয়শঙ্কা। স্নেহ—যাদব-পাণ্ডবাদির ন্যায় আত্মীয়তা। ঐক্য—আত্মারামগণের ন্যায় অভেদবুদ্ধি। সৌহার্দ্দ—জ্রথকৌশিকাদির ন্যায় মিত্রতা। তন্ময়তা—ভাবোচিত স্ফূর্ত্তি। অতএব কথঞ্চিৎ তদাসক্তি দ্বারাই গুণপ্রবাহের উপরতি হইতে পারে, ইহাই বলা হইল।

১৬ শ্লোক। মোক্ষদানাসম্ভবরূপ বিস্ময়—মোক্ষপ্রদানসামর্থ্য বিষয়ে সংশয়।

১৭ শ্লোক। বাগ্‌বিলাস—বচনপারিপাট্য। বাগ্‌বিলাস দ্বিবিধ;—শাব্দিক ও আর্থিক। আর্থিক বাগ্‌বিলাস আবার চতুর্বিধ; উপেক্ষাভঙ্গিময়, প্রার্থনাভঙ্গিময়, ভত্সনভঙ্গিময় ও বাস্তবার্থময়।

৩২ শ্লোক। মূলের "উপদেশপদে" শব্দের অর্থ, উপদেশের বিষয়। অতএব শ্লোকের তাৎপর্য্য এই—তুমি ঈশ্বর, অতএব উপদেশের বিষয়; কারণ, সমস্ত উপদেশই ঈশ্বরপর। সকল

উপদেশ যদি ঈশ্বরপর হয়, তবে তুমি যে পতিপুত্রাদির সেবাকে ধর্ম্ম বলিয়া উপদেশ করিলে, সেই সেবাও তোমাতেই থাকুক, কারণ, আমরা পতিপুত্রাদি জানি না, তাঁহাদের সেবাও জানি না, তোমাকেই জানি, তোমারই সেবা করি। অথবা উপদেশের বিষয় বলিতে উপদেশের অধিকারভুক্ত। অতএব শ্লোকের তাৎপর্য্য এই—যিনি উপদেশের অধিকার-ভুক্ত, তাঁহাতেই ঐ উপদেশ থাকুক, আমরা যখন তোমাকে ঈশ অর্থাৎ স্বামী বলিয়াই বরণ করিয়াছি, তখন আমরা উক্ত উপদেশের অধিকারভুক্ত নহি, অতএব আমাদিগের প্রতি উক্ত উপদেশের প্রয়োজন নাই।

৪৭ শ্লোক। বিপ্রলম্ভ ব্যতিরেকে সম্ভোগরসের পুষ্টি হয় না বলিয়া অতঃপর বিপ্রলম্ভরূপ রসবিশেষ বলিবার উপক্রম করিতেছেন, "এই প্রকারে" ইত্যাদি। "মানিনীও হই-লেন"—শ্রীকৃষ্ণের প্রতি মান করিলেন।

বিপ্রলম্ভ চারি প্রকার;—পূর্ব্বরাগ, মান, প্রবাস ও প্রেম-বৈচিত্ত্য। মিলনের পূর্ব্ববর্ত্তী বিরহের নাম পূর্ব্বরাগ। মিলনকালীন বিরহের নাম প্রেমবৈচিত্ত্য। মান ও প্রবাস মিলনের পরবর্ত্তী বিরহ। অদর্শনজনিত বিরহের নাম প্রবাস। আর একত্র বা পৃথক্ অবস্থিত এবং পরস্পর অনুরক্ত দম্পতির স্বাভীপ্সিত আলিঙ্গন ও বীক্ষণাদির নিরোধকারী যে বিরহভাব, তাহারই নাম মান। মান প্রেমেরই পরিপাকবিশেষ। প্রেমের স্বাভাবিক কৌটিল্য বশতই কখন সামান্য কারণে কখন বা বিনা কারণে মান উত্থিত হইয়া থাকে। তন্মধ্যে সহেতুক মান সাম, ভেদ, ক্রিয়া, দান, নতি, উপেক্ষা ও রসান্তর দ্বারা প্রশমিত হয়, নির্হেতুক মান আপনাআপনিই প্রশমিত হইয়া থাকে

৪৮ শ্লোক। সৌন্দর্য্যাভিমান—সৌন্দর্য্যাদিজনিত গর্ব্ব। গর্ব্ব—প্রণয়ের্ষাজনিত মান।

এই স্থানে জিজ্ঞাস্য হইতে পারে, অহেতুক মান দূরীকরণের নিমিত্ত অন্তর্ধানের প্রয়োজন কি? অহেতুক মান ত আপনা-আপনিই প্রশমিত হয়। উহার উত্তর এই—প্রত্যেক গোপী শ্রীকৃষ্ণের তাদৃশ সঙ্গলাভে আপনাকে সকল স্ত্রীজাতি হইতে সৌন্দর্য্য প্রভৃতি গুণে অধিকতর গুণবতী বুঝিয়া গর্ব্বিত হইলেন। তাদৃশ গর্ব্বের অনুগামিনী "আমিই শ্রীকৃষ্ণের প্রকৃত সেবাধিকারিণী" এই প্রকার বুদ্ধির উদয় হইল। "আমিই শ্রীকৃষ্ণের প্রকৃত সেবাধিকারিণী" এই বুদ্ধির অভ্যন্তরে "অন্য কেহ শ্রীকৃষ্ণের প্রকৃত সেবার অধিকারিণী নহেন" এই বুদ্ধি বিনিহিতই থাকে। অতএব যদি তাঁহারা অন্যকে শ্রীকৃষ্ণের সেবা করিতে দেখেন, তাহা হইলে, তাঁহাদের মনে একটি ঈর্ষা দেখা দেয়। তাদৃশী ঈর্ষাই মানের জনয়িত্রী। ঈর্ষা মানের নিয়তপূর্ব্ববর্ত্তিনী। গোপীগণ পরস্পর সম্বন্ধে ঈর্ষান্বিতা হইয়া মানিনী হইলেন। উপেক্ষা ব্যতিরেকে উক্ত মানের বৃদ্ধি হইবে ভাবিয়া শ্রীকৃষ্ণ গোপীদিগের প্রতি নিজের উপেক্ষা প্রদর্শনের নিমিত্ত অন্তর্ধান করিলেন, ইহাই অন্তর্ধানের অভিপ্রায়।

আর একটি আশঙ্কা হইতে পারে যে, অন্য কর্ত্তৃক আত্মসুখের হানির সম্ভাবনাতেই ঈর্ষাজনিত প্রণয়মান উত্থিত হইতে দেখা যায়, তাদৃশ মানত সদোষ, অতএব গোপীগণের মানও সদোষই হউক? আমরা বলি, তাহা হইতে পারে না। গোপীদের প্রেমে কামের গন্ধ নাই। আত্মসুখের অভিলাষ নাই; গোপীপ্রেম কৃষ্ণসুখৈকতাৎপর্য্যময়; অতএব তাঁহাদিগের মান অন্য কর্ত্তৃক আত্মসুখের

হানি সম্ভাবনায় নহে, পরন্তু অন্যসঙ্গে কৃষ্ণসুখের হানি সম্ভাবনায়; যাহা কৃষ্ণসুখের হানি সম্ভাবনায়, তাহা অবশ্য নির্দ্দোষ। এই নির্দ্দোষ প্রণয়মান সকল গোপীতেই দৃষ্ট হইলেও, সকল-গোপী-ললামভূতা শ্রীরাধাতেই বিশেষ দেখা যায়। অপরাপর গোপীগণ শ্রীকৃষ্ণকে পাইয়া এতই আনন্দে বিভোর এতই তন্ময় হইয়া যান যে, তাঁহাদের আর ভেদ-বুদ্ধিমূলক প্রণয়েৰ্ষা উত্থিতই হইতে পারে না, যদি কখন উত্থিতও হয়, তাহাও নিজের অযোগ্যতাবুদ্ধি বশতঃ উত্থান-মাত্রই উপশমিত হইয়া যায়। শ্রীরাধিকার তাহা হয় না। শ্রীরাধিকার সদাই মনে হয় যে, আমিই একমাত্র শ্রীকৃষ্ণের সেবাভিজ্ঞা, আমি সেবা না করিলে, তাঁহার সেবাই হয় না। তবে অন্যেরও সেবার বাসনা আছে, আমার অভিপ্রায়ানুসারে তাঁহারা শ্রীকৃষ্ণের সেবা করিয়া নিজ নিজ সেবাবাসনা চরিতার্থ করিবেন। শ্রীরাধিকার এই ভাবের কারণ, তিনিই সর্ব্ব-গোপীর মূল, অপর গোপী সকল তাঁহার শাখাপল্লব, তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ, তাঁহার কায়ব্যূহমাত্র।

এই রাসস্থলীতে উহা স্পষ্ট হইল। গোপীগণ শ্রীকৃষ্ণকে পাইয়া আনন্দে বিভোর হইয়া আত্মহারা হইলেন। তাঁহারা দেখিতে লাগিলেন, আমি আর কৃষ্ণ, আর কেহই নাই। কিন্তু শ্রীমতী দেখিলেন, প্রত্যেক গোপীর পার্শ্বেই এক এক কৃষ্ণ, ঠিক সেইরূপ সাধারণ ভাবে তাঁহার পার্শ্বেও এক কৃষ্ণ রহিয়াছেন। এই দেখিয়াই শ্রীমতীর মান হইল, তিনি রাস ছাড়িয়া চলিয়া গেলেন। শ্রীমতী রাস ছাড়িয়া গেলেন, চন্দ্রহারের সূত্র ছিঁড়িয়া গেল, চন্দ্র সকল ইতস্ততঃ বিচ্ছিন্ন হইয়া গেল। শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ অভিন্নাত্মা। শ্রীরাধিকা চলিয়া গেলেই শ্রীকৃষ্ণ চলিয়া গেলেন, রাসমণ্ডল ভাঙ্গিয়া গেল।

শ্রীরাধিকা রাসমণ্ডল ত্যাগ করিয়া গেলেন, মধ্যমণির অভাবে মণিরমালা শোভাচ্যুত হইল। শ্রীকৃষ্ণের আর রাস ভাল লাগিল না, শ্রীমতীর অনুসরণ করিলেন। ইহাই অন্তর্ধানের গূঢ় রহস্য।

ত্রিংশ অধ্যায়।

১১ শ্লোক। গোপীগণ বিরহে কাতর হইয়া শ্রীকৃষ্ণকে অন্বেষণ করিতে লাগিলেন, ইহাই পূর্ব্ববর্ত্তী কয়েকটি শ্লোকে উক্ত হইয়াছে। এই শ্লোকে বলিতেছেন, তাঁহারা কেবল শ্রীকৃষ্ণকে অন্বেষণ করেন নাই, পরন্তু শ্রীরাধিকাকেও অন্বেষণ করিতেছিলেন। যদিও অত্যন্ত মধুর অতএব অতিশয় গোপনীয় বলিয়া, স্পষ্টাক্ষরে শ্রীরাধিকা উক্ত হয়েন নাই, কিন্তু সখীগণের বচন দ্বারা,প্রতিপক্ষা নায়িকাগণের বাক্য দ্বারা ও কচিৎ অত্যন্তাবেশ বশতঃ নিজ বাক্য দ্বারাও অস্পষ্টাক্ষরে ভগবান্ শুকদেব শ্রীরাধিকার উল্লেখ করিয়াছেন। এই শ্লোকটিতে শ্রীমতীর সখীগণের উক্তি দ্বারা শ্রীরাধিকা উল্লেখিত হইয়াছেন। সখীগণ বলিতেছেন, "হে সখি হরিণি" ইত্যাদি। প্রিয়াসমবেত—শ্রীরাধাসমবেত। কান্তা—শ্রীরাধা।

১৩ শ্লোক। ১১ ও ১২ শ্লোক শ্রীরাধিকার স্বপক্ষা গোপীগণের উক্তি। ১৩ শ্লোক তটস্থপক্ষীয়া গোপীদিগের উক্তি। তটস্থপক্ষীয়া গোপীগণ শ্রীরাধার সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন, তাঁহাদের শ্রীরাধার প্রতি রাগও নাই বা দ্বেষও নাই। রাগদ্বেষের অভাব প্রযুক্তই তাঁহারা সখীগণের কথা শুনিয়াও শুনিলেন না, অনন্যমনে শ্রীকৃষ্ণকেই অন্বেষণ করিতে লাগিলেন।

২৮ শ্লোক। নিজ নিজ যূথেশ্বরীর সম্পর্কে ব্রজদেবীগণ

চারিশ্রেণীতে বিভক্ত; স্বপক্ষীয়া, সুহৃৎপক্ষীয়া, প্রতিপক্ষা ও তটস্থা। নিত্যসিদ্ধা গোপীগণই যূথেশ্বরী হয়েন। সর্ব্ব-প্রধান যূথেশ্বরী দুইজন; শ্রীরাধিকা ও শ্রীচন্দ্রাবলী। ইহাঁ-দের সখীগণই স্বপক্ষীয়া। স্বপক্ষীয়াগণের নিজ নিজ যূথেশ্বরীর প্রতি প্রণয় নিরতিশয় গাঢ়। সুহৃৎপক্ষীয়াগণের প্রণয় অপেক্ষা-কৃত অল্প। প্রতিপক্ষাগণ পরস্পর বিরুদ্ধভাবাপন্ন। তটস্থা-গণ বিরোধ ও অবিরোধ উভয় বর্জ্জিত উদাসীনভাবাপন্ন। মঞ্জরীগণ ও দূতীগণ সখীগণের আজ্ঞানুবর্ত্তিনী। মঞ্জরীযূথের অধীশ্বরী শ্রীঅনঙ্গমঞ্জরী এবং দূতীযূথের অধীশ্বরী শ্রীবৃন্দাদেবী। সখীগণ সেবাধিকারিণী, মঞ্জরীগণ সেবাসামগ্রীর অধিকারিণী, দূতীগণ সংবাদের অধিকারিণী।

স্বপক্ষীয়া গোপীগণ অন্তরঙ্গা, অতএব প্রীতির অনুরোধে তাঁহাদিগের প্রথমতঃ নীরব থাকিবারই কথা। প্রতিপক্ষা গোপীগণ নিজ নিজ দুঃখেই অভিভূত। তটস্থা গোপী-গণের লক্ষ্যই নাই। অতএব সুহৃৎপক্ষীয়া সখীগণই শ্রীরাধি-কার পদচিহ্ন দর্শন করিয়া বলিতেছেন,—"শ্রীকৃষ্ণের সহিত" ইত্যাদি। "আরাধিতঃ" শব্দ দ্বারা শ্রীরাধাই সঙ্কেতিত হই-লেন।

২৯ শ্লোকটি তটস্থা গোপীগণের উক্তি।

৩০ হইতে ৩৪ শ্লোক পর্য্যন্ত প্রতিপক্ষা গোপীগণের উক্তি।

৩৫ শ্লোকটি শ্রীশুকদেবের উক্তি।

একত্রিংশ অধ্যায়।

১ শ্লোক। দয়িত—প্রিয়। "তোমার জন্ম হেতু" ইত্যাদি—তোমার আবির্ভাবে এই ব্রজমণ্ডল বৈকুণ্ঠলোক হইতেও

উৎকৃষ্ট হইয়াছে। এই নিমিত্তই স্বয়ং লক্ষ্মীও বৈকুণ্ঠ ত্যাগ করিয়া এই স্থানে নিয়ত অবস্থান করিতেছেন। তুমি আমাদিগের প্রিয়। প্রিয়ের বিরহে প্রিয়ার জীবন সম্ভব হয় না। তবে যে আমরা জীবিত রহিয়াছি, সে কেবল তোমাকে পাইবার আশায়। আমরা তোমার প্রাপ্তির আশায় কথঞ্চিৎ জীবন ধারণ করিয়া তোমারই অন্বেষণ করিতেছি, কৃপা করিয়া আমাদিগকে দর্শন দাও। তুমি দর্শন না দিলে আমাদিগের জীবন থাকিবে না। এই মনুষ্যলোকে অকপট প্রেম হয় না। যদি কাহারও অকপট প্রেম হয়, তাহার বিরহ ঘটে না। যদি বিরহ হয়, তবে জীবন থাকে না। অতএব তোমার বিরহে আমাদিগের জীবন থাকিবে না।

২ শ্লোক। "হে সুরতপতে" ইত্যাদি—আমরা যে সুরত ইচ্ছা করিয়াছিলাম, তাহাও তুমিই করাইয়াছ। নিপুণ চোর যেমন সুগুপ্ত পরদ্রব্য বিদিত হইয়া দুর্লঙ্ঘ্য লঙ্ঘন করিয়া বুদ্ধি মোহন পূর্ব্বক সাধু লোকেরও ধন অপহরণ করিয়া থাকে, তুমিও তদ্রূপ শরৎকালীন জলাশয়ে সমুৎপন্ন সুন্দর সরসিজের গর্ভগত শোভার তিরস্কারী নিজ নেত্র দ্বারা এই সরলমতি, কুলবতী, অন্তঃপুরচারিণী ও সুরক্ষিতা ব্রজগোপীদিগকে মোহিত করিয়া তাহাদিগের প্রাণ পর্য্যন্ত অপহরণ করিতেছ, তোমার এই কার্য্য কি হিংসা বলিয়া গণ্য হইতেছে না? যদি বল, আমার নিজের ধন নিজে গ্রহণ করিতেছি, তাহাতে আমার দোষ হইবে কেন? এরূপও বলিতে পার না; কারণ, তুমি কিছু আমাদিগকে শুল্ক দ্বারা ক্রয় কর নাই, আমরা মুগ্ধ হইয়াই তোমাকে সর্ব্বস্ব অর্পণ করিয়াছি।

৩ শ্লোক। "হে ঋষভ" ইত্যাদি—আমাদিগের প্রাণহরণই যদি তোমার অভিপ্রেত ছিল, তবে কেন তুমি আমাদিগকে

পূর্ব্ব পূর্ব্ব বিপদ হইতে রক্ষা করিলে? তুমি কালিয়হ্রদের বিষপানজনিত বিনাশ হইতে ও অঘাসুর প্রভৃতি হইতে নিজ-রক্ষণ দ্বারা ত্বদেকপ্রাণা গোপীদিগকে রক্ষা করিয়াছ এবং ইন্দ্রকৃত বাতবর্ষণ প্রভৃতি হইতে আমাদিগকে সাক্ষাৎ সম্বন্ধেই রক্ষা করিয়াছ, ইহা কাহারও অবিদিত নহে।

৪ শ্লোক। "হে সখে" ইত্যাদি—তুমি আত্মগোপনার্থ সাধারণ নরবালকলীলা অঙ্গীকার করিলেও, আমরা শুনিয়াছি, তুমি কেবল যশোদানন্দন নহ, তুমি যশোদার নন্দন হইয়াও অখিলপ্রাণীর অন্তঃকরণসাক্ষী পরমাত্মা, ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া বিশ্বপালনার্থ যাদবগণের কুলে অবতীর্ণ হইয়াছ। তুমি যখন বিশ্বপালনার্থ অবতীর্ণ হইয়াছ এবং আমরাও যখন সেই বিশ্বের বহির্ভূত নহি, তখন আমাদিগের পরিপালনও কি তোমার কর্ত্তব্য হইতেছে না?

৫ শ্লোক। "হে যাদবশ্রেষ্ঠ" ইত্যাদি—তুমি নিজের অশেষ মাধুরী প্রকটনের নিমিত্ত যদুকুলে অবতীর্ণ হইয়াছ। হে প্রিয়, তুমি বরদ, জীবের ত্রিবর্গসম্পাদন করিয়া থাক। তুমি সংসার-ভয়ে ভীত চরণে শরণাগত ভক্তকুলের মোক্ষরূপ অভয় প্রদান করিয়া থাক। তুমি কমলাকরগ্রহণশীল, প্রেমাধীন ও রসিক-চূড়ামণি। তুমি নিজমাহাত্ম্য প্রকটন পূর্ব্বক তোমার প্রতি-পাল্য গোপীগণের মস্তকে তোমার ঐ করকমল অর্পণ করিয়া আমাদিগকে অঙ্গীকার কর।

৬ শ্লোক। "হে ব্রজজনার্ত্তিনাশন" ইত্যাদি—তুমি ব্রজ-জনের আর্ত্তিনাশন, আমাদিগের অন্ত্যদশাপত্তির পূর্ব্বেই আমা-দিগকে তোমার মনোহর মুখকমল দর্শন করাও। তুমি বীর, তোমার অদেয় কিছুই থাকিতে পারে না। যদি বল, তোমরা মানিনী হইয়াছিলে বলিয়াই আমিও উপেক্ষা করি-

য়াছি। আমাদিগের মানখণ্ডনের নিমিত্ত তোমার উপেক্ষার প্রয়োজন হয় না; তোমার ঈষৎ হাস্যই আমাদিগের মান-ভঙ্গের পক্ষে যথেষ্ট। হে সখে, আমাদিগের দুর্দ্দশার নিমিত্ত তোমাকেই কি অনুতাপ করিতে হইবে না? আমরা তোমার কিঙ্করী, আমাদিগকে আশ্রয় প্রদান কর। আমরা তোমার নিজজন, আমাদিগকে উপেক্ষা করিও না।

৭ শ্লোক। "প্রণত প্রাণিমাত্রের" ইত্যাদি—তুমি প্রণত প্রাণিমাত্রের পাপনাশক, আমাদিগের মনোরথপূরণে তোমার পাপাশঙ্কা সম্ভব হয় না। আমরা অনভিজ্ঞ হইলেও, আমা-দিগের সঙ্গ তোমার পক্ষে দোষজনক হইতে পারে না; কারণ, তৃণচর পশুকুলের অনুগমনরূপ 'গোপবৃত্তি তোমার স্বাভা-বিকী। তোমার চরণকমল সৌভাগ্যলক্ষ্মীর নিকেতন, উহা আমাদিগের স্তনসমূহে অর্পণ করায় কোন দোষ হইবে না, বরং গুণই হইবে। তুমি ঐ চরণকমল কালিয়ের ফণায় অর্পণ করিয়াছিলে, অতএব উহা বিষময় হৃত্তাপের ধ্বংসন-কার্য্যে পটুতর। আমরা আর কিছু প্রার্থনা করিতেছি না। তোমার ঐ চরণকমল আমাদিগের স্তনসমূহে অর্পণ করিয়া আমাদিগের হৃদয়গত কামতরুকে ছেদন কর। এই স্থলে কেহ বলিতে পারেন—মহাপ্রেমবতী গোপীগণ নিজের কাম-পীড়া নিবারণার্থ শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করিতেছেন। কিন্তু প্রকৃতপক্ষে গোপীগণের তাদৃশী প্রার্থনা নিজের কামপীড়া নিবারণের নিমিত্ত নহে, পরন্তু কৃষ্ণসুখার্থই। বাক্য দ্বারা পরার্থপরতা প্রকাশে প্রেম লঘু হইয়া থাকে বলিয়াই প্রেমি-কেরা পরার্থকে স্বার্থের ন্যায়ই বলিয়া থাকেন।

৮ম শ্লোক। "হে পদ্মপলাশলোচন" ইত্যাদি—তুমি নিজ মুখে বলিয়া থাক, "রাধিকে, তুমি কঠোরই হও আর মৃদুই

হও, তুমি আমার প্রাণ; চন্দ্রলেখা ভিন্ন চন্দ্রের অন্য গতি নাই; কিন্তু আজ তোমার সেই শ্রীরাধিকা মোহদশা প্রাপ্ত হইয়াছেন, তুমি তাঁহার জীবনৌষধ হইয়াও এখনও দেখা দিতেছ না। তোমার মধুর বুধজনমনোহর মনোহরপদাবলিসমন্বিত বাক্য দ্বারা বিমোহিত এই দাসীকে অধরামৃত দ্বারা সত্বর সংজীবিত কর।

৯ শ্লোক। "তাপিত জনের" ইত্যাদি। তোমার কথামৃত তাপিত জনের জীবন, পাপনাশক ও শ্রবণমঙ্গল বলিয়া জ্ঞানিগণ প্রশংসা করিয়া থাকেন, কিন্তু আজ উহা আমাদিগের সম্বন্ধে বিপরীত ফল উৎপাদন করিয়াছে, আমরা ঐ কথামৃতে মোহ প্রাপ্ত হইয়াছি। জ্ঞানিগণ বলিয়া থাকেন, যিনি সংসারে তোমার কথামৃত দান করেন, তিনি সর্ব্বার্থপ্রদাতা, কিন্তু আজ তোমার ঐ কথামৃত আমাদিগের প্রাণঘাতক হইয়াছে।

১০ শ্লোক। "হে প্রিয়" ইত্যাদি—তোমার দর্শন ব্যতিরেকে ত্বৎসম্বন্ধি সুখপ্রদ বস্তুমাত্রই আজ আমাদিগকে বিশেষ দুঃখ প্রদান করিতেছে। তোমার সুন্দর হাস্য, সপ্রেম নিরীক্ষণ, স্মরণমঙ্গল বিহার এবং হৃদয়স্পর্শী সঙ্কেতনর্ম্ম সকল আজ আমাদিগের মন অতিশয় আকুল করিতেছে। অতএব আর আমাদিগের সহিত কপটতাচরণ করিও না।

১১ শ্লোক। "হে নাথ" ইত্যাদি—তুমি কি সংযোগ কি বিয়োগ উভয় অবস্থাতেই আমাদিগকে দুঃখ দান করিয়া থাক। তুমি সমস্ত ব্রজজনের নাথ, তুমি কান্ত, তোমার নিমিত্ত ব্রজজনের মন সদাই আকুল থাকে। তুমি যখন পশুচারণ করিতে করিতে ব্রজ হইতে গমন কর, তখন তোমার কমল সদৃশ সুকোমল চরণ-যুগল শস্যকণা তৃণ ও অঙ্কুর সমূহ

দ্বারা ক্লেশ পায় ভাবিয়া আমাদিগের মন অতিশয় অসুস্থ হইয়া থাকে।

১২ শ্লোক। "হে বীর" ইত্যাদি—আবার যখন তুমি সায়ংকালে আসিয়া সুনীলকুন্তলাবৃত গোধনখুরোত্থিত ধূলি দ্বারা ধূসরিত বদনকমল ধারণ পূর্ব্বক উহা আমাদিগকে মুহুর্মুহু দর্শন করাও, তখন আমাদিগের ইচ্ছা হয় তোমার সঙ্গ করিতে, কিন্তু ঐ সঙ্গ আমাদিগের পক্ষে সুলভ হয় না। অতএব সর্ব্বদাই তোমার কপটতা প্রকাশ পাইতেছে।

১৩ শ্লোক। "হে রমণ" ইত্যাদি—তোমার ঐ চরণ প্রণত অপরাধী জনেরও অভীষ্টদ; ব্রহ্মা নিজ অপরাধ প্রশমনের নিমিত্ত তোমার ঐ চরণ অর্চ্চন করিয়া থাকেন; উহা অসাধারণ সুন্দর ধ্বজবজ্রাঙ্কুশাদি চিহ্ন দ্বারা ধরণীকে অলঙ্কৃত করিয়া থাকে; লোকে আপৎকালে তোমার ঐ চরণ ধ্যান করিয়া থাকেন; উহা স্মরণমাত্র সকলের সকল আপদ দূর করে; অতএব ঐ চরণ আমাদিগের স্তনসমূহে অর্পণ করিয়া আমাদিগের বিরহব্যথা দূর কর।

১৪ শ্লোক। "হে বীর" ইত্যাদি—তুমি ভিষক্‌শিরোমণি, আমরাও তোমার বিরহপীড়ায় পীড়িত। আমাদিগকে তোমার ঐ অধরামৃত বিতরণ করিয়া সুস্থ কর। তোমার অধরামৃত সম্ভোগসুখবর্দ্ধন দ্বারা পুষ্টিকারক, শোকপীড়ার নাশক, বিষয়ান্তরে আসক্তিরূপ কুপথ্যেও অরুচিজনক। অতএব ঐ অদ্ভুত অমূল্য ঔষধ আমাদিগকে বিতরণ কর।

১৫ শ্লোক। "তুমি যখন" ইত্যাদি—দুঃখের সময় সাধারণতঃ দুরতিক্রম হইয়া অতীব দুঃখদায়ক হয়। তোমার বিরহ সময় বিশেষতঃ দুরতিক্রমণীয়। তুমি যখন দিবাভাগে········ নিশ্চয়ই জড়।

১৬ শ্লোক। "হে অচ্যুত "ইত্যাদি—তুমি আমাদিগের আগমনের কারণ বিদিত আছ। আমরা তোমার বেণুগীতে মোহিত হইয়া আত্মীয় স্বজন সমস্ত পরিত্যাগ করিয়া তোমার সমীপে আগমন করিয়াছি। যদি বল, আমি অপ্রচ্যুতস্বভাব, আমি আমার স্বভাব ত্যাগ করিতে পারিব না, তোমরা আমার নিকটে কেন আগমন করিলে? তাহার কারণত বলিলাম, আমরা ইচ্ছাপূর্ব্বক আসি নাই, তুমি আমাদিগকে নিজের মোহন মন্ত্র দ্বারা আকর্ষণ করিয়া আনিয়াছ। অতএব এই রাত্রিকালে আমাদিগকে ত্যাগ করা উচিত হইতেছে না।

১৭ শ্লোক। "তোমার নির্জ্জন প্রদেশের" ইত্যাদি—তোমার নির্জ্জন প্রদেশের রতিপ্রার্থনাব্যঞ্জক সম্ভাষণ, অস্মদবলোকনহেতুক কন্দর্পভাবোদয়, প্রকৃষ্টহাস্যযুক্ত বদন, প্রেমযুক্ত নিরীক্ষণ ও শোভাস্পদ বক্ষঃস্থল, এই পঞ্চ শর আমাদিগের নয়নরন্ধ্র দ্বারা হৃদয়ে প্রবেশ পূর্ব্বক তোমাতে স্পৃহারূপ উৎকণ্ঠাজ্বালা দ্বারা আমাদিগের বিরহব্যাকুল মনকে মূর্চ্ছিত করিতেছে।

১৮ শ্লোক। "হে কৃষ্ণ" ইত্যাদি—আমাদিগের হৃদ্রোগের প্রশমনকারী ঔষধ তোমার অবিদিত নহে। হে কৃষ্ণ, তোমার অবতার.........প্রদান কর।

১৯ শ্লোক। "হে প্রিয়" ইত্যাদি—যদি বল, আমি নিজস্থখে বনভ্রমণ করিতেছি, এখন আমার তোমাদিগের প্রার্থনা পূরণের অবসর নাই, তাহা বলিতে পার না; আমাদিগের আয়ু তোমারই অধীন। তোমার দুঃখ ভাবিয়া আমাদিগের প্রাণবায়ু বহির্গতপ্রায় হইয়াছে। হে প্রিয়, তোমার যে সুকুমার.........আমাদিগের জীবন।

দ্বাত্রিংশ অধ্যায়।

৪ শ্লোক। কোন গোপী—চন্দ্রাবলী। কেহ বা—শ্যামলা।

৫ শ্লোক। কোন্‌ গোপী—শৈব্যা। কেহ বা—পদ্মা।

৬ শ্লোক। কোন গোপী—শ্রীরাধা।

৭ শ্লোক। কোন গোপী—ললিতা।

৮ শ্লোক। কোন গোপী—বিশাখা।

৯ শ্লোক। গোপী সকল—ভদ্রাপ্রভৃতি গোপী সকল।

২২ শ্লোক। নিরুপাধিভজনপরায়ণা—নির্দ্দোষ-ভোজন পরায়ণা; নির্ম্মল-প্রেম-শালিনী।

গোপীদিগের শ্রীকৃষ্ণভজন আপাততঃ কামময় বলিয়া প্রতীয়মান হইলেও প্রকৃতপক্ষে কামময় নহে, পরন্তু নির্ম্মল প্রেমবিষয়ময়।

"প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথাম্।
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ॥"

গোপীগণের পবিত্র প্রেমই কাম এই আখ্যায় প্রসিদ্ধি লাভ করিয়াছে। এই নিমিত্ত ভগবৎপ্রিয় উদ্ধবাদি মহাত্মারাও ঐ প্রেম বাঞ্ছা করিয়া থাকেন।

শ্রীচৈতন্যচরিতামৃতে উক্ত হইয়াছে—

"গোপীগণের প্রেমের রূঢ়ভাব নাম।
শুদ্ধ নির্ম্মল প্রেম কভু নহে কাম॥"

বস্তুতঃ কাম ও প্রেম সম্পূর্ণ বিভিন্নলক্ষণাক্রান্ত। আত্মেন্দ্রিয়প্রীতি-বাঞ্ছার নাম কাম এবং কৃষ্ণেন্দ্রিয়প্রীতি বাঞ্ছার নাম প্রেম। কামের তাৎপর্য্য নিজসম্ভোগে, অপর প্রেমের তাৎপর্য্য কৃষ্ণসুখে। এই কৃষ্ণসুখের জন্য গোপীগণ লোকধর্ম্ম, বেদধর্ম্ম ও আত্মসুখে বিসর্জ্জন দিয়া তাঁহার সেবা করিয়া-

ছিলেন। গোপীদিগের নিজাঙ্গপ্রীতিও শ্রীকৃষ্ণের জন্য। প্রেমের উত্তরোত্তর পরিপাকে সাতটি অবস্থা হয়। ভালবাসার প্রথম অবস্থাই প্রেম। ঐ প্রেম যখন চিত্তকে দ্রবীভূত করিতে থাকে, তখন উহাকে স্নেহ বলা যায়। স্নেহ যখন পরিপক্ক হইয়া নূতন মাধুর্য্য আস্বাদন করাইবার নিমিত্ত কৌটিল্য ধারণ করে, তখন ঐ স্নেহকে মান বলা যায়। মান যখন বিশ্রম্ভ ধারণ করিয়া অর্থাৎ গৌরবরহিত হইয়া বিষয়াশ্রয়ের সর্ব্বথা একত্ব সাধন করে, তখন ঐ মানকে প্রণয় বলা যায়। প্রণয়ের উৎকর্ষে যখন চিত্তে অতিশয় দুঃখকেও সুখ বোধ হয়, তখন ঐ প্রণয়কে রাগ বলা যায়। রাগের পরিপাকই অনুরাগ। অনুরাগে সদানুভূত প্রিয় বস্তুও নিত্য নবীভূতের ন্যায় অনুভূত হইয়া থাকে। ঐ অনুরাগ আবার যখন যাবদাশ্রয়বৃত্তি হইয়া অর্থাৎ সীমান্তে যাইয়া স্বসম্বেদ্যদশা প্রাপ্ত হয়, অর্থাৎ নিজের বৃত্তিভূত উদ্দীপ্ত সাত্ত্বিকাদি ভাব সকল দ্বারা আপনাকে প্রকাশ করে, তখন উহাকে ভাব বলা হয়। এই ভাব ব্রজদেবীগণে আরম্ভ হইতেই দৃষ্ট হইয়া পরিশেষে মহাভাবরূপে পরিণত হইয়া থাকে। ব্রজদেবীগণের ভাবই মহাভাব। যে মহাভাবে সাত্ত্বিক ভাব সকল উদ্দীপ্ত হয়, তাহাকেই রূঢ় মহাভাব বলা যায়। রূঢ় মহাভাবে নিমেষমাত্র প্রিয়বিচ্ছেদের অসহিষ্ণুতা, স্বসংসর্গে অপরের হৃদয়বিলোড়ন, কল্পকাল অল্পকালের ন্যায় বোধ, প্রিয়ের সুখেও দুঃখবোধে খেদ, মোহাদির অভাবেও সর্ব্ববিস্মরণ, মুহূর্ত্তমাত্র কালকেও কল্পের ন্যায় বোধ প্রভৃতি লক্ষণসকল দৃষ্ট হইয়া থাকে।

গোপীপ্রেমের একটি অদ্ভুত স্বভাব এই যে, সুখের বাঞ্ছা নাই, অথচ সুখ নিয়ত বৃদ্ধি পাইয়া থাকে। গোপীপ্রেমের এই ভাবটি সাধারণ বুদ্ধির বেদ্য নহে।

শ্রীচৈতন্যচরিতামৃতে উক্ত হইয়াছে—

"আর এক অদ্ভুত গোপীভাবের স্বভাব।
বুদ্ধির গোচর নহে যাহার প্রভাব॥
গোপীগণ করে যবে কৃষ্ণদরশন।
সুখবাঞ্ছা নাহি সুখ হয় কোটিগুণ॥
গোপিকাদর্শনে কৃষ্ণের যে আনন্দ হয়।
তাহা হৈতে কোটিগুণ গোপী আস্বাদয়॥
তাঁসবার নাহি নিজ সুখ অনুরোধ।
তথাপি বাঢ়িল সুখ পড়িল বিরোধ॥
এ বিরোধের এক এই দেখি সমাধান।
গোপিকার সুখ কৃষ্ণসুখে পর্য্যবসান॥
গোপিকাদর্শনে কৃষ্ণের বাঢ়ে প্রফুল্লতা।
সে মাধুর্য্য বাঢ়ে যার নাহিক সমতা॥
আমার দর্শনে কৃষ্ণ পাইল এত সুখ।
এই সুখে গোপীর প্রফুল্ল অঙ্গ মুখ॥
গোপীশোভা দেখি কৃষ্ণের শোভা বাঢ়ে যত।
কৃষ্ণশোভা দেখি গোপীর শোভা বাঢ়ে তত॥
এই মত অন্যোন্যে পড়ে হুড়াহুড়ি।
অন্যোন্যে বাঢ়ে কেহ মুখ নাহি মুড়ি॥
কিন্তু কৃষ্ণের সুখ হয় গোপীরূপগুণে।
তাঁর সুখে সুখবৃদ্ধি হয় গোপীগণে॥
অতএব সেই সুখে কৃষ্ণসুখ পোষে।
এই হেতু গোপীপ্রেমে নাহি কামদোষে॥
আর এক গোপীপ্রেমের স্বাভাবিক চিহ্ন।
যে প্রকারে হয় প্রেম কামগন্ধহীন॥

গোপীপ্রেমে করে কৃষ্ণমাধুর্য্যের পুষ্ট।
মাধুর্য্য বাড়ায় প্রেম হইয়া সন্তুষ্ট॥
প্রীতিবিষয়ানন্দে তদাশ্রয়ানন্দ।
তাঁহা নাহি নিজসুখ বাঞ্ছার সম্বন্ধ॥
নিরুপাধি প্রেম যাঁহা তাঁহা এই রীতি।
প্রীতিবিষয়সুখে আশ্রয়ের প্রীতি॥
নিজ-প্রেমানন্দে কৃষ্ণসেবানন্দ বাধে।
সে আনন্দের প্রতি ভক্তের হয় মহাক্রোধে॥"

ত্রয়ত্রিংশ অধ্যায়।

৩ ও ৪ শ্লোকে শ্রীকৃষ্ণের অদ্ভুত যোগৈশ্বর্য্য প্রকাশ হইয়াছে। প্রত্যেক গোপীই মনে করিতেছেন, শ্রীকৃষ্ণ তাঁহার স্কন্ধে করস্থাপনপূর্ব্বক তাঁহারই পার্শ্বে থাকিয়া তাঁহারই সহিত নৃত্য করিতেছেন। শ্রীকৃষ্ণ কেবল তাঁহারই সমীপে থাকিয়া কেবল তাঁহারই সহিত নৃত্য করিলেও যে তাঁহাকে অনেকের সমীপে থাকিয়া অনেকেরই সহিত নৃত্য করিতে দেখা যাইতেছে, সে কেবল তাঁহার নৃত্যকৌশল মাত্র। তিনি এক এবং একস্থানে থাকিলেও তাঁহার অত্যদ্ভুত নৃত্যকৌশল বশতঃ তাঁহাকে অনেকত্র প্রকাশিত দেখা যাইতেছে। বস্তুতঃ শ্রীকৃষ্ণ, দেশ কাল ও বস্তু দ্বারা পরিচ্ছেদ রহিত বলিয়াই তিনি একই হইলেও ইচ্ছানুসারে অনেকত্র প্রকাশ হইতে পারেন। দেশ কাল ও বস্তু দ্বারা পরিচ্ছেদ বিশিষ্ট প্রাকৃতিক পদার্থের ঐরূপ প্রকাশ সম্ভব হয় না। দেশ কাল ও বস্তু দ্বারা পরিচ্ছেদ বিশিষ্ট প্রাকৃতিক পদার্থের বরং তদ্বিপরীত ভাবই দেখা যায়। দেশ কাল ও বস্তু দ্বারা পরিচ্ছেদ বিশিষ্ট প্রাকৃতিক পদার্থ সকল

একমাত্র আধারসূত্রে আবদ্ধ থাকায় উহাদের একের অনেকত্র প্রকাশের পরিবর্ত্তে অনেকেরই একত্ব অনুভূত হইয়া থাকে। অলাতচক্র ও জলপ্রবাহ উহার উৎকৃষ্ট দৃষ্টান্ত। আমরা কোন একটি জ্বলন্ত দণ্ড ঘুরাইলে একটি মণ্ডলাকার চক্রাকার জ্বলন্ত রেখা দেখিতে পাই। বাস্তবিক চক্রাকার জ্বলন্ত রেখা নাই। জ্বলন্ত দণ্ডটি দ্রুত ভ্রামিত হওয়ায় দর্শকের অতীতের স্মৃতি ও বর্ত্তমানের ধারণা একত্র মিলিত হইয়াই উক্ত চক্রাকার রেখারূপে অনুভূত হয়। জলপ্রবাহ সম্বন্ধেও ঐ একই কথা। আমার পূর্ব্বদৃষ্ট জলপ্রবাহের স্মৃতির সহিত পশ্চাৎ দৃষ্ট জলপ্রবাহের মিলনে এক অখণ্ড প্রবাহের অনুভব হয়। বস্তুতঃ প্রাকৃতিক পদার্থমাত্রই ঐরূপ। এই জগতে আমরা দ্রুত সঞ্চরণশীল কতকগুলি অবয়বের সমবায়ে একটি অবয়বী বস্তু অনুভব করিয়া থাকি। যোগীর কায়ব্যূহ অবশ্য একটিই অনেকটি হইয়া প্রকাশ পায়। কিন্তু যোগীর কায়ব্যূহে ও শ্রীভগবানের প্রকাশমূর্ত্তিতে প্রভেদ আছে। যোগীর কায়ব্যূহে পূর্ব্বাপরীভাব লক্ষিত হয়, শ্রীভগবানের প্রকাশমূর্ত্তিতে তাহা হয় না। শ্রীভগবানের প্রকাশমূর্ত্তি সকল যুগপৎ প্রকাশ পাইয়া থাকে। এই নিমিত্তই শ্রীভগবানের প্রকাশ যোগিগণকেও মোহিত করে। শ্রীভগবানের প্রকাশ যোগিগণকেও মুগ্ধ করে বলিয়াই এইস্থলে শ্রীকৃষ্ণকে যোগেশ্বর বলা হইয়াছে।

১০ শ্লোক। উন্নয়ন—উৎকৃষ্টরূপে আলাপ। কোন গোপী—ললিতা। অন্য কোন গোপী—বিশাখা।

১১ শ্লোক। কোন গোপী—শ্রীরাধিকা।

১২ শ্লোক। কোন এক গোপী—শ্যামলা।

১৩ শ্লোক। কোন গোপীকে—শৈব্যাকে।

১৪ শ্লোক। কোন গোপী—চন্দ্রাবলী, পদ্মা ও ভদ্রা।

১৫ শ্লোক। গোপী-সকল—অপরাপর গোপী সকল।

১৭ শ্লোক। "এইরূপে রমাপতি" ইত্যাদি—বালক যেমন নিজের মুখমাধুরী প্রভৃতি স্বচ্ছবস্তুতে পতিত স্বীয় প্রতিবিম্ব দ্বারা অনুভব করে, শ্রীকৃষ্ণও তদ্রূপ নিজের স্বরূপ-শক্তির অধিষ্ঠাত্রীরূপিণী গোপীদিগের চিত্তবৃত্তিতে প্রতিফলিত নিজশক্তিরূপ শ্রীবিগ্রহের মাধুরী অনুভব করিতে লাগিলেন।

২৮ শ্লোক। এই শ্লোকেই রাসলীলা শেষ হইল। রাসলীলায় নিম্নলিখিত কয়েকটী ক্রীড়া সম্পাদিত হইয়া থাকে।

বংশীসংজল্পিতমনু রতং রাধয়ান্তর্দ্ধিকেলিঃ
প্রাদুর্ভূর্য়াসনমধিপটং প্রশ্নকূটোত্তরঞ্চ।
নৃত্যোল্লাসঃ পুনরপি রহঃক্রীড়নং বারিখেলা।
কৃষ্ণারণ্যে বিহরণমিতি শ্রীমতী রাসলীলা॥"

প্রথমতঃ বংশীগান, পরে গোপাঙ্গিনাদিগের সহিত শ্রীকৃষ্ণের কথোপকথন, রমণ, শ্রীরাধার সহিত অন্তর্ধানকেলি, শ্রীকৃষ্ণের প্রাদুর্ভাব, গোপীদত্ত উত্তরীয়াসনে উপবেশন, কূটপ্রশ্ন ও তাহার উত্তর, নৃত্যোল্লাস, পুনর্ব্বার রহস্য-ক্রীড়া, জলক্রীড়া ও যমুনোপবনে বিহার।

২৮ শ্লোক। শ্রীকৃষ্ণ ধর্ম্মের বক্তা, কর্ত্তা ও রক্ষিতা হইয়াও অধর্ম্মের বক্তা, কর্ত্তা ও স্থাপয়িতা হইলেন, ইহাই ভবদুক্ত রাসলীলাতে দৃষ্ট হইতেছে। তিনি গোপনে পরদার ভজনার কথা বলিয়া অধর্ম্মের বক্তা, পরদার রমণ দ্বারা অধর্ম্মের কর্ত্তা ও পুনঃ পুনঃ তাদৃশ আচরণ দ্বারা অধর্ম্মের স্থাপয়িতা হইলেন, ইহাই দেখা যাইতেছে।

২৯ শ্লোক। এইরূপ কর্ম্ম কামী পুরুষেরাই করিয়া থাকে,

আপ্তকাম শ্রীকৃষ্ণের পক্ষে এরূপ কর্ম্ম-সম্ভব হয় না। সম্ভব না হইলেও, তিনি যখন এইরূপ কর্ম্ম করিয়াছেন, তখন অবশ্য এইরূপ কর্ম্ম-করিবার পক্ষে বিশেষ কোন অভিপ্রায় আছে। ঐ অভিপ্রায় কি? তাহা বলুন।

৩ শ্লোক। শুকদেব বলিলেন, রাজন্, ভগবান্ শ্রীকৃষ্ণের ঐরূপ আচরণের অভিপ্রায় কি, তাহা পরে বলিতেছি। বলিবার পূর্ব্বে দুই একটি অপর কথা বলার প্রয়োজন, অতএব অগ্রে তাহাই বলিতেছি। শ্রীকৃষ্ণ যে কেন ঐরূপ আচরণ করিয়াছিলেন, তাহা বিদিত হইবার পূর্ব্বে ঐরূপ আচরণ যে আমাদের আচরণীয় নহে, তাহা বিদিত হওয়া উচিত। শ্রীকৃষ্ণ ঈশ্বর, কর্ম্মের নিয়ন্তা, কর্ম্ম-পারতন্ত্র্য-রহিত। তিনি কর্ম্মের অধীন নহেন বলিয়া তাঁহার কর্ম্ম তাঁহার পক্ষে ক্ষতিকর হয় না। যাঁহারা কর্ম্মপরবশ, তাঁহাদের কর্ম্ম তাঁহাদের পক্ষে হয় ক্ষতিকর না হয় বৃদ্ধিকর হইয়া থাকে। সর্ব্বভুক্ বহ্নি যে কোন বস্তু ভোজন করুন, সকলই ভস্মীভূত হইয়া যায়। তেমনি জ্ঞানাদিশক্তিতে তেজীয়ান্ ব্যক্তি সকল কর্ম্ম করিয়াও নির্দোষ ও নিষ্পাপ থাকিতে পারেন।

৩১ শ্লোক। অতএব আমাদিগের ন্যায় কর্ম্মাধীন জীবের পক্ষে ঐরূপ কর্ম্ম মনেও আচরণীয় হইতে পারে না। মহাদেব সমুদ্রমন্থনোত্থ বিষ পান করিয়াছিলেন শুনিয়া আমি কি বিষপানে প্রবৃত্ত হইতে পারি? যদি কেহ কখন মূঢ়তা বশতঃ লোক-বেদ-বিরুদ্ধ কর্ম্মের আচরণে প্রবৃত্ত হয়েন, তিনি ইহলোকে উপহাসাস্পদ ও নিন্দনীয় এবং পরলোকে দণ্ডিত হইবেন, ইহা স্থির।

৩২ শ্লোক। যিনি বুদ্ধিমান্ হইবেন, তিনি কখনই তেজীয়ান্ ঈশ্বরদিগের আচরণ দেখিয়া তাহার অনুকরণ করিতে

যাইবেন না, পরন্তু তাঁহারা আমাদিগকে যাহা করিতে উপদেশ করিবেন, তাহাই করিতে চেষ্টা করিবেন।

৩৩ শ্লোক। জ্ঞানাদিশক্তিসমন্বিত তেজীয়ান্ পুরুষেরা লোকশিক্ষার নিমিত্ত যে কিছু কর্ম্ম করেন, তাহার ফলে তাঁহাদিগকে স্বর্গ বা নরক উভয়ই ভোগ করিতে হয় না।

৩৪ শ্লোক। সাধারণ তেজীয়ান্ পুরুষের পক্ষেই যখন এই কথা, তখন সর্ব্বপ্রাণীর নিয়ন্তা শ্রীকৃষ্ণের পক্ষেত কথাই নাই।

৩৫ শ্লোক। শ্রীকৃষ্ণের জন্মকর্ম্মাদি দৈবাধীন নহে, তাঁহার স্বেচ্ছাধীন।

৩৬ শ্লোক। তিনি সর্ব্বভূতের অন্তর্যামী পরমাত্মা। তিনি গোপী ও তৎপতিদিগেরও পতি। অতএব তাঁহার পক্ষে পরদারই অসম্ভব। গোপীগণ যদি তাঁহার পরদার না হইয়া স্বদার হইলেন, তবে গোপীরমণে তাঁহার দোষও হইতে পারিল না। যদি কেহ বলেন,—পরমার্থ দৃষ্টিতে দোষ না হইলেও, লোকদৃষ্টিতে দোষ হইতেছে; কারণ, লোকতঃ গোপীগণ শ্রীকৃষ্ণের পরদার বলিয়াই বিদিত, স্বয়ং গোপীরা ও গোপেরাই তদ্বিষয়ে প্রমাণ; গোপীরা আপনাদিগকে শ্রীকৃষ্ণের পরদার বলিয়াই মনে করিতেন এবং গোপীদিগের পতিরাও গোপীদিগকে আপনাপন পরিণীতা পত্নী বলিয়াই মনে করিতেন—তদুত্তরে বক্তব্য এই যে, গোপীগণ লোকতঃ শ্রীকৃষ্ণের পরদার বলিয়াই খ্যাত, ইহা অস্বীকার করিবার সাধ্য নাই, কিন্তু তা বলিয়া শ্রীকৃষ্ণের গোপীরমণ যে কোন অংশে দূষণীয়, তাহা স্বীকার করা যায় না। দোষ কাহাকে বলে? কোন্ কর্ম্মকে দুষ্ট বলা যায়? ফল দেখিয়াই দোষাদোষ বিচারিত হয়। যাহার ফল মন্দ, তাহাই দোষ। যে

কর্ম্মের ফল ক্ষতিকর, তাহাকেই দুষ্য বলা যায়। যে কর্ম্ম আচরণকর্ত্তার, যাঁহার প্রতি আচরিত হয় তাঁহার, তদনুমোদনকর্ত্তার, দর্শকের ও শ্রোতার অথবা ইহাঁদের মধ্যে একতরের ক্ষতিকর হয়, সেই কর্ম্মকেই দুষ্য কর্ম্ম বলা হইয়া থাকে। বিচার্য্য গোপীরমণকর্ম্মের কর্ত্তা শ্রীকৃষ্ণ, কর্ম্ম গোপীগণ, অনুমোদয়িতা লীলাপরিকর সকল, দ্রষ্টাও লীলাপরিকর সকল এবং শ্রোতা উদ্ধবাদি ভক্তবর্গ এবং শিশুপালাদি অভক্তবর্গ। শ্রীকৃষ্ণের গোপীরমণকর্ম্ম এই চারিশ্রেণীর লোকের মধ্যে কাহারও কোনরূপ ক্ষতিকর হইয়াছিল, এরূপ শুনা যায় না। শ্রীকৃষ্ণের গোপীরমণকর্ম্ম উক্ত চারিশ্রেণীর মধ্যে কাহারও কোনরূপ ক্ষতিকর হয় নাই, ইহা স্থির। শ্রীকৃষ্ণ গোপীদিগের পরমার্থতঃ পতি হইলে, উক্ত কর্ম্ম পরমার্থতঃ কাহারও কোনরূপ ক্ষতিকর হইতে পারে না, তাহা অবশ্য স্বীকার্য্য। আবার যাহা পরমার্থতঃ ক্ষতিকর হয় না, তাহা লোকতও ক্ষতিকর হইতে পারে না। যদি বলেন,—পরমার্থদর্শীর পক্ষে লোকতও ক্ষতিকর না হইতে পারে, কিন্তু লোকার্থদর্শীর পক্ষে লোকতঃ ক্ষতিকর হওয়াই সম্ভব, এবং সম্ভাবনা করিবার পক্ষে যুক্তিও দেখা যায়; কারণ, অনেক গোপগোপীর চক্ষে তাদৃশ আচরণ দুষ্য বলিয়াই দৃষ্ট হইয়াছিল, তৎপক্ষে প্রমাণের অসম্ভাবনা নাই,—তাহা বলিতে পারেন না। শ্রীকৃষ্ণের গোপীরমণকর্ম্ম অনেক গোপগোপীর দৃষ্টিতে দুষ্য বলিয়াই অনুভূত হইত, একথা সত্য; কিন্তু তাঁহাদিগের তাদৃশ অনুভবের স্থায়িত্ব স্বীকৃত হয় না। কখন কোন গোপ বা গোপী শ্রীকৃষ্ণের উক্ত কর্ম্ম দুষ্য বলিয়া বোধ করিলেও, তৎপরক্ষণেই তাঁহার উক্ত বোধ অন্তর্হিত হইয়া যাইত, এইরূপই শুনা যায়। রসোল্লাস সাধনার্থ গোপীদিগের পরকীয়াত্ব

প্রত্যায়িত করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণের যোগমায়া ঐ সকল গোপগোপীর চক্ষে ঐ ভাব দূষ্য বলিয়া প্রতীত করাইয়া তৎপরক্ষণেই তাঁহাদিগের মন হইতে উক্ত ভাবের অপনয়ন করিতেন। যদি কোন অজ্ঞ পুরুষ কোন চিকিৎসককে কাহারও বিস্ফোটকে অস্ত্রচালনা করিতে দেখিয়া চিকিৎসকের উক্ত অস্ত্রচালনরূপ কর্ম্মকে সদোষ বলিয়া ভাবেন, বস্তুতঃ উহা কি সদোষ বলিয়া সিদ্ধান্তিত হইবে? যোগমায়ায় মোহিত হইয়া যদি কখন কোন গোপ বা গোপী শ্রীকৃষ্ণের গোপীরমণাদি কর্ম্ম সদোষ বলিয়াও ভাবিয়া থাকেন, তাহাতে উহা সদোষ হইতেছে না, কারণ, তাঁহাদিগের তাদৃশী ভাবনা তৎপরক্ষণেই অন্তর্হিত হইয়া যাইত। রসপুষ্টির জন্য যে যোগমায়া ঔপপত্য ভাব দ্বারা গোপীদিগের স্বাভাবিক দাম্পত্যকে আচ্ছাদিত করিয়া দিতেন, তিনিই গোপগোপীদিগের চিত্তে দোষোদ্ভাবন পূর্ব্বক তৎপরক্ষণেই উক্ত দোষের অপনয়ন করিতেন। গোপগোপীগণ যোগমায়ায় মোহিত হইয়া শ্রীকৃষ্ণের আচরণ সকল কখন সদোষ কখন নির্দ্দোষ এইরূপই বিবেচনা করিতেন। গোপীদিগের কি বিবাহ, কি গৃহাবস্থান, কি বনগমন, কি কুঞ্জমিলন, সকল অবস্থাতেই যোগমায়াকৃত অদ্ভুত সমাধানের কথা শ্রবণ করা যায়। নিত্যসিদ্ধ গোপীগণ যোগমায়া-কল্পিত-নিজ-প্রতিবিম্ব-স্থানীয়া অপর গোপীতে একীভূত হইয়াই গোপান্তরের সহিত পরিণীত হইয়াছিলেন। তাঁহারা তদ্রূপেই গৃহে অবস্থান করিতেন। তাঁহারা যখন কুঞ্জে শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইতেন, তখন তাঁহাদিগের সেই যোগমায়াকল্পিত প্রতিবিম্বই পতিপার্শ্বে অবস্থান করিতেন। আবার কখন কোন নিত্যসিদ্ধা গোপী শ্রীকৃষ্ণের সহিত সম্মিলিত হইলে, তাঁহার পতি বা গুরুজন তাঁহাকে গৃহে না

পাইয়া তাঁহার ও শ্রীকৃষ্ণের চরিত্র সম্বন্ধে আশঙ্কিত হইতেন বটে, কিন্তু যোগমায়া রসাপোষণরূপ প্রয়োজন বিশেষের সাধনার্থ প্রথমতঃ ঐপ্রকার ঘটনা উপস্থাপিত করিয়া প্রয়োজন সাধনের পরক্ষণেই উহার এমনই অদ্ভুত সমাধান করিতেন যে, ঐ পতি বা গুরুজন আপনাদিগের ভ্রম বুঝিয়া মোহ বুঝিয়া লজ্জিত হইতেন, উক্ত গোপীর বা শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করিবার সুযোগ বা অবসরও পাইতেন না। এইত গেল, পরিকরদিগের কথা। পরিকরগণ মায়ামোহিত বা বা ভক্ত বলিয়া, তাঁহাদিগের কথা ছাড়িয়া দিলেও শ্রীকৃষ্ণ-চরিত্র সর্ব্বতোভাবেই নিশ্ছিদ্র ও নিষ্কলঙ্ক থাকে। দেশ কাল ও পাত্র বিচার করিয়া তাৎকালিক দর্শক ও শ্রোতা মাত্রই শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনীয় লীলাতে দোষারোপ বিষয়ে পরাঙ্মুখ হইতেন। শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দাবনে একাদশ বৎসর বয়স পর্য্যন্ত অবস্থান করেন। এই নিমিত্ত কেহ কখন শ্রীকৃষ্ণের বৃন্দাবনের চরিত্রে কলঙ্কারোপ করিতে সাহস করেন নাই। অন্যের কথা দূরে থাকুক, দুরাত্মা শিশুপাল রাজসূয় যজ্ঞের সভাস্থানেও অপরাপর দোষারোপের সহিত শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনীয় চরিত্রের দোষোল্লেখে সাহস করে নাই। অপর কেহ যে করিয়াছিল, তাহাও শুনা যায় না। বরং অনেকেই শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনীয় চরিত্রের প্রশংসা করিয়াছেন, ইহাই শুনা যায়। দেশ কাল পাত্র বিচারে শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনীয় চরিত্র ভক্তাভক্ত সাধারণ দ্রষ্টৃশ্রোতৃবর্গের দৃষ্টিতে দোষ বলিয়া প্রতিভাত না হইলেও, শ্রীবৃন্দাবনীয় লীলাপরিকরবর্গের দৃষ্টিতে দোষ বলিয়া প্রতিভাত হইবার কারণ যোগমায়া। অঘটনঘটনাপটীয়সী যোগমায়াই এই অঘটন ঘটাইতেন, রসপোষণের নিমিত্তই যোগমায়ার এই অঘটনঘটন জানিতে হইবে।

৩৭ শ্লোক। বস্তুতঃ ভগবান্ শ্রীকৃষ্ণ আপ্তকাম হইয়াও ভক্তবর্গের প্রতি অনুগ্রহ প্রকাশের নিমিত্তই মনুষ্যশরীর প্রকটন পূর্ব্বক বিবিধ নরলীলা বিস্তার করিয়া থাকেন। সচ্চিদানন্দময় শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তিও সচ্চিদানন্দময়ী। তাঁহার সচ্চিদানন্দময়ী শক্তির অধিষ্ঠাত্রীরূপা শ্রীরাধা ও তাঁহার কায়-ব্যূহরূপিণী গোপীগণের শ্রীমূর্ত্তিও তাদৃশী। কি শ্রীকৃষ্ণ কি গোপীগণ সকলেরই শরীর অপ্রাকৃত, স্থূলত্বাদিবর্জ্জিত। লীলার নিমিত্ত অপ্রাকৃত শরীর প্রাকৃতের ন্যায় প্রতিভাত হইয়া থাকে। অতএব স্থূলদৃষ্টিতে কখনও কাহারও পক্ষে নিন্দ-নীয়রূপে প্রতীত হইলেও, রাসলীলা শ্রবণে, মুক্ত ও মুমুক্ষুর কথা দূরে থাকুক, বহির্মুখ বিষয়ী পর্য্যন্ত সকলকেই ভগবৎপরায়ণ করিয়া দেয়।

৩৮ শ্লোক। ব্রজবাসীরাই যখন শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করিতেন না, তখন অন্যের অসূয়ার অবসর কোথায়? যাহাদের অসূয়া করিবার কথা, সেই গোপগণই শ্রীকৃষ্ণের মায়ায় মোহিত হইয়া যখন নিজ নিজ স্ত্রীদিগকে নিজ নিজ পার্শ্বেই দেখিয়া শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করিতেন না, তখন আপামর সাধারণের শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করিবার সম্ভাবনাই দেখা যায় না। তথাপি যদি কোন স্থূলদৃষ্টি হতভাগ্য পুরুষ শ্রীকৃষ্ণচরিত্রে দোষারোপ করিতে প্রয়াসী হয়েন, তিনি যে শাস্ত্রদর্শী নহেন, অবশ্য স্বীকার্য্য। যে শাস্ত্র শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনলীলা প্রচার করিতেছেন, সেই শাস্ত্রই বলিতেছেন, শ্রীকৃষ্ণ একাদশ বৎসর পরেই শ্রীবৃন্দাবন হইতে মথুরায় গমন করেন। অতএব শাস্ত্রানুসারে শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনীয় চরিত্রে দোষা-রোপের সুযোগ দেখা যায় না। পরমার্থদৃষ্টিতেও শ্রীবৃন্দাবনীয়া লীলা পরমরমণীয়া। উক্ত হইয়াছে—

"আরাধ্যো ভগবান্‌ ব্রজেশতনয়স্তদ্ধাম বৃন্দাবনং
রম্যা কাচিদুপাসনা ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শাস্ত্রং ভাগবতং প্রমাণমমলং প্রেমা পুমর্থো মহান্‌
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং তত্রাদরো নঃ পরঃ॥"

ভগবান্‌ ব্রজেন্দ্রনন্দন আরাধ্য তত্ত্ব; তাঁহার ধাম শ্রীবৃন্দাবন; ব্রজদেবীগণ কর্ত্তৃক কল্পিত উপাসনাই শ্রেষ্ঠ উপাসনা; শ্রীমদ্ভাগবত শাস্ত্র নির্দ্দোষ প্রমাণ; প্রেমই পরম পুরুষার্থ; ইহাই শ্রীচৈতন্য মহাপ্রভুর মত এবং এবং এই মতেই আমাদিগের পরমাদর।

সম্পূর্ণ।